আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

বাংলা পড়েও আমরা কেন বাংলা শিখছি না

তারিক মনজুর: স্কুল ও কলেজ পর্যায়ে অন্তত ১২ বছর বাংলা পড়ানো হয়। এরপর বিশ্ববিদ্যালয় পর্যায়ে আরও চার থেকে পাঁচ বছর বাংলা পড়ার সুযোগ রয়েছে। জীবনের দীর্ঘ পরিসরজুড়ে **(বাকি অংশ ১১ পাতায়)**

২৮ বছরে

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ ॥ সংখ্যা ২১ ॥ সোমবার ॥ ফাল্গুন ৬ ॥ ১৪৩০ ॥ শাবান ০৯ ॥ ১৪৪৫ ॥ Vol. 28 ॥ Issue 21 ॥ February 19 ॥ 2024 ॥ USA. **FREE** in NY, Other State **$1**


আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

৮০% আমেরিকানের শরীরে প্রজনন অক্ষমতার কেমিক্যাল!

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের নতুন একটি গবেষণা বলছে এদেশের ৮০ শতাংশ মানুষই এমন সব কেমিক্যালের সংস্পর্শে এসেছে যা তাদের মধ্যে প্রজনন অক্ষমতা বাড়ায়। গম-জাতীয় খাদ্যে এই কেমিক্যালের সন্ধান মিলেছে। বিশেষ করে চিয়ারিওস ও কোয়াকার ওটসের কথা উল্লেখ করা হয়েছে এই গবেষণায়। তাতে বলা হয়েছে এতে প্রজনন সক্ষমতা ও স্বাস্থ্যউন্নয়ন ব্যহত হয়। এনভায়রনমেন্টাল ওয়ার্কিং গ্রুপ (ইডব্লিউজি) এই গবেষণা চালিয়েছে। তারা এতে দেখতে পেয়েছে প্রতি ৫ জনের ৪ জন কিংবা ৮০ শতাংশ আমেরিকানের শরীরে এমন ক্ষতিকর কেমিক্যালের সন্ধান মিলেছে, যা তাদের ফার্টিলিটি কমিয়ে দেয়। এতে শারীরিক বৃদ্ধি ও শরীরে বয়ঃসন্ধিকাল আসা বিলম্বিত হয়। ক্লোরমেকোয়াট নামের একটি বিষাক্ত কৃষি কেমিক্যাল যা কৃষি উৎপাদনে ব্যবহৃত হয়, সেটাই এই পরিস্থিতির কারণ, বলছে ইডব্লিউজি। সংস্থাটি আরও বলেছে, পরীক্ষায় ২০১৭, ২০২২ ও ২০২৩ সালে দেখা গেছে পূর্ববর্তী পরীক্ষার ফলের চেয়ে অপেক্ষাকৃত পরবর্তী পরীক্ষায় বেশি হারে কেমিক্যালটির উপস্থিতি রয়েছে। তারা বলছেন, এই অনুপাত আরও বাড়তে পারে। **(বাকি অংশ ২০ পাতায়)**

ঋণ জালিয়াতি দায়ে প্রায় ৩৫ কোটি ডলার জরিমানা ট্রাম্পের



বাংলা পত্রিকা রিপোর্ট: জালিয়াতি করে ঋণদাতার কাছে নিজের সম্পদের মূল্য বাড়িয়ে দেখানোর অভিযোগে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে ৩৫ কোটি ৪৯ **(বাকি অংশ ১১ পাতায়)**

যুদ্ধে গেলো আরও ৯৫ বিলিয়ন ডলার

যুক্তরাষ্ট্রের শিক্ষা-আবাসন স্বাস্থ্য অবহেলায়



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র সিনেটে সম্প্রতি পাস হওয়া বৈদেশিক সহায়তা বিল নিয়ে কঠোর সমালোচনার মুখে বাইডেন প্রশাসন। দেশের শিক্ষাবিদ, রাজনীতিবিদসহ বিশিষ্টজনদের অভিযোগ, শিক্ষা, আবাসনসহ গুরুত্বপূর্ণ বিভিন্ন খাতকে অবহেলিত রেখে অস্ত্র ও বিভিন্ন দেশের যুদ্ধের জন্য বরাদ্দ করা রীতিমতো উদ্বেগজনক। এরই মধ্যে গত ১৩ ফেব্রুয়ারী মঙ্গলবার ইউক্রেন, ইসরায়েল ও তাইওয়ানকে সহায়তার জন্য ৯৫ বিলিয়ন (সাড়ে ৯ হাজার কোটি ডলার) ইউএস ডলারের একটি বিল অনুমোদন দেয় সিনেট। যদিও **(বাকি অংশ ১২ পাতায়)**

যুক্তরাষ্ট্রের আশঙ্কা মহাকাশে আনবিক বোমা পাতছে রাশিয়া

বাংলা পত্রিকা ডেস্ক: সাম্প্রতিক সময়ে রাশিয়ার পক্ষ থেকে অতি গোপণে মহাকাশে বেশ কয়েকটি সামরিক স্যাটেলাইট পাঠানোর তথ্য মিলছে। ২০২২ সালের গোড়ার দিকে ইউক্রেন যুদ্ধের শুরুর দিকটাতেই রাশিয়া এই অভিযানগুলো**(বাকি অংশ ১১ পাতায়)**

নব্য ইমিগ্র্যান্টরাই ধন্যবাদ পাবার যোগ্য

আমেরিকা অর্থনীতির সফট ল্যান্ডিং

বাংলা পত্রিকা রিপোর্ট: চলতি বছরের জানুয়ারীতে যুক্তরাষ্ট্রের মূল্যস্ফীতি ৩.১ শতাংশে নেমে এসেছে। ২০২২ এর মাঝামাঝিতে যা সর্বোচ্চ ৯.১ শতাংশে উঠেছিলো। অর্থনীতি তার মধ্য আকাশে যে বিপাকে পড়ে ছিলো তা কাটিয়ে একটা সফট ল্যান্ডিং করতে পেরেছে এটাই বলছেন বিশ্লেষকরা। কোভিড-উত্তর কালে এটাই যুক্তরাষ্ট্রের এখন পর্যন্ত বড় অর্জন। কিন্তু কিভাবে সম্ভব হলো এই সফট ল্যান্ডিং। বিশ্লেষকরা বলছেন এ জন্য বড় অবদানটি রেখেছেন অভিবাসীরা। আর এ জন্য যুক্তরাষ্ট্রের উচিত অভিবাসীদের ধন্যবাদ দেওয়া। ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচন সামনে রেখে মূল্যস্ফীতিতে স্বাভাবিকতা ফেরা জরুরি ছিলো। যুক্তরাষ্ট্রের অর্থনীতি এখন **(বাকি অংশ ২০ পাতায়)**

ফেসবুকসহ স্যোসাল মিডিয়ার পাঁচটি প্ল্যাটফরমের বিরুদ্ধে মামলা নিউইর্য়ক সিটির

বাংলা পত্রিকা রিপোর্ট: তরুনদের মানসিক স্বাস্থ্য সংকটের অভিযোগে ৫ টি সামাজিক যোগাযোগ মাধ্যমের বিরুদ্ধে মামলা দায়ের করেছে নিউইয়ক সিটি কর্তৃপক্ষ। **গত ১৪ ফেব্রুয়ারী** বুধবার এক বিবৃতিতে মেয়র **(বাকি অংশ ১২ পাতায়)**

গ্রামীণ ব্যাংকের ৮ অভিযোগের যে জবাব দিয়েছে ইউনূস সেন্টার

ঢাকা ডেস্ক: গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান এ কে এম সাইফুল মজিদের দেওয়া বক্তব্যের প্রতিবাদ জানিয়েছেন ইউনূস সেন্টার। রোববার (১৮ ফেব্রুয়ারী) গণমাধ্যমে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ প্রতিবাদ জানায়। একইসঙ্গে গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যানের বক্তব্য তুলে ধরে নিজেদের **(বাকি অংশ ০৭ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com



নিউইয়র্কের থার্ড কংগ্রেসনাল ডিস্ট্রিক্ট নির্বাচন

জয় পেলেন ডেমোক্র্যাট প্রার্থী টম সোয়াজি

বাংলা পত্রিকা রিপোর্ট: ইউএস কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদের একটি বিশেষ আসনে বিজয়ী **(বাকি অংশ ১২ পাতায়)**

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmacreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CHISHTI CPA PC
Mohammed Chishti
CPA, MBA
চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Income Tax · Sales Tax · Payroll · Notary Public · Bookkeeping · Business Formation · Financial Statement · Immigration Forms
73-19 BROADWAY, JACKSON HEIGHTS, NY 11372
917-832-7785, 347-515-3858
chishti@chishtiaccounting.com
www.chishtiaccounting.com

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

Tax & Consulting Services

for Individual and Businesses

Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Southeast USA Group Inc

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com

Aasha Home Care

CDPAP and Home Care Services

সফলতার ৬ বছরে আশা হোম কেয়ার ও
আশা সোসাল এডাল্ট ডে কেয়ার

Celebrating Successful

6 YEARS

of

Aasha Home Care &
Aasha Social Adult Day Care

CDPAP/ HHA/ PCA/ LN/RN

23 February, 2024 Friday

EVENING 6:00 PM

World's Fair Marina Banquet
1 Marina Rd, Queens, NY 11368

To RSVP or FOR ANY QUESTIONS CALL:

(646) 744-5934 - (716) 772-9243

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

নিউইয়র্কে স্বাস্থ্যসেবায় ক্যারিয়ার গড়তে নতুন স্কুল খোলার ঘোষণা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের শিক্ষার্থীদের স্বাস্থ্যসেবায় ক্যারিয়ার গড়তে ৫ টি নতুন হাই স্কুল খোলার ঘোষণা দিয়েছেন স্কুল চ্যান্সেলর ডেভিড ব্যাঙ্কস। গত ১৫ ফেব্রুয়ারী বৃহস্পতিবার লং আইল্যান্ড সিটিতে এক সংবাদ সম্মেলনে তিনি এই ঘোষনা করেন। ডেভিড ব্যাঙ্কস বলেন, নতুন স্কুলগুলোকে ক্যারিয়ার ফোকাসড হাই স্কুল হিসেবে তৈরি করা হবে। এতে প্রায় ৯০০ শিক্ষার্থী একই সময়ে শিক্ষা গ্রহণ করতে পারবে। ডায়াগনস্টিক মেডিসিন, ফিজিক্যাল থেরাপি, মানসিক স্বাস্থ্য এবং নার্সিং এই ৪ টি ক্ষেত্রে শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি ইন্টার্নশীপের সুযোগ দেওয়া হবে। আগামী বছর অথবা ২০২৬ এর মধ্যে স্কুলগুলোর কার্যক্রম শুরু হবে বলে জানা গেছে।





জ্যামাইকায় বিএনপি'র কর্মী সভা অনুষ্ঠিত

নিউইয়র্ক: জ্যামাইকার স্টার কাবাব রেস্টুরেন্টে নিউইয়র্ক মহানগর দক্ষিন বিএনপির কুইন্সের জ্যামাইকা শাখার কমিটি গঠনের লক্ষ্যে গত ১১ ফেব্রুয়ারী রোববার সন্ধ্যায় এক কর্মী সভা অনুষ্ঠিত হয়। সংগঠনের আহবায়ক হাবিবুর রহমান সেলিম রেজার সভাপতিত্বে এবং সদস্য সচিব মোহাম্মদ বদিউল আলমের সঞ্চালনায় অনুষ্ঠিত সভার শুরু অসুস্থ হাবিবুর রহমান সেলিম রেজা, মোহাম্মদ বদিউল আলমের অসুস্থ মা, মোহাম্মদ রিপন মিয়া ও শাহাদাত হোসেন রাজুর পরলোকগত মা সহ সকলের জন্য দোয়া করা হয়।

এছাড়াও বাংলাদেশের স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, অসুস্থ সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি'র চেয়াপার্সন বেগম খালেদা জিয়া এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের জন্যও বিশেষ দোয়া করা হয়।

কর্মী সভায় উপস্থিত সকলেই বিএনপি'র শক্তিশালী অবস্থান গড়তে জ্যামাইকা কমিটি গঠনের পরামর্শ দেন। বক্তারা জ্যামাইকায় বিএনপির শক্ত ঘাটি তৈরির কথা বলেন এবং জ্যামাইকার বিএনপি নেতাকর্মীদের নিজেদের মধ্যে আরও যোগাযোগ স্থাপন করার জন্য এমন আরো কর্মী সভা করার উপর গুরুত্বারোপ করেন।

সভাপতি হাবিবুর রহমান সেলিম রেজা কমিটি গঠনের জন্য সকলের মতামতকে স্বাগত জানান এবং মোহাম্মদ বদিউল আলম সকলের ভুল বোঝাবুঝির অবসান ঘটিয়ে সবাইকে এক সাথে কাজ করার কথা তুলে ধরেন।

সভায় নিউইয়র্ক মহানগর দক্ষিন বিএনপির নেতৃবৃন্দের মধ্যে যুগ্ম আহবায়ক এমলাক হোসেন ফয়সাল, রুহুল আমিন নাসির, আলমগীর হোসেন মৃধা, খলকুর রহমান, নাসির উদ্দিন, মোহাম্মদ রিপন মিয়া, অ্যাডভোকেট রেজবুল কবির, যুগ্ম সদস্য সচিব ছাইদুর খান ডিউক, সদস্য জামালুর রহমান চৌধুরী, মোহাম্মদ আবদুল মান্নান হোসাইন এবং জ্যামাইকার নেতৃবৃন্দের মধ্যে জাহাঙ্গীর আলম, আজিজুল, এস এম বাহারুল ইসলাম রমিজ, মোহাম্মদ সোহেল রানা, মোহাম্মদ রহমান, মোহাম্মদ বাশার প্রমুখ উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি।







বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

অমর একুশে
আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

একুশে ফেব্রুয়ারী মহান শহীদ দিবস। একই সঙ্গে দিনটি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবেও পালিত হবে বিশ্বজুড়ে। আমাদের জাতীয় জীবনের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি দিন এটি। ১৯৪৭ সালে দেশবিভাগের পর থেকেই পাকিস্তানের পশ্চিমাঞ্চলের শাসকগোষ্ঠী পূর্বাঞ্চলের সংখ্যাগরিষ্ঠ বাঙালীকে তাদের অধীন করে রাখার পরিকল্পনা করেছিল। এর অংশ হিসাবে প্রথমেই তারা বাঙালীদের ভুলিয়ে দিতে চেয়েছিল তাদের সাংস্কৃতিক ঐতিহ্য। সংখ্যাগরিষ্ঠের ভাষাই হওয়া উচিত রাষ্ট্রভাষা-এ বাস্তব সত্য অস্বীকার করে বাংলার পরিবর্তে উর্দুকে রাষ্ট্রভাষা হিসাবে প্রতিষ্ঠা করতে চেয়েছিল তারা। উদ্দেশ্য ছিল মাতৃভাষা কেড়ে নিয়ে বাঙালীর জাতিসত্তাকে পঙ্গু করে দেওয়া। কিন্তু এর বিরুদ্ধে প্রতিবাদমুখর হয়ে ওঠে বাঙালী। শুরু হয় বাংলাকে রাষ্ট্রভাষা হিসাবে প্রতিষ্ঠার আন্দোলন। এরই এক পর্যায়ে ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারী বিক্ষোভরত ছাত্র-জনতার ওপর চালানো হয় গুলি। শহীদ হন বরকত, সালাম, রফিক, জব্বারসহ অনেকে।

বায়ান্নর একুশে ফেব্রুয়ারী বাঙালীর স্বাধিকার আন্দোলনে যোগ করে নতুন মাত্রা। শহীদদের রক্ত তাদের প্রতিজ্ঞাবদ্ধ হতে প্রেরণা জোগায়। এর পরের ইতিহাস পর্যায়ক্রমিক আন্দোলনের। বাঙালীর স্বাধীনতাসংগ্রামের ইতিহাসের প্রতিটি পর্যায়ে বায়ান্নর ভাষা আন্দোলন অনুপ্রেরণা হিসাবে কাজ করেছে। তাই একুশ আমাদের জাতীয় জীবনে এক অন্তহীন প্রেরণার উৎস।

স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার অর্ধশত বছর পেরিয়ে এসেছি আমরা। এ দীর্ঘ সময়ে আমাদের অর্জন কী-এ প্রশ্নের উত্তরের মধ্যেই নিহিত রয়েছে আমরা একুশের শহীদদের প্রতি যথাযথ শ্রদ্ধা দেখাতে পারছি কি না। দেশ অনেকটাই এগিয়েছে বলা যায়। কিন্তু একুশে ফেব্রুয়ারীর আন্দোলনের সঙ্গে জড়িয়ে আছে যেসব তাৎপর্যপূর্ণ বিষয়, সেগুলোর কি নিষ্পত্তি করতে পেরেছি আমরা? বাংলা রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃতি পেয়েছে সত্য; কিন্তু তা কি চালু করা সম্ভব হয়েছে সর্বস্তরে? একুশের অন্যতম চেতনা ছিল রাষ্ট্রীয় জীবনে অসাম্য-বৈষম্য, দুর্বলের ওপর সবলের আধিপত্য প্রভৃতির অবসান। এই মহৎ আকাঙ্খার বাস্তবায়ন ঘটেছে কি? বাঙালীর ঐতিহ্য, কৃষ্টি, আবহমানকালের সংস্কৃতি প্রভৃতি সমুন্নত রাখার ঐক্যবদ্ধ সমন্বিত প্রচেষ্টা কি লক্ষ করা যাচ্ছে সমাজে? চিন্তার দিক থেকে আমরা হব আন্তর্জাতিক; কিন্তু পরিচয়ে থাকব বাঙালী- এই ধারায় কি যাপন করছি জীবন? এসব প্রশ্নের উত্তর সন্তোষজনক নয়, বরং বিতর্ক রয়েছে। বিশ্বায়নের যুগে ভিন্ন সভ্যতা, ভিন্ন সংস্কৃতির যে অবাধ প্রবাহ, তাতে আমরা অবগাহন করব কি না। আকাশ সংস্কৃতির ফলে ভিনদেশের যেসব বিষয় আমাদের বিনোদিত করে, সেগুলো আমরা গ্রহণ করব কি না। এ বিতর্কের মীমাংসা হতে পারে বিষয়টিকে আধুনিক দৃষ্টিভঙ্গিতে বিচারের মাধ্যমে। প্রথমত, আমরা যেহেতু বাঙালী, সেহেতু বাঙালীত্বকে সমুন্নত রাখতে হবে। পাশাপাশি স্বতন্ত্র একটি জাতি হিসাবে নিজস্ব সাংস্কৃতিক বৈশিষ্ট্য সমুন্নত রেখেই ভিন্ন সংস্কৃতি-কৃষ্টির সঙ্গে মিথস্ক্রিয়া ঘটাতে হবে। ভাষার প্রশ্নে বলতে হয়- আমাদের জীবন চলবে মাতৃভাষার মাধ্যমে। তবে আন্তর্জাতিক যোগাযোগের জন্য শিখতে হবে সাধ্যমতো অন্য ভাষাও।

একুশে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি পেয়েছে। এর অর্থ পৃথিবীর সব মাতৃভাষাই স্ব-স্ব জাতির নিজস্ব ও অপরিবর্তনযোগ্য ভাষা। সব মাতৃ ও আঞ্চলিক ভাষাকেই সমান মর্যাদা দিয়ে সংরক্ষণের দায়িত্ব রয়েছে বিশ্ববাসীর। একুশের শহীদদের প্রতি জানাই আমাদের গভীর শ্রদ্ধা। শহীদ স্মৃতি অমর হোক।

নির্বাচনী বছরে যুক্তরাষ্ট্রের যুদ্ধপ্রীতি

॥ সাইমন মোহসিন ॥

যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর বিশ্বের একক বৃহত্তম কর্মসংস্থান সৃষ্টিকারী সংস্থা। যুক্তরাষ্ট্র বিশ্বের সর্ববৃহৎ অর্থনীতি। যুক্তরাষ্ট্রের সরকার তার বার্ষিক বাজেটের যে পরিমাণ অর্থ প্রতিরক্ষা খাতে ব্যয় করে, তা মোট বাজেটের শতকরা হারে বিশ্বের তৃতীয় সর্ববৃহৎ ব্যয় খাত। এই তিনটি বিষয়ই যথেষ্ট বোঝার জন্য যে যুদ্ধ, সংঘাত, দ্বন্দ্ব ইত্যাদি কিভাবে যুক্তরাষ্ট্রের জন্য অর্থনৈতিক বিচারে সুখবর বয়ে আনতে সক্ষম।

এক বিশাল খাতে কর্মরত বিশাল জনগোষ্ঠী, তার কাজের জন্য বিশাল অঙ্কের অর্থ উপার্জন করলে, সেই অর্থ তারা বিভিন্ন উপভোগ্য পণ্য ও সেবা গ্রহণে ব্যয় করবে। ভোগ্য পণ্যের বিক্রি বাড়বে। অর্থনীতির চাকা প্রণোদিত হবে। অন্যান্য খাতের আয় ও প্রবৃদ্ধি হবে। যুক্তরাষ্ট্রের আপামর অর্থনীতির পরিধি প্রসারিত হবে, আরো জোরদার হবে।

সামরিক খাতের সঙ্গে যুক্তরাষ্ট্রের রাজনীতির আঁতাতের কারণে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অনেকটাই সংঘাত ও যুদ্ধবান্ধব পরিস্থিতি প্রণয়নে ব্যতিব্যস্ত থাকে যেন। সামরিক খাতের রাজনীতির ওপর যে প্রকট প্রভাব বিদ্যমান, তা এখন ভয়ংকর দানবীয় রূপে পরিণত। এই আশঙ্কার কথা খোদ যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট আইজেনহাওয়ার ১৯৬১ সালে প্রথমবারের মতো উল্লেখ করেন।

সে সময় তিনি সরকার ও সরকারি অঙ্গসংগঠনগুলোর ওপর সামরিক খাত তথা বেসরকারি অস্ত্র ও সামরিক সরঞ্জাম প্রস্তুতকারক প্রতিষ্ঠানগুলোর অযাচিত প্রভাব বিস্তারের বিরুদ্ধে সতর্কতা অবলম্বনের কথা বলেন। এই পরিস্থিতির উদ্রেক হলে যুক্তরাষ্ট্রের গণতন্ত্র ও এর নিহিত রাজনৈতিক ক্ষমতা এই বেসরকারি সামরিক খাতের হাতে জিম্মি হয়ে যাবে বলেও আইজেনহাওয়ার উদ্বেগ প্রকাশ করেন। আজ যুক্তরাষ্ট্রের কংগ্রেস, সিনেট ও পররাষ্ট্রনীতি অবকাঠামোর ওপর যুক্তরাষ্ট্রের বেসামরিক খাতের যে প্রভাব, তাতে আইজেনহাওয়ারের উদ্বেগ যে কতটা সত্য ও সঠিক ছিল, তা পরিষ্কার। যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষাব্যবস্থায় বেসরকারি খাতের এক বিশাল অনুদান সক্রিয়। এই সামরিক খাত কংগ্রেস ও সিনেটের সদস্যদের বিপুল পরিমাণ অনুদান দিয়ে থাকে–নির্বাচনী ইশতেহার ও সম্প্রচার খাতের আওতায় কিংবা অন্য কোনো খাতের আওতায়। এভাবে অনুদান নিয়ে নির্বাচনী প্রচারণায় অর্থ বিনিয়োগ করা যে যুক্তরাষ্ট্রে আইনসিদ্ধ, যার কারণে লবিং নামে এক বিশাল কর্ম খাতের উৎপত্তি হয়েছে যুক্তরাষ্ট্রে। এই লবিংয়ের মাধ্যমেই এই বিশাল সামরিক খাত ও অন্যান্য খাত নিজ অনুকূল বিভিন্ন আইন ও নীতি যুক্তরাষ্ট্রের কংগ্রেসে পাস করাতে পারে। উদাহরণস্বরূপ, ২০২২ সালে যুক্তরাষ্ট্রের সংসদে ৩৫০ বনাম ৮০ ভোটের বিশাল ব্যবধানে সামরিক ব্যয়ে ৮০ বিলিয়ন ডলার বৃদ্ধির প্রস্তাব পাস করে, সামরিক ব্যয় ৮৫৮ বিলিয়ন ডলারে উন্নীত হয়; যার প্রায় ৪৫০ বিলিয়নই পেন্টাগন-সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানের হাতে পৌঁছায়। এতেই বোঝা যায়, এই বেসরকারি সামরিক খাত যুক্তরাষ্ট্রের সরকারি অবকাঠামোর ওপর প্রভাব বিস্তার করে কতটা লাভবান হয়।

এই অস্ত্র ও সামরিক খাতের এই অনুদানগুলো যুক্তরাষ্ট্রে পররাষ্ট্রনীতিকে যুদ্ধ, সংঘাত ও সামরিক অভিযান বান্ধবে পরিণত করতে সচেষ্ট। তাই সামরিক খাতের অনুদানের একাংশ পররাষ্ট্রনীতি, সামরিকনীতি ও আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক বিশেষজ্ঞদের ও চিন্তাবিদ প্রতিষ্ঠানের কোষাগারেও জমা হয়ে থাকে। এই বিশেষজ্ঞ, বিশ্ববিদ্যালয় অধ্যাপক ও চিন্তাবিদরা যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতি প্রণয়ন ও গঠনে বিশাল বুদ্ধিবৃত্তিক ও উপদেশমূলক অবদান রাখে। এদের ব্যবহার কিংবা বলা উচিত অপব্যবহারে, বেসরকারি সামরিক খাত যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতিকে বিশ্বব্যাপী সংঘাত, দ্বন্দ্ব, এমনকি যুদ্ধ বিস্তারের প্রণোদনা ও প্রভাবকের হাতিয়ারে পরিণত করেছে। প্রতিরক্ষা সংস্থাগুলো বিভিন্ন চিন্তাবিদ ও গবেষণা সংস্থাকে অর্থায়ন করে আইন ও নীতি প্রণেতাদের জন্য নীতিপত্র তৈরি করে এবং বিশ্বের বিভিন্ন প্রান্তে সামরিক হস্তক্ষেপের সিদ্ধান্ত গ্রহণে প্রভাবিত করার চেষ্টা অব্যাহত রাখে। তাদের অর্থায়নপুষ্ট বিশেষজ্ঞদের তারা জাতীয় নিরাপত্তা পরিষদে সামরিক ও প্রতিরক্ষা সংশ্লিষ্ট অন্যান্য সরকারি প্রতিষ্ঠানে অন্তর্ভুক্ত করে, যাতে তাঁরা সামরিকায়নের পক্ষে সরকারি নীতি ও সিদ্ধান্ত প্রণোদিত করতে সচেষ্ট থাকেন, যাতে বিশ্বব্যাপী যেকোনো যুদ্ধে কিংবা সংঘাতে যুক্তরাষ্ট্রের অংশগ্রহণ, অন্তর্ভুক্তি কিংবা সহায়ক ভূমিকা অব্যাহত থাকে এবং সামরিক খাতের ব্যবসা-বাণিজ্য তথা যুদ্ধ থেকে আহরিত লাভের পথযাত্রা চলমান থাকে। পক্ষান্তরে যুক্তরাষ্ট্রের অর্থনীতিও লাভবান হতে থাকে।

১৯৯১ সালে প্রকাশিত এক গবেষণাপত্র বলে, গত ২০০ বছরে গণতান্ত্রিক হোক আর অগণতান্ত্রিক হোক, রাষ্ট্রগুলো তাদের নির্বাচনী বছরেই বেশির ভাগ যুদ্ধে লিপ্ত হয়েছে এবং অংশগ্রহণ করেছে। ২০২৩ সালে প্রকাশিত 'ওয়ার অন ব্যালট' নামক গ্রন্থে গবেষক অ্যান্ড্রু পেইন কোরিয়া, ভিয়েতনাম, ইরাক যুদ্ধ সংশ্লিষ্ট সরকারি গোপন নথিপত্র বিশ্লেষণ করে বলেন যে যুক্তরাষ্ট্রের নির্বাচনী বছরগুলোতে নির্বাচনে জয়ী হওয়া ও নিজেকে গুরুত্বপূর্ণ, শক্তিশালী, কার্যকর ও সাহসী নেতা হিসেবে প্রতিষ্ঠিত করে পুনরায় নির্বাচিত হওয়ার তাগিদে যুদ্ধের মানব ও আর্থিক ক্ষয়ক্ষতি উপেক্ষা করে যুদ্ধে জড়িয়ে যাওয়ার সিদ্ধান্ত নিতে বাধ্য হয়। একই সঙ্গে ২০১৬ সালে প্রকাশিত গবেষণাপত্রে ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের দুজন গবেষক বলেন যে যুক্তরাষ্ট্র জড়িত কিংবা অন্তর্ভুক্ত এমন কোনো সংঘাতে তিন শর অধিক হতাহতের ঘটনা ঘটলে তার ঠিক পরের নির্বাচনে ভোটার অংশগ্রহণ বৃদ্ধি পায়। যুদ্ধ, সংঘাতে বিপুলসংখ্যক হতাহতের ঘটনা যুক্তরাষ্ট্রের নির্বাচনে ভোটার অংশগ্রহণ প্রায় সমানুপাতিক বৃদ্ধি করে। একই সঙ্গে নির্বাচনের পূর্ববর্তী ৬০ দিনে যুদ্ধে হতাহতের ঘটনা বৃদ্ধি পেলে যুক্তরাষ্ট্রের যারা ভোট দিতে আগ্রহী নয়, সেই জনগোষ্ঠীও ভোটে অংশগ্রহণের প্রতি উদ্বুদ্ধ হয়। একই বছরে প্রকাশিত 'দ্য স্পয়েলস অব ওয়ার : গ্রিড, পাওয়ার, অ্যান্ড দ্য কনফ্লিক্টস দ্যাট মেড আওয়ার গ্রেটেস্ট প্রেসিডেন্টস' নামক আরেকটি গবেষণাগ্রন্থে দেখা যায়, যেসব যুক্তরাষ্ট্রীয় প্রেসিডেন্ট যুদ্ধে নেতৃত্ব দিয়েছেন কিংবা কোনো সামরিক অভিযানে জড়িয়েছেন, তাঁরাই যুক্তরাষ্ট্রের সবচেয়ে জনপ্রিয় ও প্রখ্যাত প্রেসিডেন্ট হিসেবে পরিচিত। যাঁরা দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক প্রবৃদ্ধি প্রণয়নে সফল হয়েছেন কিন্তু কোনো সামরিক অভিযানে সফলভাবে যুক্তরাষ্ট্রকে নেতৃত্ব দেননি, তাঁরা ইতিহাসের পাতায় আতো জনপ্রিয় নন। লেখক গ্রন্থে বলেছেন যে যুদ্ধ এক বিশাল চ্যালেঞ্জ হিসেবে বিবেচ্য। যুদ্ধে ব্যর্থ না হলেই সমস্যা। নতুবা যুক্তরাষ্ট্র যুদ্ধে কিভাবে জড়িয়ে পড়ল, সেটা নিয়ে জনগণ খুব একটা বেশি প্রশ্ন করে না। কেবল যুদ্ধের সফলতাকে যুক্তরাষ্ট্রের শ্রেষ্ঠত্ব এবং বিশ্বমোড়ল হিসেবে যুক্তরাষ্ট্রের পরিচয় আরো যথার্থ হয়ে ওঠে আমেরিকানদের কাছে। তাই যুদ্ধে লিপ্ত হওয়া প্রেসিডেন্টদের নায়কোচিত দৃষ্টিভঙ্গি দিয়ে স্মরণ করা হয়। অন্যরা সহজেই স্মৃতির অগোচরে রয়ে যান।

২০১৬ সালে ফিন্যানশিয়াল টাইমসের গিডিয়ন র‍্যাকম্যান প্রথমবার স্ট্রংম্যান নেতৃত্বের কথা উল্লেখ করেন। বিশ্বব্যাপী এ ধরনের নেতৃত্বের আবির্ভাব এখন প্রকট। পুতিন, মোদি, সালমান, এরদোয়ান–তাঁরা সবাই স্ট্রংম্যান নেতৃত্ব স্টাইল অবলম্বন করেন, যা বিশ্বব্যাপী এখন বেশ প্রচলিত ও প্রসিদ্ধ। দুর্নীতি ও সুশাসনের অভাবে সাধারণ নাগরিক সেবা ও সমস্যাগুলো সমাধান না হওয়ায় সাধারণ জনগণ এখন এমন নেতৃত্ব দেখতে চায়, যারা তাদের ব্যক্তিসত্তা ও চারিত্রিক শক্তি দিয়ে আমলাতান্ত্রিক জটিলতা ভেঙে জনগণের সমস্যাগুলো সমাধান করতে পারবে। বিশ্বমঞ্চে রাষ্ট্রীয় পরিচয়কে আরো প্রখ্যাত করে তুলবে, যাতে ওই দেশের জনগণ, বিশেষ করে তরুণরা বৈশ্বিক পর্যায়ে সসম্মানে সব দেশের নাগরিকদের সঙ্গে চোখে চোখ মিলিয়ে বিশ্বায়নে অংশগ্রহণ করতে পারে। তুরস্ক, ভারত, সৌদি আরব ও আরো অনেক দেশের রাষ্ট্রের এই স্ট্রংম্যান নেতারা নিজ নিজ দেশকে ভূ-রাজনীতি ও ভূ-অর্থনীতি প্রেক্ষাপটে গুরুত্বপূর্ণ ভূমিকায় তুলে ধরতে পেরেছেন। বাইডেনের আগে ট্রাম্পও একই চারিত্রিক বৈশিষ্ট্য প্রদর্শন করেন। এ জন্য তাঁর বিরুদ্ধে হাজার অভিযোগ থাকলেও যুক্তরাষ্ট্রের এক বিশাল জনগোষ্ঠী এখনো তাঁকে প্রেসিডেন্ট হিসেবে দেখতে চায়। গত নির্বাচনে তাঁর পরাজয়ের নেপথ্যে আরো অনেক পর্যালোচনা প্রয়োজন। তবে তাঁর স্ট্রংম্যান ভূমিকা তিনি ঠিকই প্রতিষ্ঠিত করতে পেরেছেন। অনেকের মতে, বাইডেনও এ বছর নিজেকে সেই রূপে প্রতিষ্ঠিত করার চেষ্টা করছেন। বিশেষ করে ইউক্রেন যুদ্ধের শুরু থেকে পুতিনকে রাজনৈতিকভাবেই নয়, ব্যক্তিত্বের পর্যায়ে পরাজিত করতে সচেষ্ট। গাজা আক্রমণে বাইডেন ইহুদি, সামরিক ও জ্বালানি (গাজার সমুদ্রসীমায় মজুদ গ্যাসের লোভে) খাতের সুবিধা করলেও গাজায় চলমান অমানবিক পরিস্থিতি ও গণহত্যার বিষয়টি যে এতটা প্রকট হয়ে উঠবে, সেই হিসাবটা ঠিক মেলাতে পারেননি বাইডেন। আর মনে রাখতে হবে, জ্বালানি ও সামরিক খাতের সবচেয়ে প্রভাবশালীরা ইহুদি লবির অংশীদার।

পররাষ্ট্রনীতি আমেরিকান ভোটারদের প্রার্থী নির্বাচনে তেমন কোনো প্রভাব ফেলে না। কিন্তু ইহুদি ও সামরিক লবির মতো অনেক লবি ও গোষ্ঠী রয়েছে, যারা বিপুলসংখ্যক ভোটারকে ভোট দিতে এবং কোনো প্রার্থীর পক্ষে কিংবা বিপক্ষে প্রভাবিত করতে সক্ষম। পররাষ্ট্রনীতি প্রণয়নের মাধ্যমে এই লবিগুলোর সুবিধা-অসুবিধা নিশ্চিতের মাধ্যমে প্রেসিডেন্টরা এই লবিগুলোর সখ্য বা বিরাগ অর্জন করেন। যেমন বাইডেন গাজায় চলমান গণহত্যায় সহায়ক ভূমিকা রাখার কারণে জেনোসাইড জো নামে পরিচিত হলেও সামরিক ও ইহুদি লবির সখ্য বজায় রাখতে চান।

নির্বাচনী বছরে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টরা সুযোগ হলে যুদ্ধে লিপ্ত হওয়াকে নির্বাচনে জয়ের প্রভাবক মনে করেন। বিশেষ করে, যুদ্ধবিজয়ী নেতা হিসেবে ইতিহাস ও জনগণের কাছে প্রখ্যাত হয়ে ওঠা এখন গুরুত্বপূর্ণ তাঁদের কাছে। সঙ্গে ভোটারদের উদ্বুদ্ধ করার বিষয়টি তো রয়েছেই। আর সামরিক লবি, ইহুদি ও ইভাঞ্জেলিক লবি এবং এদের ব্যালান্স শিটের প্রবৃদ্ধির ফলে সৃষ্ট অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং বাইডেন ও তাঁর অনুসারীদের আর্থিক সুবিধা তো রয়েছেই। এসব মিলিয়ে নির্বাচনী বছরে যুক্তরাষ্ট্র রীতিমতো সংঘাত ও সামরিক অভিযানে লিপ্ত। ট্রাম্প গতবার নির্বাচনী বছরে ইরানের সামরিক জেনারেল সুলাইমানিকে হত্যার আদেশ দেন। সেটার জন্য তাঁকে এখনো সমীহের সঙ্গে স্মরণ করা হলেও তাঁর পরাজয় ঠেকানো সম্ভব হয়নি। বাইডেন এবার গাজা গণহত্যার কারণে হয়তো একই পরিণতির শিকার হবেন। তাই বলে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট তাঁর চিরাচরিত নির্বাচনী বছরে সংঘাত বা যুদ্ধে জড়িয়ে পড়ার ধারা অব্যাহত রেখেছেন। এতে অন্যদের কতটা দুর্দশা হলো, তাতে তাঁদের কিছুই যায় আসে না।

লেখক : রাজনৈতিক ও আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক

নির্বাচনী বছরে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টরা সুযোগ হলে যুদ্ধে লিপ্ত হওয়াকে নির্বাচনে জয়ের প্রভাবক মনে করেন। বিশেষ করে, যুদ্ধবিজয়ী নেতা হিসেবে ইতিহাস ও জনগণের কাছে প্রখ্যাত হয়ে ওঠা এখন গুরুত্বপূর্ণ তাঁদের কাছে। সঙ্গে ভোটারদের উদ্বুদ্ধ করার বিষয়টি তো রয়েছেই। আর সামরিক লবি, ইহুদি ও ইভাঞ্জেলিক লবি এবং এদের ব্যালান্স শিটের প্রবৃদ্ধির ফলে সৃষ্ট অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং বাইডেন ও তাঁর অনুসারীদের আর্থিক সুবিধা তো রয়েছেই।

নামাজের সময়-সূচী

ফেব্রুয়ারি	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
ফজর	৫.২৮	৫.২৭	৫.২৬	৫.২৪	৫.২৩	৫.২২	৫.২০
সূর্যোদয়	৬.৪৪	৬.৪২	৬.৪১	৬.৪০	৬.৩৯	৬.৩৭	৬.৩৫
জোহর	১২.১০	১২.০৯	১২.০৯	১২.০৯	১২.০৯	১২.০৯	১২.০৯
আসর	৩.৫৩	৩.৫৪	৩.৫৫	৩.৫৬	৩.৫৭	৩.৫৮	৩.৫৯
মাগরিব	৫.৩৫	৫.৩৬	৫.৩৭	৫.৩৮	৫.৪০	৫.৪১	৫.৪২
এশা	৬.৫১	৬.৫২	৬.৫৩	৬.৫৪	৬.৫৫	৬.৫৬	৬.৫৭

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।





মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি ইউএসএ'র উপদেষ্টা

আনসার হোসেন চৌধুরীর মাগফেরাত কামনায় দোয়া মাহফিল

বিশেষ প্রতিনিধি: মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি অব ইউএসএ'র উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা আনসার হোসেন চৌধুরীর বিদেহী আত্মার মাগফেরাত কামনায় নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টার অ্যান্ড জামে মসজিদে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মরহুমের পরিবারের পক্ষ থেকে এ মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

গত ১৬ ফেব্রুয়ারী শুক্রবার বাদ মাগরিব আয়োজিত মাহফিলে মরহুমের আত্মার মাগফিরাত কামনা করে বক্তব্য রাখেন মরহুমের কন্যা জামাতা বিশিষ্ট ব্যবসায়ী তোফায়েল চৌধুরী লিটন। দোয়া মাহফিল পরিচালনা করেন ব্রঙ্কসের গাউছিয়া মসজিদের ইমাম ও খতীব মাওলানা মাশহুদ ইকবাল। এর আগে পবিত্র কুরআন-হাদীসের আলোকে বক্তব্য রাখেন মসজিদ বিলালের খতীব মাওলানা মো: মাঈনুল ইসলাম ও মাওলানা শাহনাশাহ ইয়াহিয়া। পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টার অ্যান্ড জামে মসজিদের ইমাম ও খতীব হাফিজ মুসাদ্দেক আহমেদ। মাহফিলে অন্যান্যের মধ্যে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টার অ্যান্ড জামে মসজিদের সেক্রেটারি জেনারেল মুহাম্মদ ইকবাল হোসাইন ও কমিউনিটি লিডার আলহাজ ফখরুল ইসলাম। মাহফিলে বাংলাদেশী কমিউনিটির সর্বস্তরের ব্যক্তিবর্গ শরীক হন। উল্লেখ্য, নর্থ ব্রঙ্কসের বাসিন্দা, কমিউনিটির পরিচিত মুখ বীর মুক্তিযোদ্ধা আনসার হোসেন চৌধুরী অতিসম্প্রতি বাংলাদেশে যাওয়ার পথে কুয়েত এয়ারপোর্টে অসুস্থ হয়ে পড়লে সেখানে তাকে একটি হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় তিনি সেই হাসপাতালে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭২ বছর। তার দেশের বাড়ি মৌলভীবাজার জেলার সদর উপজেলার কামালপুর গ্রামে।

আলহাজ্ব আনসার হোসেন চৌধুরীর প্রথম জানাযার নামাজা কুয়েতে অনুষ্ঠিত হয়। পরে তার মরদেহ কুয়েত থেকে আনার পর নিউইয়র্কের নর্থ ব্রঙ্কস ইসলামী সেন্টারে গত ১ ফেব্রুয়ারী বাদ জোহর দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত হয়। পরদিন ২ ফেব্রুয়ারী তার মরদেহ নিউইয়র্কের লং আইল্যান্ডস্থ ওয়াশিংটন মেমোরিয়াল কবর স্থানে দাফন করা হয়।

হেরে গেলেন বাংলাদেশী-আমেরিকান সৈয়দ রহিম দুদু

ট্রাফিক পুলিশ ইউনিয়ন নির্বাচনে সাদিক-সাঈদ প্যানেলের জয়

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক সিটি পুলিশ বিভাগের ট্রাফিক এজেন্টদের ইউনিয়ন (সিডব্লিউএ লোকাল-১২৮২) নির্বাচনে সাদিক-সাঈদ প্যানেল জয়ী হয়েছেন। নির্বাচনে হেরে গেছেন আরেক প্রার্থী, ইউনিয়নের সাবেক সভাপতি বাংলাদেশী-আমেরিকান সাঈদ রহিম দুদু। গত ১৬ ফেব্রুয়ারী অনুষ্ঠিত ইউনিয়নের রান অফ নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়। নির্বাচনে 'সাদিক-সাঈদ' প্যানেল মেজোরিটি পদে জয়লাভ করেছে। ইউনিয়নের মোট ৯টি পদের বিপরীতে এই প্যানেল থেকে সভাপতি, সহ সভাপতি, সাধারণ সম্পাদকসহ ৩ জন ডেলিগেট নির্বাচিত হয়েছেন। অপরদিকে 'রহিম-উদবা' প্যানেল থেকে নির্বাচিত হয়েছেন ৩ জন ডেলিগেট। নির্বাচিত সভাপতি হলেন আলেকজান্ডার সাদিক, সহ সভাপতি সকুনবি ওলোফেমি ও সাধারন সম্পাদকরা সাঈদ ইসলাম। সভাপতি পদে সাঈদ রহিম দুদু মিশরীয় বংশদ্ভুত আলেকজান্ডার সাদিকের কাছে পরাজিত হন।

উল্লেখ্য, গত বছর নভেম্বরে ট্রাফিক পুলিশদের ইউনিয়ন সিডব্লিউএ লোকাল ১১৮২ এর নির্বাচন অনুষ্ঠিত হয়। কিন্তু সভাপতি, সহ সভাপতি ও সাধারণ সম্পাদক প্রার্থীরা প্রদত্ত ভোটের ৫১ ভাগ না পাওয়ায় তারা রানঅফের মুখোমুখি হন। এই তিনটি পদে পোস্টাল ব্যালটে নির্বাচন অনুষ্ঠিত হয়। গত ১৬ ফেব্রুয়ারী শুক্রবার নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়। এতে আলেকজান্ডার সাদিক ৭১৯ ভোট পেয়ে সভাপতি নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি সৈয়দ রহিম দুদু পেয়েছেন ৫২৫ ভোট। বাংলাদেশী রহিম এর আগে একবার সহসভাপতি ও তিনবার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করেন বাংলাদেশী সাঈদ ইসলাম ও সৈয়দ উদবা। সাঈদ ইসলাম ৭৪৬ ভোট পেয়ে বিজয়ী হনন। উদবা পেয়েছেন ৪৯৬ ভোট। 'সাদিক-সাঈদ' প্যানেল থেকে নির্বাচিত ডেলিগেটেরা হলেন শিবলী চৌধুরী কায়েস, কোলন জন ও শামীম হোসাইন। অপরদিকে 'রহিম-উদবা' প্যানেল থেকে নির্বাচিত ডেলিগেটেরা হলেন পঙ্কজ রায়, শাহাদত হোসেন ও মোহাম্মদ আলম।

নির্বাচনে মোট ২,০৪০ জন সদস্যকে ডাকযোগে ব্যালট পাঠানো হয়। এর মধ্যে সদস্যদের ভোট দেয়া ব্যালট ফিরে আসে মোট ১,২৭৬টি। ১৭টি ভোট ভয়েড ও ডুপ্লিকেট হয়। সব মিলিয়ে ১,২৫৯ ভোট গনণা করা হয়।

আরো উল্লেখ্য, এই নির্বাচনে ৯ সদস্যের নির্বাচিত কমিটির ৬ জনই বাংলাদেশী। ট্রাফিক পুলিশ ইউনিয়নের মোট সদস্য সংখ্যা প্রায় আড়াই হাজার। এরমধ্যে বাংলাদেশীর সংখ্যা ৬ শতাধিক।



প্রসঙ্গত উল্লেখ্য, ইউনিয়নের অফিস সহকারী মিস গেইল রামরুপের দায়ের করা যৌন হয়রানীর মামলাটি আদালতে শুনানী না করে সমঝোতা করা, ঐ মামলায় সদস্যদের ফান্ড থেকে ৭ লাখ ৪৪ হাজার ডলার ব্যয় করা, মামলায় নিজের অর্থ বাঁচানোর জন্য ব্যাংকরাপ্টসী ফাইল (দেউলিয়া) করা, ৮০ হাজার ডলার উকিল ফিস দিয়েও ভালো কন্ট্রাক্ট আনতে ব্যর্থ হওয়া, ম্যানেজমেন্টের বিরুদ্ধে কোন গ্রিভেন্স ফাইল না করে নতজানু নেতৃত্বের জন্য, সিডি হেয়ারিংগুলোতে দূর্বল ও নতজানু শুনানী করা, ইমপিচমেন্টের দাবীতে ৬৬২ জন সদস্যের দায়েরকৃত লিখিত পিটিশন অগ্রাহ্য করা, ক্লিন ইমেজের নতুন নির্বাচন কমিটি গঠন না করা, আর্থিক জবাবদিহীতার জন্য ফরেনসিক অডিট না করা, ত্রুটিমুক্ত একটি ভোটার তালিকা না করা, ক্রমাগত আর্থিক অনিয়ম সহ নানান অভিযোগের কারনেই সৈয়দ রহিম দুদু নির্বাচনে পরাজিত হন বলে সংশ্লিস্টরা জানান।

এদিকে সিডব্লিউএ লোকাল-১২৮২ নির্বাচনে বিজয়ীদেরকে অভিনন্দন জানিয়েছেন উক্ত ইউনিয়নের সাবেক এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট খান শওকত।



শহীদ জিয়ার জন্মদিনে নিউইয়র্ক মহানগর বিএনপি'র (দক্ষিণ) দোয়া মাহফিল আয়োজন

নিউইয়র্ক: বাংলাদেশের স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীর উত্তমের ৮৮তম জন্মদিন উপলক্ষ্যে নিউইয়র্ক মহানগর বিএনপি (দক্ষিণ) দোয়া মাহফিল আয়োজন করে। গত ২০ জানুয়ারী শনিবার বাদ এশা জ্যাকসন হাইটসের ইসলামিক সেন্টার মসজিদে এই মাহফিলের আয়োজন করা হয়। সংগঠনের আহবায়ক হাবিবুর রহমান সেলিম রেজার সভাপতিত্বে অনুষ্ঠিত মাহফিল সঞ্চালনা করেন সদস্য সচিব মোহাম্মদ বদিউল আলম।

দোয়া মাহফিলে দরুদ শরীফ পাঠ ও বিশেষ দোয়া পরিচালনা করেন ইসলামিক সেন্টার মসজিদের ইমাম মাওলানা মোহাম্মদ সাদিক। দোয়া মোনাজাতে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের বিদেহী আত্মার মাগফিরাত কামনা, তিন তিন বারের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ও বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সুস্থতা এবং বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতির শান্তিপূর্ণ পরিবেশ ও দেশের সামগ্রিক মঙ্গল কামনা করা হয়।

বিরূপ প্রকৃতির মধ্যে প্রচন্ড ঠান্ডা উপেক্ষা করে দলীয় নেতা-কর্মীরা দোয়া মাহফিলে যোগ দেন।

উক্ত দোয়া মাহফিলে বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ আন্তর্জাতিক সম্পাদক বেবী নাজনিন, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুল, সাবেক কোষাধ্যক্ষ জসিম উদ্দিন ভুঁইয়া, সাবেক যুগ্ম সম্পাদক গোলাম ফারুক শাহীন, নিউইয়র্ক স্টেট বিএনপির সদস্য সচিব সাইদুর রহমান সাঈদ, নিউইয়র্ক মহানগর দক্ষিণ বিএনপির যুগ্ম আহবায়ক রুহুল আমিন নাসির, নাসির উদ্দিন, মোহাম্মদ রিপন মিয়া, মোহাম্মদ রেজবুল কবির, নিউইয়র্ক স্টেট বিএনপির যুগ্ম সদস্য সচিব রিয়াজ মাহমুদ, নিউইয়র্ক মহানগর (দক্ষিণ) বিএনপির সদস্য কামাল হোসেন হাওলাদার, মোহাম্মদ হাসান ছাড়াও মোহাম্মদ ইয়াছিন, গোলাম মাহমুদ, মোহাম্মদ হাসান, মোহাম্মদ সাইফুল, মোহাম্মদ সোহেল রানা প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রচন্ড কনকনে ঠান্ডা মাইনাজ -১৫ডিগ্রির নিচে তাপমাত্রা থাকার পরেও যে সকল নেতৃবৃন্দ দোয়ায় অংশগ্রহন করেছেন তাদেরকে সংগঠনের পক্ষ্য থেকে আহ্বায়ক হাবিবুর রহমান সেলিম রেজা ও সদস্য সচিব মোঃ বদিউল আলম ধন্যবাদ জানান।

মহান শহীদ দিবস পালনে যুক্তরাষ্ট্র জাতীয় পার্টি প্রস্তুতি সভা অনুষ্ঠিত

নিউইয়র্ক: আগামী ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস পালনের জন্য যুক্তরাষ্ট্র জাতীয় পার্টি প্রস্তুতি সভা করেছে। জ্যাকসন হাইটসের ঢাকা গার্ডেন রেষ্টুরেন্ট মিলানায়তনে গত ১১ ফেব্রুয়ারী রোববার সন্ধ্যায় এই সভা অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি বীর মুক্তিযোদ্ধা হাজী আব্দুর রহমানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আবু তালেব চৌধুরী চান্দুর পরিচালনায় সভায় বক্তব্য রাখেন জাতীয় পার্টির উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা গিয়াস মজুমদার, বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ হারুনের রশিদ, সিনিয়র সহ-সভাপতি জসিম চৌধুরী, সহ সভাপতি বীর মুক্তিযোদ্ধা এডভোকেট হারিস উদ্দিন আহমেদ, যুগ্ম সাংগঠনিক



সম্পাদক মীর জাকির, যুব বিষয়ক সম্পাদক শফিউল আলম, কোষাধ্যক্ষ জি এম ইলিয়াস, মহিলা বিষয়ক সম্পাদিকা জেসমিন আক্তার চৌধুরী, প্রচার সম্পাদক ফেরদৌস ওহাহিদ, দপ্তর সম্পাদক আকতার কবির, যুক্তরাষ্ট্র যুব সংহতির সভাপতি মোহাম্মদ ইসমাইল হোসেন প্রমুখ।

সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, আগামী ২০ ফেব্রুয়ারী রাত ১২টা ১ মিনিটে শহীদবেদিতে পূস্পঅর্পনের মাধ্যমে মহান শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জানাবে জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখা।

সভায় বক্তারা বলেন, বাংলাদেশে দ্রব্যমুল্য সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বহিরে চলে গেছে, বর্তমান সরকারের মন্ত্রীরা বড় বড় কথা বলেন, তবে বাস্তবে কোন পরিবর্তন হতে দেখতে পারছি না। বক্তারা আগামী পবিত্র মাহে রমজানে ধর্মপ্রান মুসলিম ভাই বোনেরা দুবেলা ভাত খেয়ে রোজা পালন করিতে পারে এবং দ্রব্য মুল্য ক্রয় ক্ষমতার মধ্যে রাখতে আওয়ামী লীগ সরকারের মন্ত্রীসহ প্রধানমন্ত্রীর প্রতি বিশেষ অনুরোধ জানান।

বক্তারা বলেন, বাংলাদেশে আজ সরকার আছে বলে মনে হয় না। কারণ আমাদের স্বাধীন সার্বভৌমত্বের উপর মায়ানমারের জান্তা বাহিনী গুলিতে আমাদের সাধারণ মানুষ প্রাণ হারাচ্ছে, শঙ্কা হচ্ছে মায়ানমার আমাদের বাণিজ্য রাজধানী চট্টগ্রামের মানুষের উপর হামলা করে দখল নিতে চেষ্টা করে কিনা, চট্টগ্রামবাসী শান্তি চায়, পবিত্র রমজান মাসে মানুষ শান্তিতে পবিত্র মাহে রমজান পালন করতে পারে, সেই ব্যবস্থা সরকারকে নিতে হবে। বক্তারা বলেন, জাতীয় ভোক্তা অধিকার সংস্থা বাজার ভালো করে মনিটরিং করলে আমরা আশাকরি দ্রব্যমুল্য মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে চলে আসবে। -প্রেস বিজ্ঞপ্তি।

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Akash Medical Care

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. Nayeem Haque

Podiatic Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

গ্রামীণ ব্যাংকের ৮ অভিযোগের যে

(প্রথম পাতার পর)

বক্তব্য ও ব্যাখ্যা দিয়েছে ইউনূস সেন্টার। এর আগে শনিবার (১৭ ফেব্রুয়ারী) সংবাদ সম্মেলন করে প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস, গ্রামীণ কল্যাণ, গ্রামীণ টেলিকমসহ কয়েকটি প্রতিষ্ঠানের বিষয়ে বক্তব্য দেয় গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান এ কে এম সাইফুল মজিদ। এর প্রেক্ষিতে ইউনূস সেন্টার 'তার বক্তব্যের প্রতিবাদ ও সঠিক তথ্য উল্লেখ করে' নিজেদের বক্তব্য ও ব্যাখ্যা তুলে ধরেছে। নিচে তা তুলে ধরা হলো:

১. গ্রামীণ ব্যাংকের কোনো প্রতিষ্ঠানে ড. ইউনূসের মালিকানা নেই। তিনি শুধু একজন পূর্ণকালীন কর্মকর্তা ছিলেন।

ইউনূস সেন্টারের বক্তব্য: প্রফেসর মুহাম্মদ ইউনূস নিজেই বারবার বিভিন্ন গণমাধ্যমে বলেছেন যে গ্রামীণ ব্যাংকসহ তার সৃষ্ট কোনো প্রতিষ্ঠানে তার কোনো শেয়ার বা মালিকানা নেই। প্রফেসর মুহাম্মদ ইউনূস তার সৃষ্ট কোনো প্রতিষ্ঠান থেকে কখনো কোনো অর্থ বা সম্মানী নেননি। তিনি শুধুমাত্র গ্রামীণ ব্যাংকে থাকাকালীন সময়ে ব্যাংকের বেতনস্কেল অনুযায়ী বেতন নিয়েছেন। উল্লেখ্য যে গ্রামীণ ব্যাংক ব্যতীত তার প্রতিষ্ঠিত কোম্পানিগুলো কোম্পানি আইন ১৯৯৪ এর ২৮ ধারা অনুসারে গঠিত, যাদের কোনো ধরনের মালিকানা থাকে না। প্রফেসর ইউনূস, কোনো বোর্ড সদস্য বা গ্রামীণ ব্যাংক এগুলোর মালিক নন। এগুলোর কোনো মালিক নেই। স্পন্সর সদস্যদের ব্যক্তিগত উদ্যোগে এই কোম্পানিগুলো গঠন করা হয়েছে। গ্রামীণ ব্যাংক এই নট ফর প্রফিট কোম্পানিগুলোর কোনোটিরই মালিক নয়।

২. পরিচালনা পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী গ্রামীণ টেলিকম ও গ্রামীণ কল্যাণের চেqারম্যান পদ থেকে ড. মুহাম্মদ ইউনূসকে সরানো হয়েছে।

ইউনূস সেন্টারের বক্তব্য: গ্রামীণ কল্যাণ ও গ্রামীণ টেলিকম কোম্পানি আইন ১৯৯৪ এর ২৮ ধারা অনুযায়ী গঠিত অলাভজনক প্রতিষ্ঠান, যাদের পৃথক আইনগত ও হিসাবগত সত্ত্বা রয়েছে। গ্রামীণ কল্যাণ ও গ্রামীণ টেলিকমের জন্মলগ্ন থেকে তিনি প্রতিষ্ঠান দুটির চেয়ারম্যান পদে নিয়োজিত আছেন। প্রতিষ্ঠান দুটির শুরুতে তাদের আর্টিকেলস অব অ্যাসোসিয়েশনে তাদের বোর্ডে চেয়ারম্যান ও কতিপয় বোর্ড সদস্য মনোনয়ন দেওয়ার ক্ষমতা গ্রামীণ ব্যাংকের ছিল।

পরবর্তীতে সার্বিক পরিস্থিতি বিবেচনায় প্রতিষ্ঠান দুটির পরিচালনার সুবিধার্থে কোম্পানি আইনের ২০ ধারা মোতাবেক গ্রামীণ কল্যাণের তৃতীয় অতিরিক্ত সাধারণ সভায় (২০১০ সালের ৮ মে অনুষ্ঠিত) গ্রামীণ কল্যাণের আর্টিকেলস অব অ্যাসোসিয়েশনের ৪৮ অনুচ্ছেদ ও ৩২ (৩) অনুচ্ছেদ সংশোধন করে তা ২০১১ সালের ২৫ মে বাণিজ্য মন্ত্রণালয়ে পাঠানো হয়। এ ছাড়া, গ্রামীণ টেলিকমের দ্বিতীয় অতিরিক্ত সাধারণ সভায় (২০১৯ সালের ১৯ জুলাই অনুষ্ঠিত) গ্রামীণ টেলিকমের আর্টিকেলস অব অ্যাসোসিয়েশনের ৫১ অনুচ্ছেদ ও ৩৫ অনুচ্ছেদ সংশোধন করে আর্টিকেলস অব অ্যাসোসিয়েশনের ধারাগুলো সংশোধন করা হয়।

তাই গ্রামীণ ব্যাংক এখন প্রতিষ্ঠান দুটির চেয়ারম্যান বা বোর্ড সদস্য মনোনয়ন দিতে পারে না। যে সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল সেখানে গ্রামীণ ব্যাংকের মনোনীত প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন এবং গ্রামীণ ব্যাংকের পক্ষে রেজুলেশনে পূর্বের মনোনয়ন করা পরিচালকরাও সই করেন।

কোম্পানিগুলোর আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন অনুযায়ী এসব প্রতিষ্ঠানে গ্রামীণ ব্যাংক কোনো পক্ষ নয় এবং এগুলোতে গ্রামীণ ব্যাংকের কোনো মালিকানাও নেই। কোম্পানি আইন অনুযায়ী অতিরিক্ত সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক কোম্পানিগুলোর আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন পরিবর্তন বা সংশোধন হওয়ায় গ্রামীণ ব্যাংকের বোর্ড সভায় এই সব কোম্পানি দুটির চেয়ারম্যান মনোনয়নের কোনো আইনগত এখতিয়ার গ্রামীণ ব্যাংকের নেই।

৩. মানি লন্ডারিংয়ের আলামত পেয়েছি। এর মধ্যেও অনেক তথ্য সরিয়ে ফেলা হয়েছে। অনুসন্ধান শেষ হওয়ার আগে কাউকে দোষী করছি না।

ইউনূস সেন্টারের বক্তব্য: গ্রামীণ ব্যাংকে বরাবরের মতো দেশের প্রথিতযশা ও খ্যাতিমান অডিটর রহমান রহমান হক, হোদা ভাসী চৌধুরী অ্যান্ড কো:, একনাবীন, এ কাশেম অ্যান্ড কোম্পানিকে দিয়ে বার্ষিক অডিট করেছে। তারা কোনো সময় এই প্রতিষ্ঠানের আর্থিক অনিয়ম হয়েছে- এমন কোনো মন্তব্য করেনি।

এ ছাড়া, বাংলাদেশ ব্যাংকের পরিদর্শক টিম এবং সরকার গঠিত কমিটি ও কমিশন এ ধরনের কোনো অনিয়ম খুঁজে পায়নি। তাছাড়া গ্রামীণ ব্যাংকের শুরু থেকে প্রফেসর মুহাম্মদ ইউনূসের কর্মকালীন সময়ে গ্রামীণ ব্যাংক বোর্ড পরিচালিত হয়েছে সমাজের শ্রদ্ধাভাজন ও বিদগ্ধ ব্যক্তিদের দ্বারা, যারা সবাই সরকার নিযুক্ত ছিলেন। তারা হলেন:-

ক. প্রফেসর ইকবাল মাহমুদ, ভাইস চ্যান্সেলর, বুয়েট
খ. ড. মো. কায়সার হোসাইন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
গ. ড. হারুনুর রশিদ, অ্যাডিশনাল সেক্রেটারি, অর্থ মন্ত্রণালয়
ঘ. ড. আকবর আলী খান, অ্যাডিশনাল সেক্রেটারি, অর্থ মন্ত্রণালয়
ঙ. প্রফেসর রেহমান সোবহান, এক্সিকিউটিভ চেয়ারম্যান, সেন্টার ফর পলিসি ডায়ালগ
চ. তবারক হোসেন, সেক্রেটারি, পররাষ্ট্র মন্ত্রণালয়

কাজেই মানি লন্ডারিংয়ের মতো অভিযোগ সম্পূর্ণ মিথ্যা (বাকি অংশ ১৫ পাতায়)

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405



OPEN 24 HOURS

35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052



Sarwor Khan
LIC. Real Estate Saleperson
Cell: 347-665-7580

EXIT REALTY PRIME

This is the best time to Buy or Sell your home

বাড়ী কিনার এখনই উপযুক্ত সময়
সুলভে বাড়ী কিনতে
আমাদের সাথে যোগাযোগ করুন

- Residential
- Commercial
- Co-op Condo
- HUD
- Pre-Forclosure
- Rental & Short Sale

- রেসিডেনসিয়াল
- কমার্শিয়াল
- কো-অপ কনডো
- HUD-বাড়ি
- প্রি-ফরক্লোজার
- ভাড়া ও শর্ট সেল



189-10 Hillside Ave, Jamaica NY 11423
Tel: 718-262-0205 Cell: 347-665-7580
Email: sarworexitrealty@gmail.com, Web:Exitprimeny.com

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে
বাসায় অত্যাধুনিক হিটিং ও
এয়ারকন্ডিশন লাগাতে চান?

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

নতুন বছর উপলক্ষে ৫০% সেল



স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন



তোফায়েল চৌধুরী (লিটন)

এই অত্যাধুনিক সিস্টেমে আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে



আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
GREE MECHANICAL YONKERS
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেডনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্রাত্র ১ মিলিয়ন বা নূন্যতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অর্জনে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

চাকরে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

ব্রঙ্কসে সম্মিলিতভাবে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনে উদযাপন কমিটি গঠিত

নিউইয়র্ক: মহান একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সম্মিলিতভাবে উদযাপিত হবে ব্রঙ্কস বাংলাদেশ কমিউনিটির উদ্যোগে। এতে অংশ নিচ্ছে স্থানীয় ১৭টি সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন। আগামী ২০ ফেব্রুয়ারী সন্ধ্যা ৬টায় ব্রঙ্কসে আল আকসা পার্টি হলে ব্রঙ্কস বাংলাদেশ কমিউনিটির উদ্যোগে একুশের অনুষ্ঠানমালা শুরু হবে। ২১ ফেব্রুয়ারীর প্রথম প্রহরে অস্থায়ী শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে অনুষ্ঠান শেষ হবে।

অনুষ্ঠান সফল করার লক্ষে গত ২৭ জানুয়ারী ব্রঙ্কসের খলিল বিরিয়ানী চাইনিজ রেষ্টুরেন্টে বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ এক মতবিনিময় সভায় মিলিত হন। গঠন করা হয় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন কমিটি। সভায় মাহবুব আলম আহবায়ক, মামুন ইসলাম সদস্য সচিব ও মাকসুদা আহমেদ প্রধান সমন্বয়কারী নির্বাচিত হন। কমিটির অন্যান্য কর্মকর্তারা হলেন: যুগ্ম আহবায়ক- ফরিদা ইয়াসমীন, সামাদ মিয়া জাকের, কাজি রবিউজ্জামান, কামাল উদ্দীন ও শেখ জামাল হোসেন, সমন্বয়কারী- মোশাহিদ চৌধুরী, সারোয়ার চৌধুরী, বুরহান উদ্দীন, মুকিত চৌধুরী, মছনুর রহমান, মাসুদ রহমান, বিলাল উদ্দীন, কাজি হাসান ও সুজন আহমেদ, যুগ্ম সদস্য সচিব- ইমরান আলী টিপু, মোহাম্মদ আলাউদ্দীন, আরিফ রেজা, কামরুজ্জামান শামীম ও স্বপন তালুকদার, সার্বিক তত্ত্বাবধানে আব্দুল গাফফার চৌধুরী, মোহাম্মদ শামীম মিয়া, মঞ্জুর চৌধুরী জগলুল ও সাইদুর রহমান লিংকন। বিশেষ সহযোগিতায় মেহের চৌধুরী, রেক্সোনা মজুমদার, জুলি রহমান, কামরুন্নাহার রিতা, সালমা সুমি ও মনিকা মন্ডল। কমিটির উপদেষ্টা আব্দুস শহীদ, আব্দুর রব দলা মিয়া, আব্দুর রহিম বাদশা, জুনেদ আহমেদ চৌধুরী, শেখ আল মামুন, হাসান আলী, খলিলুর রহমান, কায়ছারুজ্জামান কয়েস, বখতিয়ার রহমান, নজরুল হক, মোহাম্মদ সোলায়মান আলী, খবির উদ্দিন, জামাল উদ্দিন, মমতাজ উদ্দিন, শ্যামল কান্তি চন্দ, মিয়া মোহাম্মদ দাউদ প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি।

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

40-19 73rd St. Woodside, NY 11372
Tel: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।





আমাদের কোন শাখা নেই

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল,এল,এম, করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ফেব্রুয়ারী ২০২৪ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) ফেব্রুয়ারী ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ফেব্রুয়ারী ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ফেব্রুয়ারী মাসের ভিসা বুলেটিনের প্রাপ্যতা দেয়া হলো। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ফাইনাল অ্যাকশন ডেট বলতে সেই ডেটকে বুঝায় যখন ইউএসসিআইএস জমা দেয়া আবেদন সম্পর্কে তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দেবে। প্রায়োরিটি ডেট হবে এই ডেটের পূর্বে। ফেব্রুয়ারী ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় ফ্যামিলি ভিত্তিক ভিসা বুলেটিনে অগ্রগতি দেখা যায় না।

ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ১ জানুয়ারী ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ ফেব্রুয়ারী ০৮, ২০২০।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ অক্টোবর ০১, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ২২ এপ্রিল ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ২২ মে ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

নিউইয়র্ক থেকে সাবিহা চৌধুরীর প্রশ্নঃ

আমার করা আবেদনে আমার মা-বাবা গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে বসবাস করছেন। তাদের বয়স ৬০ উর্ধ্ব। আমি তাদের সিটিজেনশীপের জন্যে আবেদন করতে চাচ্ছি। আমি শুনেছি অসুস্থ এবং বয়স্ক ব্যক্তিদের জন্যে নির্দিষ্ট কিছু সুবিধা রয়েছে। এ ব্যাপারে আপনার



পরামর্শ পেলে বিশেষভাবে উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো।

সাহিবা চৌধুরীর প্রশ্নের উত্তরঃ

ন্যাচারালাইজেশন ইন্টারভিউ এবং মেডিক্যাল ডিস্যাবিলিটি এক্সপেনশন টেস্টঃ

ন্যাচারালাইজেশন ইন্টারভিনিউর সময় ইউএসসিসআইএস কর্মকর্তা আপনার আবেদনপত্র এবং ব্যাকগ্রাউন্ড সম্পর্কে প্রশ্ন করবেন। এছাড়াও ইংরেজি এবং সিভিক জ্ঞান সম্পর্কে প্রশ্ন করা হবে।

* ইংরেজি পরীক্ষার সময় অবশ্যই পড়া, লেখা এবং কথাবলাসহ ইংরেজি ভাষা বুঝার মতো দক্ষতা আছে এটা প্রমাণ করতে হবে।

* সিভিক টেস্টের সময় ইউএস গভর্নমেন্ট এবং ইতিহাস সম্পর্কে গুরুত্বপূর্ণ এবং প্রশ্নের উত্তর দিতে হবে।

উল্লেখ্য যে, ন্যাচালাইজেশন আবেদনকারীকে দুটি পরীক্ষাই দিতে হবে। তবে কোন কোন আবেদনকারীর বয়স, সময় এবং কতিপয় শারীরিক অবস্থা বিবেচনায় তাদের পরীক্ষা মওকুফ হতে পারে।

শারীরিক সক্ষমতা ব্যতিক্রমের জন্য এন-৬৪৮ঃ

এন-৬৪৮ বা অক্ষমতার জন্য মওকুফ কী?

এ অক্ষমতার কারণে ব্যতিক্রম প্রমাণের জন্য বা ফরম এন-৬৪৮ কিংবা ইংরেজি পড়তে, লিখতে, বলতে পারা অথবা ইউএসএ'র ইতিহাস এবং সিভিক জ্ঞানে পাশ করার যোগ্যতা আছে এমন কিছু আবেদনকারীর এবং শারীরিক অবস্থা বিবেচনায় নিয়ে মেডিক্যাল টেস্ট রহিত করা বা মওকুফের অনুমোদন মঞ্জুর হলে আবেদনকারী নিজ ভাষায় প্রশ্নের উত্তর বলতে পারবে- কিংবা তাকে কোন পরীক্ষা দিতে হবে না।

এন-৬৪৮ এর জন্য কারা যোগ্য?

এন-৬৪৮ এর জন্য ৩টি মৌলিক বিষয় লাগবেঃ

* ব্যক্তির শারীরিক অক্ষমতা অথবা অসুবিধা,

* শারীরিক পরিস্থিতি কমপক্ষে ১২ মাস অপরিবর্তিত ছিলো বা ১২ মাস একই অবস্থায় থাকার আশঙ্কা এবং

* অক্ষমতা এবং অপরাগতার কারণে ইংরেজি বা সিভিক জ্ঞান অর্জন করতে না পারা।

এন-৬৪৮ এর জন্য কী ধরনের শারীরিক পরিস্থিতি জরুরী?

আবদেনকারীকে চিকিৎসা ব্যবস্থায় প্রমাণযোগ্য হতে হবে যে তিনি এ কারণে ইংরেজি এবং ইউএস ইতিহাস সম্পর্কে জ্ঞান অর্জন করতে পারেন নাই।

কাদের এন-৬৪৮ আবেদন করা উচিৎ না?

কোন আবেদনকারীর অক্ষমতা থাকলেও শিক্ষার জন্য যুক্তিযোগ্য পরিস্থিতি যদি থাকে, সেক্ষেত্রে পরও এন-৬৪৮ আবেদন করা উচিৎ না।

যুক্তিযোগ্য পরিবেশে বলতে এমন পরিবেশ বোঝায় যা তার শিক্ষা অর্জনে বাঁধা হয়ে দাঁড়িয়েছিলো। নিরক্ষতা বা অধিক বয়স এটা কেবল প্রতিপন্ন করে না যে ইংরেজি এবং সিভিক জ্ঞানের পরীক্ষা মওকুফের আবেদন জানাতে হবে।

এন-৬৪৮ ফরমঃ

এন-৬৪৮ এর আবেদন জানাতে হবে। আবেদনের এই ফরম ইউএসসিআইএস ওয়েব সাইটে পাওয়া যাবে। উল্লেখ্য যে, এই ফরম কেবল মেডিক্যাল ডাক্তার (এমডি) অস্টিওপ্যাথি, ডাক্তারা (ডিও) এবং ক্লিনিক্যাল সাইকোলজিস্টরাই পূরণ করতে পারবে। ঐ ডাক্তারদের অবশ্যই ইউএসএস'র লাইসেন্সধারী হতে হবে।

যিনি ফরম পূরণ করবেন তাকে আবেদনকারীকে পরীক্ষা করতে হবে। ডাক্তারকে রোগ নির্নয় ও কীভাবে তা সম্পন্ন হয়েছে তার বর্ননা দিতে হবে। ডাক্তারকে এও সত্যায়ন করতে হবে যে বিদ্যমান পরস্থিতি কীভাবে তার ইংরেজি ও সিভিক জ্ঞান অর্জনে বাঁধা হয়ে দাঁড়িয়েছিলো। এবং তা কমপক্ষে ১২ মাচ ছিলো। অথবা নিরাময় হতে ১২ মাস লাগবে। ডাক্তারকে সাধারণ টার্ম ব্যবহার করে এন-৬৪৮ ফরম পূরণ করতে হবে যেন সেটা মেডিক্যাল প্রশিক্ষণ ছাড়াও একজন বুঝতে পারেন। ডাক্তারের যদি কোন ব্যাখ্যার প্রয়োজন হয় তবে তিনি আপনার এটর্নীর সঙ্গে পরামর্শ করতে পারেন।

প্রয়োজনবোধে একজন এটর্নীর সাথে আলোচনা করতে পারেন। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

বাংলা পড়েও আমরা কেন

(প্রথম পাতার পর)

বাংলা পড়েও আমাদের শিক্ষার্থীরা বাংলা ভাষায় দুর্বল থেকে যাচ্ছেন। তাঁরা বাংলা ভালো লিখতে পারছেন না, বাংলা লেখা সম্পাদনাও করতে পারছেন না। ইংরেজির ক্ষেত্রেও একই ধরনের দুর্বলতা রয়েছে। তা নিয়ে কথাও বলেন অনেকে। কিন্তু বাংলার দুর্বলতা নিয়ে একটু দীর্ঘশ্বাসও শোনা যায় না।

পত্রপত্রিকা, রেডিও-টেলিভিশন, প্রকাশনা সংস্থা ও নানা ধরনের প্রতিষ্ঠান থেকে প্রায়ই বাংলা জানা শিক্ষার্থীর খোঁজ করা হয়। সবাই মনে করেন, যাঁরা বাংলায় অনার্স-মাস্টার্স করেছেন, তাঁরা নিশ্চয় বাংলা ভালো জানেন। লেখালেখির কাজ থেকে শুরু করে ভাষা-সম্পাদনার কাজ এসব শিক্ষার্থী ভালো পারবেন বলে অনেকের ধারণা। লজ্জা নিয়েই বলতে হয়, বিশ্ববিদ্যালয়ের অন্য বিভাগের শিক্ষার্থীদের চেয়ে এ কাজে বাংলার শিক্ষার্থীদের বাড়তি দক্ষতা তৈরি হয় না।

এর পেছনে সবচেয়ে বড় কারণ, বিশ্ববিদ্যালয় পর্যায়ে বাংলা বিষয়ের পাঠ্যক্রম প্রণয়ন ও পাঠদানের পদ্ধতিতে ঘাটতি রয়েছে। তাই বাংলা বিষয়ের অধীন ৩০ থেকে ৪০টি কোর্স সম্পন্ন করেও ভাষাগত দুর্বলতা থেকেই যাচ্ছে। এসব কোর্সের লক্ষ্য ও উদ্দেশ্য আছে; কিন্তু তা নির্ধারণ করা হয়েছে পাঠ্যবিষয় নির্ধারণ করার পরে। অথচ ব্যাপারটা ঠিক উল্টো হওয়ার কথা। মানে, আগে লক্ষ্য ও উদ্দেশ্য ঠিক করতে হবে এবং এর ভিত্তিতে পাঠ্যক্রম ও পাঠ্যবিষয় নির্ধারণ করতে হবে। তার চেয়েও বড় কথা, পাঠ্যক্রম তৈরির আগে শিক্ষাক্রম প্রণয়ন করা দরকার ছিল। দুর্ভাগ্যজনক হলেও সত্যি, বিশ্ববিদ্যালয়গুলোয় অধিকাংশ বিষয়ের মতো বাংলা বিষয়েরও কোনো শিক্ষাক্রম নেই। ফলে শিক্ষার্থী কোন বিষয়ে কতটুকু দক্ষতা অর্জন করবেন কিংবা কীভাবে অর্জন করবেন, এর দিকনির্দেশনা পাওয়া যায় না।

বিশ্ববিদ্যালয়ে 'বাংলা' নামে আসলে বাংলা সাহিত্য পড়ানো হয়। নামমাত্র ভাষাবিজ্ঞান বা ব্যাকরণের কোর্স আছে। সেসব কোর্সের গঠন এমন, যা দৈনন্দিন জীবনে ভাষা ব্যবহারের ক্ষেত্রে কোনো কাজে আসে না। ভাষা-সম্পাদনা খুবই গুরুত্বপূর্ণ কাজ হলেও বাংলার শিক্ষার্থীদের এই দক্ষতা তৈরি হয় না। এমনকি সাহিত্য হিসেবে বাংলা পড়লেও তাঁরা সাহিত্যিকদের ভাষা ব্যবহারের বিশেষত্বও চিহ্নিত করতে পারেন না। পরীক্ষার জন্য শিক্ষার্থীরা কিছু তালিকা করা প্রশ্নের উত্তর মুখস্থ করেন মাত্র। সাহিত্য পড়লেও সাহিত্য বিচার করার গুণও তৈরি হয় না তাঁদের মধ্যে। অথচ শিক্ষাক্রম থাকলে শিক্ষার্থীদের অর্জনযোগ্য যোগ্যতা নির্ধারণ করা যেত। সেই অনুযায়ী পাঠ্যক্রম তৈরি করলে তা অধিকতর কাজেরও হতো।

ভাষাদক্ষ শিক্ষার্থী তৈরির জন্য শিক্ষাক্রম ও পাঠ্যক্রম প্রণয়নের সময় লক্ষ্য সুনির্দিষ্ট করতে হবে। পাঠ্যবই প্রণয়ন, পাঠদানের পদ্ধতি নির্ধারণ ও মূল্যায়নের প্রক্রিয়া ঠিক করার ক্ষেত্রেও সেই লক্ষ্যের কথা মাথায় রাখতে হবে

বাংলার শিক্ষার্থীরা হয়তো কবিতা লিখবেন না, কিন্তু তাঁদের কবিতা বুঝতে পারার কথা। তাঁরা হয়তো নাটকে অভিনয় করবেন না, কিন্তু নাটক দেখে আলোচনা লিখতে পারার কথা। হয়তো কবিতা আবৃত্তি করবেন না, কিন্তু উচ্চারণের ত্রুটি ধরতে পারার কথা। নিদেনপক্ষে বাংলার শিক্ষার্থীদের কোনো বিষয়ের বিবরণ দেওয়া বা ব্যাখ্যা-বিশ্লেষণ করতে পারার কথা এবং সমালোচনা লিখতে পারার কথা। আশা করা যায়, তাঁরা কোনো লেখার সারসংক্ষেপ তৈরি করতে পারবেন কিংবা কোনো লেখাকে কাটাছেঁড়া করে সংশোধন করতে পারবেন। কিন্তু এসব দক্ষতা বাংলা পড়ে যে অর্জন করা যায় না, তা বাংলার শিক্ষকেরাও জানেন। যে দু-চারজন যে ভাষাদক্ষ ছেলেমেয়ে দেখা যায়, তাঁরা মূলত নিজের চেষ্টায় তা অর্জন করেছেন।

দৈনন্দিন জীবনে ও দাপ্তরিক কাজে ভাষাদক্ষতা বাড়ানোর জন্য সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে বাংলা আবশ্যিক কোর্স হিসেবে যুক্ত হয়েছে। কিন্তু এই কোর্সের নকশাও এমনভাবে করা হয়েছে, যার মাধ্যমে ভাষার প্রকৃত দক্ষতা অর্জন করা সম্ভব নয়। কারণ, এখানেও সাহিত্য হয়েছে প্রধান পাঠ। আর ব্যাকরণ অংশে যা পড়ানো হয়, তা ব্যবহারিক ভাষা প্রয়োগে কাজে লাগে না।

সাধারণের মধ্যে এ ধারণা রয়েছে, বাংলা মাতৃভাষা হওয়ার কারণে আমরা বাংলার প্রতি যথেষ্ট যত্নশীল নই। তাই বাংলা পড়া শিখতে দেরি হয়, লিখতে গেলে ভুল হয়। কিন্তু আমাদের ভাষা-দুর্বলতার মূল কারণ শিক্ষাপরিকল্পনার ত্রুটি। বিশেষ করে স্কুল-কলেজ পর্যায়ে ১২ বছরের সাধারণ বাংলা শেখার মধ্যে লক্ষ্য নির্ধারণে ত্রুটি রয়েছে। প্রথম শ্রেণি উত্তীর্ণ হওয়ার আগেই আমরা ধরে নিই, শিক্ষার্থীরা বাংলা পড়তে ও লিখতে শিখে গেছে। তাই দ্বিতীয় শ্রেণির বই থেকে ভাষা শেখার কোনো কাজ দেওয়া হয় না। অথচ বিভিন্ন জরিপে ও বাস্তব অভিজ্ঞতায় দেখা যায়, চতুর্থ-পঞ্চম শ্রেণিতে উঠেও বাংলাদেশের অনেক শিক্ষার্থী বাংলা পড়তে ও লিখতে পারে না।

বাংলা পড়তে পারা বলতে বোঝানো হয় বুঝে পড়া, কেবল উচ্চারণ করে পড়া নয়। আর লিখতে পারা বলতে বোঝানো হয় নিজের মতো লিখতে পারা। পড়ার ও লেখার ঘাটতি থাকার দরুন অন্যান্য বিষয়েও শিক্ষার্থীর দুর্বলতা তৈরি হয়। এমনকি বিদ্যালয়ে এসে শিক্ষার্থীর ধীরে ধীরে প্রমিত উচ্চারণেও কথা বলতে পারার কথা। শিক্ষাক্রমে তা নির্দেশ করাও আছে। অথচ এমন কোনো পাঠ বা কার্যক্রম নেই, যাতে শিক্ষার্থী প্রমিত উচ্চারণেও কথা বলতে পারে। তা ছাড়া পড়তে ও লিখতে শেখার মধ্যে ভাষাশিক্ষার প্রাথমিক কাজ সম্পন্ন হয় কেবল। এর বাইরেও ভাষাদক্ষতা অর্জনের জন্য আরও অনেক চর্চা ও অনুশীলন রয়েছে। বিশেষ করে অনুবাদ ও পরিভাষা তৈরির কাজে ভাষাদক্ষতার প্রয়োজন আছে। বানান ও ভাষারীতির মানোন্নয়নের প্রশ্নেও উচ্চতর ভাষাজ্ঞানের প্রয়োজন। দুঃখজনক ব্যাপার, আমাদের উচ্চতর গবেষণায় ভাষার ব্যাপারে আগ্রহ কমতে শুরু করেছে কয়েক দশক ধরে। এ কারণে ভাষা নিয়ে কাজ করানোর মতো পণ্ডিতজনেরও অভাব তৈরি হয়েছে। ভাষাদক্ষ শিক্ষার্থী তৈরির জন্য শিক্ষাক্রম ও পাঠ্যক্রম প্রণয়নের সময় লক্ষ্য সুনির্দিষ্ট করতে হবে। পাঠ্যবই প্রণয়ন, পাঠদানের পদ্ধতি নির্ধারণ ও মূল্যায়নের প্রক্রিয়া ঠিক করার ক্ষেত্রেও সেই লক্ষ্যের কথা মাথায় রাখতে হবে।

লেখক: ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক

যুক্তরাষ্ট্রের আশঙ্কা মহাকাশে

(প্রথম পাতার পর)

চালায় বলে ধারনা করা হচ্ছে। আর আমেরিকান গোয়েন্দা কর্মকর্তারা এর রহস্য উদঘাটনে এখন ব্যস্ত। তারা বুঝতে চান, রাশিয়া আসলে তখন করেছে টা কি?

মিউনিখে চলমান নিরাপত্তা সম্মেলনে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি জে বিনকেন দিলেন নতুন আরেক তথ্য। তিনি জানালেন যুক্তরাষ্ট্র আশঙ্কা করছে, মহাকাশে আনবিক বোমা স্থাপন করছে রাশিয়া। গোয়েন্দা তথ্যের ভিত্তিতে তিনি এই উদ্বেগের কতা জানান। নিউইয়র্ক টাইমস এ খবর দিচ্ছে।

গুপ্তচর সংস্থাগুলো আবিষ্কার করে ইউক্রেন যুদ্ধের শুরুর দিকে নতুন ধরনের মহাকাশভিত্তিক অস্ত্র নিয়েই কাজ করছিলো রাশিয়া। এবং এমনটা যদি হয়েই থাকে তাহলে পৃথিবীকে যুক্ত করা হাজার হাজার স্যাটেলাইট এখন হুমকির মুখে।

সাম্প্রতিক সপ্তাহগুলো, নতুন এক সতর্কতা জারি করা হচ্ছে আমেরিকার গুপ্তচর সংস্থা থেকে। তারা বলছে, আরও একটি সামরিক স্যাটেলাইট উৎক্ষেপণ নিয়ে কাজ করছে রাশিয়া এবং প্রশ্ন হচ্ছে- তারা কি এখন মহাকাশে আনবিক বোমা পাতার উদ্যোগ নিয়েছে? সেটা যদি হয়ে থাকে তাহলে তা হবে অর্ধ-শতাব্দী আগে নেওয়া চুক্তির বরখেলাপ।

গোয়েন্দা সংস্থাগুলো অবশ্য এ বিষয়ে সকলে একমত হতে পারে নি যে, প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন এতদূর যেতে পারেন। তবে সংস্থাগুলো থেকে পাওয়া এমন তথ্য বাইডেন প্রশাসনকে নতুন উদ্বেগের মধ্যে ফেলেছে।

আর রাশিয়া যদি অরবিটে একটি আনবিক বোমা পেতেও থাকে, যুক্তরাষ্ট্রের কর্মকর্তা মনে করছেন কখনো এই বোমা ডিনোটেড করা হবে না। বরং এটা হতে পারে পুতিনের নতুন খেলা। এর মধ্য দিয়ে পুতিন বিশ্বের অন্য শক্তিগুলোকে একটা চাপের মুখে রাখতে চাইছেন। আর এই বার্তা দিচ্ছেন, তার খেয়ালখুশিতে কেউ যদি বাধা দিতে চায়, কিংবা কোনো দেশ নিষেধাজ্ঞা দেয়, ইউক্রেন যুদ্ধ নিয়ে বাড়াবাড়ি করে তাহলে তার হাতে এমন অস্ত্র রয়েছে যা বিশ্বের অর্থনীতিকে নিমেষে পঙ্গু করে দিতে পারবে। এ জন্য তাকে পৃথিবী পৃষ্ঠে মানুষকে লক্ষ্যবস্তুতে পরিণত না করলেও চলবে।

ঋণ জালিয়াতি দায়ে প্রায় ৩৫ কোটি

(প্রথম পাতার পর)

লাখ ডলার জরিমানা করা হয়েছে।ট্রাম্পের বিরুদ্ধে দায়ের হওয়া এক দেওয়ানি মামলার শুনানি শেষে গত ১৬ ফেব্রুয়ারী শুক্রবার নিউইয়র্কের এক বিচারপতি এ আদেশ দিয়েছেন। বিচারপতি আর্থার এনগোরন তিন বছরের জন্য ট্রাম্পকে নিউইয়র্ক করপোরেশনের কর্মকর্তা কিংবা পরিচালক পদেও নিষিদ্ধ করেছেন।

নিউইয়র্কের অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস সাবেক প্রেসিডেন্ট ট্রাম্পের বিরুদ্ধে দেওয়ানি মামলাটি দায়ের করেন। তিনি অভিযোগ করেছেন, মোটা অঙ্কের ঋণ পেতে ট্রাম্প ব্যাংকারদের কাছে তাঁর নিজের ও ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর সম্পদের মূল্য ফুলিয়েফাঁপিয়ে দেখিয়েছেন। নিউইয়র্কের ম্যানহাটানের একটি আদালতে তিন মাস ধরে বিচারকাজ চলার পর গতকাল বিচারপতি এনগোরন কোনো জুরি ছাড়াই রায় ঘোষণা করেন।

ট্রাম্প তাঁর বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করেছেন। তাঁর দাবি, নির্বাচিত ডেমোক্র্যাট নেতা জেমস রাজনৈতিক প্রতিহিংসা থেকে মামলাটি করেছেন। শুক্রবার এনগোরন এ মামলায় গত সেপ্টেম্বরে তাঁর দেওয়া রুলটি বাতিল করেছেন। ওই রুলে বলা হয়েছিল, যে কোম্পানিগুলো ট্রাম্পের আবাসন ব্যবসাসংক্রান্ত সাম্রাজ্যের স্তম্ভগুলো নিয়ন্ত্রণ করে, সেগুলো যেন 'বিলুপ্ত' করে দেওয়া হয়। তবে শুক্রবার এনগোরন বলেছেন, এর আর প্রয়োজন পড়বে না। কারণ, তিনি ট্রাম্পের ব্যবসার ওপর নজর রাখার জন্য একজন স্বাধীন পর্যবেক্ষককে নিয়োগ দিচ্ছেন।

এনগোরন তাঁর রুলে লিখেছেন, এ মামলায় ট্রাম্প ও অন্য বিবাদীরা নিজেদের ভুল স্বীকার করতে অক্ষম হয়েছেন। এর বদলে তাঁরা সত্য লুকাতে এমন অঙ্গভঙ্গি করেছেন যেন- মন্দ কিছু দেখবেন না, মন্দ কিছু শুনবেন না ও মন্দ কথা বলবেন না।

এদিকে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া পোস্টে ট্রাম্প বিচারপতি এনগোরনকে 'অসাধু' বলে উল্লেখ করেছেন। আর জেমস লেটিশিয়াকে তিনি বলেছেন 'দুর্নীতিবাজ'। এনগোরনের সিদ্ধান্তকে 'সম্পূর্ণ মিথ্যা' উল্লেখ করে ট্রাম্প লিখেছেন, 'আমরা কোনো অবিচারকে প্রতিষ্ঠিত হতে দিতে পারি না।' ট্রাম্পের আইনজীবী অ্যালিনা হাবা বলেছেন, তাঁরা রুলের বিরুদ্ধে আপিল করবেন।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনৃক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্ম

ফেডারেল ডিজএবিলিটি

(কোন অগ্রিম ফি নেয়া হয় না)

Immigration

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.





ফ্লোরিডায় এশিয়ান এক্সপো মেলা ২-৩ মার্চ

(শেষের পাতার পর)

সভাপতিত্বে অনষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন সংগঠনের প্রতিষ্ঠকালীন সাধারণ সম্পাদক এম. ফজলুর রহমান এবং বিশেষ অতিথি ছিলেন দিনাজ খান সহ সংগঠনের প্রাক্তন নেতা নান্নু আহমেদ, ওসমান চৌধুরী অপু, মোহাম্মদ আলমগীর, রানা খান, ইফতেখার চৌধুরী রিংকু ও মোহাম্মদ মুজিব উদ্দিন। সভায় সংগঠনের প্রাক্তন ও বর্তমান নেতৃবৃন্দ উপস্থিত হয়ে বক্তব্য রাখেন। সভায় বিভিন্ন স্তরের নেতা ও কর্মীগণ তাদের মত প্রকাশ করেন।

সভায় আরো বক্তব্য রাখেন সংগঠনের সিনিয়র সহ-সভাপতি রানা হক, কো-কনভেনর মোহাম্মদ আলমগীর, ইভেন্ট চেয়ারম্যান মোহাম্মদ হক রনি, সংগঠনের পরিচালকমন্ডলীর সদস্য ও সাবেক কনভেনর নূরুদ্দিন শেখ, কো-চেয়ারম্যান আশরাফ কামাল, কো-চেয়ারম্যান ডা. আনোয়ারুল করিম, চীফ কোর্ডিনেটর জনাব মোহাম্মদ সাজ্জাদ হাসান, ম্যাগাজিন চেয়ারম্যান মীর রাসেল, চন্দন দাস, শামীম আহমেদ প্রমুখ। সভায় মেলা আয়োজক সংগঠনের সভাপতি এডভোকেট এম, রহমান জহির মেলার প্রস্তুতি ও বিভিন্ন বিষয় তুলে ধরে বলেন যে, আগামী ১ মার্চ শুক্রবার অ্যাওয়ার্ড সিরোমনি ও গালা-নাইট অনুষ্ঠানে প্রধান অতিথি এবং ২ মার্চ শনিবার মেলার শুভ উদ্বোধন করবেন প্রধান অতিথি বাংলাদেশ সরকারের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী র, আ, ম, ওবায়দুল মোক্তাদির চৌধুরী। মেলায় বাংলাদেশ হতে আগত বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন যথাক্রমে আমিনুল ইসলাম আমিন ও আ-ফজালুর রহমান বাবু। এছাড়াও উপস্থিত থাকবেন ওয়াশিংটন ডিসিস্থ বাংলাদেশ দূতাবাস, বাংলাদেশ কনস্যুল জেনারেল অফিস ক্যালিফোর্নিয়া ও ফ্লোরিডার কর্মকর্তাবৃন্দ। সভায় তিনি আরো আশাবাদ ব্যক্ত করেন যে উক্ত অনষ্ঠানে উপস্থিত থাকেবেন ফ্লোরিডা রাজ্যের সিনেটর, কংগ্রেসম্যান ও স্থানীয় সিটির মেয়রগণ। তিনি অনষ্ঠিতব্য মেলাটি সাফল করতে সকলের প্রতি অনুরোধ জানান এবং কতিপয় দুর্নীতিগ্রস্থ নেতা কর্তৃক আত্নসাতকৃত ১৮৫,০০০/০০ ডলারের বিষয়টি জোড়ালোভাবে সকলকে অবহিত করেন।

পরিশেষে সভার সভাপতি সঞ্জয় সাহা তার সমাপনি ও জালাময়ী বক্তব্যে সকলকে একতা ও নিষ্ঠার সাথে কাজ করে সকল অপশক্তি রুখে মেলাটি সাফল্যমন্ডিত ও প্রাণবন্ত করার আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষনা করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

ফেসবুকসহ স্যোসাল মিডিয়ার

(প্রথম পাতার পর)

এরিক অ্যাডামস জানিয়েছেন, নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এন্ড এনওয়াইসি হেলথ প্লাস হসপিটাল ক্যালিফোর্নিয়া সুপিরিয়র কোর্টে এ মামলা দায়ের করেছে। মামলায় বিবাদী করা হয়েছে ফেইসবুক টিকটক, ইনস্টাগ্রাম, স্ন্যাপচ্যাট এবং ইউটিউবকে। যুব সমাজের মানসিক স্বাস্থ্য সংকটে এ সামাজিক যোগাযোগ মাধ্যমগুলো 'আগুনে ঘি দেওয়া'র মতো কাজ করছে বলেও মন্তব্য করেন মেয়র এরিক অ্যাডামস ।

মেয়র অ্যাডামস বলেন, তরুনদের মানষিক স্বাস্থ্য সুরক্ষায় নিউইয়র্ক সিটি বছরে একশো মিলিয়ন ডলার ব্যায় করছে। অথচ, স্যোসাল মিডিয়ার ধ্বংসাত্মক ছোবলে পুরো প্রচেষ্টাই বৃথা যাচ্ছে। স্যোসাল মিডিয়ার অনিয়ন্ত্রিত ব্যবহার এবং আসক্তির কারণে নতুন প্রজন্মের মানষিক ও শারীরিক বিকাশ ঘটছে না। তিনি জানান, সিটিতে প্রতিবছর তরুণ-তরুণীদের একটি বড় অংশ মানষিক বিকলাঙ্গতা নিয়ে বড় হচ্ছে। এর পেছনে রয়েছে স্যোসাল মিডিয়ার আসক্তি। ইতোপূর্বে নিউ-ইয়র্ক মিটি কর্তৃপক্ষ টি এজারদের জন্য স্যোসাল মিডিয়ার এক্সেস নিয়ন্ত্রণে একটি নীতিমালা করে দিয়েছিলো। কিন্তু স্যোসাল মিডিয়ার প্ল্যাটফরমগুলো এ নীতিমালা অনুসরণ না করায় মামলা করতে বাধ্য হয়েছেন বলে জানান মেয়র।

যুক্তরাষ্ট্রের শিক্ষা-আবাসন স্বাস্থ্য অবহেলায়

(প্রথম পাতার পর)

আন্তর্জাতিক মানবিক সহায়তা বাবদ ৯০০ কোটি ডলার বরাদ্দ করা হয়েছে, যার কিছু অংশ গাজা উপত্যকায় অবরুদ্ধ ফিলিস্তিনিদের জন্য দেওয়া হতে পারে। তবে সিনেটে বিলটি পাস হওয়ার পর সমালোচকরা বলছেন, গৃহায়ণ, স্বাস্থ্য সুরক্ষা ও শিক্ষার মতো গুরুত্বপূর্ণ খাতগুলোর চেয়ে অস্ত্র খাতকেই বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে।

বিষয়টিকে উদ্বেগের বলে মনে করেন ইনস্টিটিউট ফর পলিসি স্টাডিজের ন্যাশনাল প্রায়োরিটিজ প্রজেক্টের কর্মসূচি পরিচালক লিন্ডসে কোশগারিয়ান। সংবাদমাধ্যম আল-জাজিরাকে এক সাক্ষাৎকারে তিনি বলেন, '৯ হাজার ৫০০ কোটি ডলারের বাজেট, এর মানে হলো যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় বাজেটের পরিমাণ উল্লেখজনক পরিমাণে বেড়েছে। আর এর উল্লেখযোগ্য অংশ যুদ্ধের জন্য বরাদ্দ করা হয়েছে। কোথায় কোথায় বরাদ্দগুলো যাচ্ছে, তা নিয়ে ব্যাপক অমিল আছে।'

চলতি সপ্তাহে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া পোস্টে কয়েকজন পর্যবেক্ষকও সহায়তা বিলটির সমালোচনা করেছেন। তাঁরা প্রয়াত র‍্যাপার টুপ্যাক শাকুরের র‍্যাপ গানের অংশবিশেষ তুলে ধরে লিখেছেন, 'গট মানি ফর ওয়ার, বাট কান্ট ফিড দ্য পুওর' (যুদ্ধের জন্য টাকা আছে, কিন্তু আমরা দরিদ্রদের খাওয়াতে পারি না)।'

সিনেটের বিলটিতে অন্যান্য খাতে বরাদ্দের পাশাপাশি ইউক্রেনের জন্য ৬ হাজার কোটি ডলার সামরিক ও অর্থনৈতিক সহায়তা এবং ইসরায়েলের জন্য ১ হাজার ৪১০ কোটি ডলার নিরাপত্তা সহায়তা দেওয়ার কথা বলা হয়েছে। বিলটির সমালোচকেরা মনে করেন, অস্ত্রের জন্য অর্থ বরাদ্দের অর্থ হলো 'ভালো পথে আসা অর্থের বাজে কাজে ব্যবহার'। সিনেটে পাস হওয়া বিলটি রিপাবলিকান পার্টি নিয়ন্ত্রিত কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে পাঠানো হবে। তবে প্রতিনিধি পরিষদের স্পিকার মাইক জনসন ইঙ্গিত দিয়েছেন, পরিষদে তিনি বিলটি নিয়ে ভোটাভুটি করার সুযোগ দেবেন না। তিনি অভিবাসন বিধিতে সংস্কারের বিষয়টিকে ওই সহ-য়তা প্যাকেজের অন্তর্ভুক্ত করার দাবি জানিয়েছেন।

১৯৬০-এর দশকে যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট লিন্ডন বি জনসনের প্রশাসনের সময়ে ভিয়েতনাম যুদ্ধের তীব্রতা বেড়ে গিয়েছিল। ওই প্রশাসন 'দারিদ্র্যের বিরুদ্ধে যুদ্ধ' কর্মসূচি থেকে সরে গিয়েছিল। লিন্ডন বি জনসনের প্রশাসন থেকেই মূলত যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় সরকার সামাজিক কর্মসূচি খাতে বিনিয়োগ কমিয়ে সামরিক কর্মসূচিতে বড় আকারে বিনিয়োগ করতে থাকে।

গত মে মাসে ন্যাশনাল প্রায়োরিটিজ প্রজেক্ট নামের এক প্রতিবেদনে বলা হয়, ২০২৩ অর্থবছরে কেন্দ্রীয় সরকারের ঐচ্ছিক বাজেটের (জরুরি নয় এমন খাতের জন্য বরাদ্দ) ৬২ শতাংশ এসব কর্মসূচিতে খরচ হয়েছে।

গত মঙ্গলবার ইউএস কংগ্রেসের ডেমোক্রেটিক সদস্য কোরি বুশ এক্সে (সাবেক টুইটার) এক পোস্টে বলেন, 'আমাদের অবশ্যই দেশে এবং দেশের বাইরে মানবিক সহায়তা খাতে বিনিয়োগ করতে হবে। করদাতাদের অর্থ যেন ঢালাওভাবে কোনো অন্তহীন যুদ্ধের পেছনে খরচ না হয়ে যায়, কংগ্রেসকে অবশ্যই তা নিশ্চিত করতে হবে। আমাদের স্থানীয় লোকজনের জন্য গৃহায়ণ, স্বাস্থ্য, শিক্ষা এবং সামাজিক কর্মসূচি খাতে বিনিয়োগ প্রয়োজন।'

###

জয় পেলেন ডেমোক্র্যাট

(প্রথম পাতার পর)

হয়েছেন ডেমোক্র্যাটের সাবেক প্রতিনিধি টম সোয়াজি। গত ১৩ ফেব্রুয়ারী মঙ্গলবার নিউইয়র্কে অনুষ্ঠিত একটি বিশেষ আসনের ভোটে বিজয়ী হয়েছেন তিনি। এর আগে, এই আসনটি রিপাবলিকান জর্জ সান্তোসের দখলে ছিল। খবর ইউএনএ'র।

নিউইয়র্কের থার্ড কংগ্রেসনাল ডিষ্ট্রিক্টে রিপাবলিকান প্রতিদ্বন্দ্বী মাজি মেলেসা পিলিপকে পরাজিত করে তার সাবেক আসনটি জিতেছেন ডেমোক্র্যাট টম সোয়াজি। নির্বাচনে সোয়াজির প্রাপ্ত ভোট ৫৩.৭৫% ভোট অর্থাৎ ৯১,৩৩৮ ভোট আর মাজি পেয়েছেন ৪৬.০৫% ভোট অর্থাৎ ৭৮,২২৯। নির্বাচনী এলাকার ডেমোক্র্যাট দলীয় সমর্থকদের সাথে অধিকাংশ বাংলাদেশী-আমেরিকান সোয়াজিকে সমর্থন করেন।

এদিকে গবেষণা সংস্থা এডিসন রিসার্চ এর অনুমান, প্রতিনিধি পরিষদে ইতোমধ্যেই রিপাবলিকানদের সংখ্যাগরিষ্ঠতা কমে যাওয়ায় আইন পাস করতে হিমশিম খাচ্ছে দলটি। এর মধ্যে আরও একটি আসন হারালো দলটি।

উল্লেখ্য, গত ডিসেম্বরে নৈতিকতাবিরোধী কর্মকা-ের জন্য তাকে কংগ্রেস থেকে বহিষ্কার করা হয়। এর পরই এই আসনের জন্য প্রতিনিধি নির্বাচন প্রয়োজনীয় হয়ে ওঠে।



নিউইয়র্কে স্থায়ী শহীদ মিনার প্রতিষ্ঠা কতদূর?

(শেষের পাতার পর)

সংগঠনগুলো বিশেষ কর্মসূচী গ্রহণ করেছে। এদিকে ৫২'র ভাষা আন্দোলনের শোক এখন শক্তিতে পরিণত হয়েছে। অনেকটা ঘটা করে দেশে-প্রবাসে অমর একুশে পালিত হচ্ছে। কিন্তু নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটির সচেতন প্রবাসীর প্রশ্ন আমাদের স্থায়ী শহীদ মিনার কতদূর? খবর ইউএনএ'র।

বায়ান্ন'র ভাষা আন্দোলনে নিহতদেও স্মরণে নির্মিত শহীদ মিনার এখন আমাদের হৃদয়ের প্রতীক। এই প্রতীক দেশ পেরিয়ে বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ার পাশাপাশি দেশে দেশে স্থায়ী আসন করে নিয়েছে। ফলে যুক্তরাষ্ট্রের একাধিক রাজ্য ছাড়াও কানাডা, জাপান, প্যারিস, ইতালী সহ বিভিন্ন স্থানে প্রবাসী বাংলাদেশী কমিউনিটি ও সংগঠনের উদ্যোগে স্থায়ী শহীদ মিনার প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু বিশ্বের রাজধানী বলে পরিচিত যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে স্থায়ী শহীদ মিনার প্রতিষ্ঠার দাবী দীর্ঘদিন ধরে উঠে আসলেও প্রকৃত উদ্যোগের অভাবে তা আজো বাস্তবায়ত হয়নি। নিউইয়র্কের প্রতিবেশী রাজ্য নিউজার্সী সহ ক্যালিফোর্নিয়ায় স্থায়ী শহীদ মিনার প্রতিষ্ঠিত হলেও কেন নিউইয়র্কে এই উদ্যোগ সফল হচ্ছে সেই প্রশ্ন সচেতন প্রবাসী বাংলাদেশীদের। অথচ এই নিউইয়র্ক রাজ্যে সর্বাধিক প্রবাসীর বসবাস এবং বিপুল সংখ্যক কমিউনটির সংগঠন। প্রশ্ন উঠেছে নিউইয়র্কে শহীদ মিনার প্রতিষ্ঠা কতদূর?

এব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন ইউএসএ'র সভাপতি সাঈদা আক্তার লিলি বলেন, হ্যাঁ আমাদের সকলেরই দাবী নিউইয়র্কে একটি স্থায়ী শহীদ মিনার। কিন্তু কোথায় যেনে আমরা এব্যাপারে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তুলতে পারছি না। এজন্য সম্মিলিত উদ্যোগ প্রয়োজন। তা না হলে এই দাবী পূরণ হবে না। বিশিষ্ট সাংবাদিক ও কমিউনিটি অ্যাক্টিভিষ্ট শেখ সিরাজুল ইসলাম বলেন, মূলত কমিউনিটির নেতৃত্বে ব্যর্থতা আর অনৈক্যের কারণেই নিউইয়র্কে স্থায়ী শহীদ মিনার নির্মাণ হচ্ছে না। অথচ নিউজার্সী, ক্যালিফোর্নিয়া রাজ্যে স্থায়ী শহীদ মিনার নির্মিত হয়েছে। নেতৃত্বে কোন্দল নয়, বরং ঐক্যবদ্ধ হয়ে এই উদ্যোগ বাস্তবায়নে সবাইকে এগিয়ে আসতে হবে।

জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার বলেন, নিউইয়র্কে স্থায়ী শহীদ মিনার নির্মানের জন্য আমরা বিভিন্নভাবে চেষ্টা চালাচ্ছি। কিন্তু কোথায় যেনো আমরা বাধা পড়ে যাচ্ছি। তবে সবাই ঐক্যবদ্ধ হলে এই দাবী বাস্তবায়ন সময়ের দাবী। তিনি বলেন, বাংলাদেশী অধ্যুষিত জ্যামাইকার ক্যাপটিন টেলি পার্ক অথবা ১৬৮ স্ট্রীট আর হোমলেওন স্ট্রীট আর হিলসাইড এভিনিউর ট্রাইঙ্গেল যে স্থানটি এখন সিটি কর্তৃক লিটল বাংলাদেশ এভিনিউ হিসেবে স্বীকৃত সেখানে স্থায়ী শহীদ মিনার হতে পারে বলে তিনি অভিমত ব্যাক্ত করেন। তবে এজন্য সম্মিলিত উদ্যেগ প্রয়োজন।

নিউইয়র্কে একুশের কর্মসূচী: অমর একুশে, মহান শহীদ দিবস তথা আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষ্যে জাতিসংঘের বাংলাদেশ মিশন, ওয়াশিংটন ডিসিস্থ বাংলাদেশ দূতাবাস, নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট ছাড়াও বাংলাদেশ সোসাইটি, ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন ইউএসএ, বাঙালীর চেতনা মঞ্চ ও মুক্তধারা ফাউন্ডেশন, বিভক্ত জালালাবাদ এসেসিয়েশন অব আমেরিকা'র দুই গ্রুপ, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ, বাংলাদেশ ইন্সটিটিউট অব পারফর্মিং আর্টস (বিপা), বাংলাদেশ একাডেমী অব ফাইন আর্টস (বাফা) প্রভৃতি সংগঠন একুশ পালনের কর্মসূচী গ্রহণ করেছে। জানা গেছে, বাংলাদেশ সোসাইটির উদ্যোগে অমর একুশে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠান হবে ২০ ফেব্রুয়ারী বিকেল ৪টা থেকে রাত ১২টা তিব্বতি কমিউনিটি সেন্টারে (৫৭-১২, ৩২ এভিনিউ, উডসাইড, নিউইয়র্ক)।

বাঙালীর চেতনা মঞ্চ ও মুক্তধারা ফাউন্ডেশন বরাবরের মতো ঢাকার সাথে সময় মিলিয়ে বাংলাদেশের একুশের প্রথম প্রহর সময় অর্থাৎ নিউইয়র্কের ২০ ফেব্রুয়ারী মঙ্গলবার বেলা ১টা ১ মিনিটে জাতিসংঘের সামনে নির্মিত অস্থায়ী শহীদ মিনারে পুষ্পস্তবকের মাধ্যমে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানাবে। এজন্য সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে মুক্তধারার বিশ্বজিৎ সাহা ইউএনএ প্রতিনিধিকে জানান।

নিউইয়র্ক পুলিশের হাতে ইলিয়াস হোসেন গ্রেপ্তার

(শেষের পাতার পর)

রপর দেশটির স্থানীয় সময় আজ রোববার (১৮ ফেব্রুয়ারী) সকালে তাকে গ্রেপ্তার করে পুলিশ।

পুলিশের ডিটেকটিভ ব্রায়ান গ্রানশো জানান, স্থানীয় সময় রোববার (১৮ ফেব্রুয়ারী) সকালে স্টাটেন আইল্যান্ড এলাকা থেকে তিনি গ্রেপ্তার হয়েছেন। এরপর তাকে জ্যামাইকার ১১৩ প্রেসেন্ট হাজতে নেওয়া হয়েছে। সোমবার (১৯ ফেব্রুয়ারী) তাকে জামিনের জন্য কোর্টে তোলা হবে বলে আশা করা হচ্ছে।

অনলাইন অ্যাক্টিভিস্ট জ্যাকব মিল্টন ও তার বোন যুক্তরাষ্ট্র বিএনপি নেত্রী নিরু নীরার করা মানহানি মামলায় আত্মসমর্পণ করতে গিয়ে এর আগে গ্রেপ্তার হয়েছিলেন যুক্তরাষ্ট্র প্রবাসী সাংবাদিক ইলিয়াস হোসেন। গ্রেপ্তারের ৬ ঘণ্টা পর ছেড়ে দেওয়া হয় তাকে। গত ১ ফেব্রুয়ারী নিউইয়র্ক সময় সকাল সাড়ে ৭টার দিকে তিনি পুলিশের কাছে আত্মসমর্পণ করতে গেলে তাকে আটক করা হয়েছিল।

সম্প্রতি জ্যাকব মিল্টন ও নিরু নীরাকে নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভিডিও বানান ইলিয়াস। ভিডিওটিকে মানহানিকর ও ভিত্তিহীন দাবি করে মিল্টন ও নিরু ইলিয়াস হোসেনের বিরুদ্ধে সিভিল ও ক্রিমিনাল আইনে মামলা করেন। এরপর তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন যুক্তরাষ্ট্রের আদালত।

এছাড়া বাংলাদেশে মিতু হত্যা মামলা নিয়ে মিথ্যা ও অসত্য তথ্য ছড়ানোর অভিযোগে ২০২২ সালের ২৭ সেপ্টেম্বর পিবিআই প্রধান বনজ কুমার মজুমদার ঢাকার ধানমন্ডি থানায় পালিয়ে থাকা সাংবাদিক ইলিয়াস ও বাবুল আক্তারসহ ৪ জনের বিরুদ্ধে মামলা করেছিলেন। সূত্রঃ দৈনিক ইত্তেফাক।

নিউইয়র্কে কিশোর গ্যাংয়ের গুলিতে হতাহত ৬

(শেষের পাতার পর)

এতে ৩৪ বছর বয়সী একজন নিহত হয়েছে। এছাড়া আহত হয়েছে পাঁচজন। কর্তৃপক্ষ জানিয়েছে, আহতদের মধ্যে চারজনের অবস্থা গুরুতর। ব্রোঙ্কসের মাউন্ট এডেন অ্যাভিনিউয়ে স্থানীয় সময় সোমবার সন্ধ্যায় ঘটনাটি ঘটে। এ ঘটনায় ছয়জনকে হাসপাতালে পাঠানো হয়। তবে তাদের পরিচয় এখনও জানা যায়নি।

আহতদের মধ্যে ১৪ বছর বয়সী একজন মেয়ে ও ১৫ বছর বয়সী ছেলে রয়েছে। বাকি তিন জন ২৮, ২৯ ও ৭১ বছর বয়সী। হতাহতদের মধ্যে কেউ কেউ বিবাদে জড়িত ছিল বলেই জানিয়েছে পুলিশ। অন্যরা ট্রেনের জন্য অপেক্ষা করছিলেন বলে ধারণা করা হচ্ছে। পুলিশ জানায়, মেট্রোরেল স্টেশনে ট্রেনের ভেতরে দুই পক্ষের মধ্যে বিরোধের জেরে গুলির ঘটনা ঘটতে পারে।

নিউইয়র্ক সিটি ট্রানজিট পুলিশের প্রধান মাইকেল ক্যামপার পরে সংবাদ সম্মেলনে বলেন, একটি ট্রেনে দুটি গ্রুপের সংঘর্ষে হতাহতের ঘটনাটি ঘটেছে। ট্রেনটি স্টেশনে আসার সময় গুলি শুরু হয়। এ সময় প্ল্যাটফর্মে থাকা লোকজন আহত হয়।

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm



একুশে ফেব্রুয়ারী সংখ্যা-২০২৪

কথা বলে আমার ভাষায়

ফারুক মাহমুদ

আমার সমস্ত কথা ফুটে আছে প্রকৃতির ঠোঁটে
বাতাসের শতকণ্ঠ চেনাসুর গান হয়ে ওঠে

পর্বত পতঙ্গ পাখি ছায়াঝরা সবুজের ঘ্রাণ
বৃক্ষশাখা হাওয়া আঁকে ক্লান্তিচিহ্ন হলো অবসান
সমুদ্রের ঢেউহাসি অবিশ্রামত জলের আলাপ
সূর্যের প্রসন্ন মুখ, বৃষ্টি এরা রোজ খুলে রাখে ঝাঁপ
ভরা নদী উপনদী হাটখোলা জ্যোৎস্নাকপাট
সবুজের ছবিছায়া শতরঙে হয়েছে জমাট

দেখেছি নতুন দিন হেসে হেসে আসে কিংবা যায়
প্রকৃতির সর্ব অঙ্গ কথা বলে আমার ভাষায়

একুশে বিভাস প্রত্যয়ের

কাজী আতীক

আমরা হেঁটেছি যোজন দূরত্ব সংগত সৌহার্দ্যে
যদিও অনিশ্চিত, কখনো উদ্বিগ্ন উৎকণ্ঠা নিয়ে
কখনো চৈত্রের খরতাপ, কখনো বৈশাখী ঝড় উদ্বেগে,

যেমন বর্ষার ঢলে ডুবেছি কখনো আকণ্ঠ,
সয়েছি অসংখ্য প্রাকৃতিক বিপর্যয় অভিঘাত যন্ত্রণা,
তবুও ভাবিনি নিজেদের কখনো হত বাস্তহারা,

নিপীড়ন প্রতিরোধ প্রচেষ্টায় জেনে গেছি আমরা
কিভাবে প্রতিহত করতে হয় প্রতিকূল প্রতিবন্ধকতা,
আমাদের রয়েছে অসংখ্য বিজয় বীরত্ব গাথা,
আমরা তাই নিজ গৃহে উদ্বাস্তু আর কখনো হবোনা।

এক অবারিত নিসর্গ সুখের নীড় এই স্বদেশ মৃত্তিকা।

মূলত তাই সাতান্ন, বায়ান্ন, একাত্তর কিংবা পঁচাত্তর
এগুলো কখনো কেবল সংখ্যা নয় আমাদের কাছে,
রয়েছে মহান মাহাত্ম্য এদের, যেমন 'অমর একুশে'
ত্যাগের মহিমা মহান 'একুশ'ই শিখিয়েছে আমাদের।

মগজের বাগান

হাশিম কিয়াম

কারো ঘাড়ে মাথা নেই তবু আছে মাথাব্যথা, ছানিপড়া
চোখগুলো আগেই খুলে রেখে দিয়েছে কেউ কেউ ঘুণধরা
মেরুদন্ডের ভেতরে, রাজা-বাদশারা হুমড়ি খেয়ে পড়ে হকারপট্টি
থেকে কিনছে মাথাব্যথার ঔষধ, মুকুট খাবি খাচ্ছে তেলাপিয়া মাছের
মতো অহমের ডোবায়, আমজনতা হাতে ভর দিয়ে হাঁটছে হীরের কাঁটা
ছড়ানো রাজদরবারে, তাদের পিঠের ছাল তুলে নিচ্ছে ভাড়াটে সৈনিকেরা,
অদূরে জুতার কারখানা, জাহাজ ভিড়েছে অন্দরমহলের সৈকতে,
খোজা গোলামদের সর্দার রানি-বেগমদের পায়ের মাপ নিচ্ছে
জিহ্বার ফিতায়; কতোপথ পাড়ি দিলে দেখা মিলবে পাখির গানে
মজে থাকা এক চিলতে গ্রাম যার রাতের নিস্তব্ধতার জলে শরীর
ধুলেই গজিয়ে উঠবে স্বাধীন মাথা! মগজের বাগানে ফুটবে বারুদ
খেকো গোলাপ, মালীদের কোলাহলে কেটে যাবে বেলা রংকানা
প্রেমিক-প্রেমিকাদের চোখে ঢেউ তুলবে রঙের সাগর... হেসে উঠবে
একরঙা পোশাক পরা শিশুর মেলা...

২১ মানেতো

দুলাল সরকার

২১ মানেতো ঘরে ফেরা টান- সমবেত হয়ে
প্রথম উদ্দীপন-২১ মানেতো বাঙালী হওয়ার চেতনায়
জ্বলা প্রথম যে শ্লোগান,
ধর্ম, বর্ণ বিভেদ হীনতায় এক হয়ে একি
তাবু নিচে মৃত্যু শপথ পণ;
২১ মানেতো একি বৃন্তে ফোটা হিন্দু, বৌদ্ধ
মুসলিম, আদিবাসী জনগণ-
বর্ণ মালার টানে এক হয়ে গান গাওয়া,
ভালোবেসে মাটি, মৃত্তিকা, জনগণ
সাম্যদিনের আলোকিত উত্তরণে
বাঙালী হবার প্রতিজ্ঞায় উজ্জীবন;
২১ মানেতো প্রথম ভোরের স্বপ্নের জালবোনা-
জীবনের মানে খুঁজে খুঁজে
পথ চলা- শৃঙ্খল ভেঙে বেরিয়ে আসার
প্রথম উদ্দীপনা- স্বাধীনতা শব্দটিকে
কর্ণের কবজ করে শরীর ও হৃদয়ে গাথা
রোদ ঝলমলে আলোর দিগন্ত রেখা-

তবু মাটির ঘ্রাণে

তমিজ উদ্ দীন লোদী

স্যাফো লিখেছিলেন, 'আমার প্রেমের জন্যই আমার রোদন'
আর আমার প্রেম মাতৃভূমির মাটি
হৃদয় এক নাজুক অনুভূতির নাম
স্মৃতির অনুষঙ্গে সে খুব তাড়িত হয়ে ওঠে।

'স্থানে স্থানে পত্রপুঞ্জ ছেদি প্রবেশিছে'
ব্যক্তিগত অস্মিতার সুখ
যদিও সুখ একটি তাত্ত্বিক অনুষঙ্গ
আসলে অলীক ও স্পর্শাতীত

তবু মাটির ঘ্রাণে, দিগন্তব্যাপী বসন্তের রৌদ্রে
অনবরত 'বউ কথা কও' শব্দধ্বনিতে
আমার অনবদ্য ভাষার ঘ্রাণে
তাৎক্ষণিক সুখ এসে ছুঁয়ে যায়
যা শান্ত সরোবরে মৃদু তরঙ্গের মতো স্নিগ্ধ ও নিবিড়।

বোধ অথবা আত্মচেতনা

গোলাম রববানী

আত্মচেতনা আমার মরে গেছে অনেক আগেই
যেমন গোপনে মরে যাচ্ছে দেখ জ্ঞানের গর্দভ
বোধের সূতিকাগার আমাদের শ্রেষ্ঠ বিদ্যাপীঠ
উন্নয়নের সড়কে যে-ই ভাবে ছাল উঠে যাচ্ছে...
দেখেছি শুনেছি আমি কতশত কথার রাজারা
তুলোধুনো করে দিচ্ছে, তারা পারে- আর আপনারা?

কে হারে কে জেতে দেখি- জাতভাই আর সহোদরা
কলকাঠি কে নাড়ছে? গণতন্ত্র বসে মন্ত্রপাঠে-
তুমি ভূগোল পড়নি, গোলকধাঁধার পথেঘাটে যে
উড়ে আছ- নুয়ে গেছ- শুয়ে-বসে, নেই চিন্তা পথে
পথের নিয়মে পথ অতিক্রম করে পথহারা
হদিস মেলেনা আর, পথচক্র! কোন পথে যাব?

অগ্নিজলে সুগন্ধ-শরীর পোড়ে

হোসাইন কবির

পথ গেছে সমুদ্রে
বালি আর পাথরের শরীর ছুঁয়ে খুব নিরিবিলি

পথ গেছে দিগবিদিক মাটির ঘরে
আগুনখোলায় অনন্তের আহ্বানে

অপেক্ষার রঙধনু রঙের নিবিড় আলিঙ্গনে
পথ গেছে সবুজে অরণ্যে-
গোলাপ-পাপড়ির সুগন্ধ হয়ে
অগণন মানুষের দিকে

পথ গেছে চৌরাস্তায়
যেখানে মানুষ লাল নীল সবুজ হলুদ
বাতি হয়ে জ্বলে আর নিভে সবার অলক্ষ্যে
অন্তরলোকে অনন্তকাল-
অলৌকিক ভঙ্গিমায়

একদিন অগ্নিজলের সঙ্গম-সীমান্তে
পথ ও মানুষ একাকার হবে
আনন্দ বেদনায় সৃজনে উল্লাসে
পৃথিবীর জন্ম-আদিপর্বে, আর
উন্মাদ ও মাতাল জন্ম-মৃত্যুর পরম্পরা ভুলে
জন-মানবশূন্য মাঠে বাড়িয়ে হাত
ধূপধুনায় পোড়াব প্রাচীন সুগন্ধ শরীর তাহার

মন খারাপের দিনগুলি

জসীম উদ্দীন মুহম্মদ

ইচ্ছে হয় মন খারাপের দিনগুলি মুখস্ত করে রাখি
মাটিতে উড়তে উড়তে একটু জিরিয়ে নিই নগদ
অথবা বাকি; কেউ কেউ বন্ধুত্বের হাত বাড়িয়ে দেয়
কিছুক্ষণ পর কচি অভিমানে সে হাত ফিরিয়েও নেয়
আমি অভিমানের বাগানে ফুটন্ত গোলাপ দেখি!

ইচ্ছে হয় মন খারাপের দিনগুলি নাড়ীকাটা পাটের
মতোন জাগ দিই অথবা বালিশের ভেতরে পুঁতে রাখি
অতঃপর ফিরে ফিরে হাজার হাজার বছর উত্তর
যেখানে হিমালয় নাই, সাগর-মহাসাগর কিছু নাই
আকাশ ভেংগে ভেংগে পড়ছে মানুষের মাথার উপর!

সেখানে আমার ভালো মন, খারাপ মন বলে কিছু নেই
পাহাড়ভাঙা হাতুড়ির শব্দ আছে, জলপোড়া গন্ধ আছে
অদৃশ্য বনেদি শক্তির অট্টহাসি আছে....
আমি কিছু দেখি না... আর কিছু দেখতে চাইও না
আমি কেবল দিশেহারা মানুষের ছুটাছুটি দেখি!!

হেমলক

ফেরদৌস জান্নাতুল

মনের ভেতর ঘন বন
দুর্বা আঁকাবাঁকা পথ
শুনশান নীরবতা;
বনের ভেতর ঘন পল্লব
পাখিদের উদ্ধত গ্রীবায় চাষ হয় হেমলক।



গ্রামীণ ব্যাংকের ৮ অভিযোগের যে

(৭ পাতার পর)

ও ভিত্তিহীনই শুধু নয়, হাস্যকর এবং মানহানিকরও।

৪. টেলিকম ভবনসহ সবকিছু গ্রামীণ ব্যাংকের টাকা দিয়ে করা হয়েছে। এর বাইরে কিছু হলে সেটি আইনগত অপরাধ।

ইউনূস সেন্টারের বক্তব্য: টেলিকম ভবনসহ সবকিছু গ্রামীণ ব্যাংকের টাকা দিয়ে করা হয়েছে বলে যে বক্তব্য দেওয়া হয়েছে তা উদ্দেশ্য প্রণোদিত ও ভিত্তিহীন। গ্রামীণ ব্যাংকের টাকা দিয়ে টেলিকম ভবন বা অন্য কোনো স্থাপনা বা কোনো প্রতিষ্ঠান সৃষ্টি করা হয়নি।

৫. গ্রামীণ কল্যাণ কীভাবে সৃষ্টি হলো?

ইউনূস সেন্টারের বক্তব্য: ১৯৯১ সালে টাঙ্গাইলের শাহাজাহানপুর শাখার রত্নপুর গ্রামে ও ঘাটাইল শাখার বনপুর গ্রামে এক বছরব্যাপী দারিদ্র বিমোচন ও সামাজিক উন্নয়নের ওপর একটি গবেষণা করা হয়। এই গবেষণায় মূলত দুটি বিষয় উঠে আসে। যারা পাঁচ বছর ধরে গ্রামীণ ব্যাংকের ঋণ নিয়ে কাজ করছে তাদের ৪৮ শতাংশ দারিদ্রসীমা অতিক্রম করেছে, ২৫ শতাংশ ব্রেকইভেনে এ আছে এবং ২৭ শতাংশ দারিদ্রসীমার নীচে রয়ে গেছে। ২৭ শতাংশ মানুষ দারিদ্রসীমার নীচে রয়ে যাওয়ার মূল কারণ হলো স্বাস্থ্যগত সমস্যা। ড. মুহাম্মদ ইউনূস তখনই এ সমস্যা সমাধানে গ্রামীণ ট্রাস্টের মাধ্যমে ১৯৯৩ সালে পরীক্ষামূলকভাবে রুরাল হেলথ প্রোগ্রামের (আরএইচপি) আওতায় আটটি প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র চালু করেন। আরএইচপি সফল হওয়ায় তিনি সামাজিক ব্যবসার তত্ত্বের দেশের প্রচলিত নিয়ম মেনে প্রাথমিক স্বাস্থ্যসেবার জন্য ১৯৯৬ সালে গ্রামীণ কল্যাণ সৃষ্টি করেন।

দারিদ্র নিরসনের জন্য স্বাস্থ্যগত সমস্যাগুলো সমাধানের লক্ষ্যে এবং গ্রামীণ ব্যাংকের সদস্য ও কর্মীদের আর্থিক সহায়তা দেওয়ার মাধ্যমে উপরোল্লিখিত কর্মসূচিগুলো বাস্তবায়নের উদ্দেশ্যে ১৯৯৬ সালে কোম্পানি আইন ১৯৯৪ এর ২৮ ধারা মোতাবেক 'গ্রামীণ কল্যাণ' নামে একটি নট ফর প্রফিট কোম্পানি (লিমিটেড বাই গ্যারান্টি) প্রতিষ্ঠিত হয়। ১৯৯৫ সালের আগ পর্যন্ত ড. ইউনূসের উদ্যোগে গ্রামীণ ব্যাংক বিভিন্ন দাতা ও ঋণদানকারী সংস্থা থেকে সফট লোন ও অনুদান গ্রহণ করে। এর মধ্যে উল্লেখযোগ্য আইএফএডি, এনও-আরএডি, কানাডিয়ান সিআইডিএ, সুইডিশ সিআইডিএ, কেএফডাব্লিউ, জিটিজেড ইত্যাদি।

দাতা সংস্থাগুলো তাদের প্রজেক্ট ডকুমেন্টে সুনির্দিষ্টভাবে উল্লেখ করেন যে গ্রামীণ ব্যাংক ঋণ হিসেবে প্রদানের জন্য দাতা সংস্থার কাছ থেকে যে অর্থ গ্রহণ করবে তার দুই শতাংশ টাকা দিয়ে একটি স্বতন্ত্র তহবিল গঠন করবে, যার নাম হবে সোশ্যাল অ্যাডভান্সমেন্ট ফান্ড (এসএএফ)। অর্থাৎ, শর্ত মোতাবেক শতকরা দুই শতাংশ হারে দাতা সংস্থাগুলো প্রদত্ত অর্থের ওপর সুদ ধার্য করে তা ব্যাংকের ব্যয় হিসেবে দেখিয়ে এসএএফ সৃষ্টি করতে হবে। এরই পরিপ্রেক্ষিতে ১৯৯০ সালে এসএএফ নামক তহবিল গঠন করা হয়। দাতা সংস্থাগুলোর শর্ত মোতাবেক সুদ প্রদান বাবদ এসএএফ-এ ৫৩ কোটি ৭৯ লাখ টাকা জমা হয়।

দাতা সংস্থাদের পরামর্শ ছিল, এই ফান্ড থেকে সদস্য ও কর্মীদের নানামুখী কল্যাণের জন্য এই টাকা ব্যয় করতে হবে।

এই এসএএফ ফান্ড থেকে নানামুখী কল্যাণকর কাজ সম্পাদনের জন্য গ্রামীণ ব্যাংক এবং গ্রামীণ কল্যাণের মধ্যে সম্পাদিত চুক্তি মোতাবেক গ্রামীণ ব্যাংক এসএএফ ফান্ড গ্রামীণ কল্যাণে হস্তান্তর হয়। হস্তান্তরের পর গ্রামীণ ব্যাংক ২০০৩ সাল পর্যন্ত একইভাবে সুদ প্রদান করে যার ফলে এসএএফ ফান্ডের আকার দাঁড়ায় ৬৯ কোটি ৮২ লাখ টাকা, যা গ্রামীণ কল্যাণ তার স্বাস্থ্য কর্মসূচিসহ বিভিন্ন কল্যাণমুখী কর্মসূচি বাস্তবায়নের উদ্দেশ্যে গ্রামীণ ব্যাংক থেকে গ্রহণ করে। পাশাপাশি গ্রামীণ ব্যাংকের সদস্য ও কর্মীদের কল্যাণের জন্য গ্রামীণ ব্যাংক কিছু কল্যাণমুখী কর্মসূচি শুরু করে, যা গ্রামীণ ব্যাংকের সঙ্গে গ্রামীণ কল্যাণের মধ্যে সম্পাদিত চুক্তিতে উল্লেখ রয়েছে। এই সুনির্দিষ্ট কর্মসূচিগুলো হলো:-

ক. গ্রামীণ ব্যাংকের সদস্য সন্তানদেরকে প্রদত্ত উচ্চশিক্ষা ঋণে সুদ সহায়তা দেওয়া।

খ. গ্রামীণ ব্যাংকের সদস্য সন্তানদের ছাত্র বৃত্তি প্রদান করা।

গ. গ্রামীণ ব্যাংকের সদস্যদের আপদকালীন তহবিলে ঘাটতি পূরণে আর্থিক সহায়তা প্রদান করা।

ঘ. গ্রামীণ ব্যাংকের কর্মকর্তা বা কর্মচারীদের চিকিৎসা ঋণে সুদ সহায়তা দেওয়া।


ঙ. গ্রামীণ ব্যাংকের কর্মকর্তা বা কর্মচারীদের মোটরসাইকেল ও গৃহস্থালি ঋণে সুদ সহায়তা দেওয়া।

উল্লেখ্য যে গ্রামীণ কল্যাণ সৃষ্টির পর থেকে ২০২৩ সালের জুন পর্যন্ত গ্রামীণ ব্যাংকের সদস্য সন্তানদের শিক্ষা ঋণের সুদ সহায়তা বাবদ ২৯২ কোটি ৮৬ লাখ টাকা, প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক পর্যন্ত ভালো ফলাফলের জন্য এবং সাংস্কৃতিক কর্মকান্ডে উল্লেখযোগ্য পারফরম্যান্সের জন্য ৭১ কোটি ৬৬ লাখ টাকা, আপদকালীন তহবিলের (গ্রামীণ ব্যাংকের সদস্যদের মৃত্যুতে তাদের পরিবারকে সহায়তা প্রদানের জন্য) ঘাটতি পূরণের জন্য ২৭ কোটি ৪০ লাখ টাকা এবং গ্রামীণ ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীদের চিকিৎসা সুদ সহায়তায় বাবদ ১ কোটি ৯৬ লাখ টাকা, কর্মকর্তা ও কর্মচারীদের গৃহস্থালি সামগ্রী ক্রয় ও মাটরসাইকেল ক্রয়ে সুদ সহায়তা বাবদ ১৬১ কোটি ৯৭ লাখ টাকাসহ সর্বমোট ৫৫৫ কোটি ৮৫ লাখ টাকা গ্রামীণ ব্যাংককে দিয়েছে। কর্মসূচিগুলো এখনো চলমান আছে। এ ছাড়া, গ্রামীণ কল্যাণ তার অন্যান্য কর্মসূচির মধ্যে গ্রামীণ ক্যালোডোনিয়ান নার্সিং কলেজের দরিদ্র শিক্ষার্থীদের জন্য গৃহীত শিক্ষা ঋণের বিপরীতে সুদ ভর্তুকি দেওয়া ছাড়াও ঋণ গ্যারান্টি দিয়ে থাকে। এ ছাড়া, গ্রামীণ কল্যাণ বাংলাদেশে ১৪৩টি স্বাস্থ্যকেন্দ্র পরিচালনা করে আসছে, যার মাধ্যমে প্রতি বছর সাত লাখেরও বেশি মানুষ স্বাস্থ্যসেবা গ্রহণ করছে।

৬. গ্রামীণ টেলিকম প্রতিষ্ঠা করতে গিয়ে ও ড. ইউনূস গ্রামীণ ব্যাংক থেকে ২৪ কোটি টাকা অনুদান নিয়েছেন।

ইউনূস সেন্টারের বক্তব্য: গ্রামীণ টেলিকমের প্রতিষ্ঠাকালীন সময়ে নরওয়েজিয়ান দূতাবাস থেকে এনওআরএডি ফান্ড নামে ১৯ লাখ টাকা আর্থিক সহায়তা পেয়েছে। এ ছাড়া, গ্রামীণ ব্যাংকের এসএএফ থেকে ৩০ কোটি টাকা ১১ শতাংশ হারে সুদে ঋণ গ্রহণের জন্য চুক্তিবদ্ধ হয়। উক্ত ঋণ চুক্তির আওতায় ১৯৯৫ থেকে ১৯৯৭ পর্যন্ত বিভিন্ন সময়ে ২৪ কোটি ৭৭ লাখ টাকা ঋণ গ্রহণ করা হয়।

১৯৯৭ সালে এসএএফ ঋণ চুক্তিটি গ্রামীণ ব্যাংকের বোর্ড সিদ্ধান্তের আলোকে গ্রামীণ কল্যাণের নামে ঋণ চুক্তি হয়। গ্রামীণ কল্যাণ থেকে ইক্যুইটি খাতে বিনিয়োগের জন্য নেওয়া ঋণের পরিমাণ ৫৩ কোটি ২৫ লাখ ৬২ হাজার ৯৪১ টাকা, যা মোট বিনিয়োগের ৪২ দশমিক ৬৫ শতাংশ।





FREE PARKING ONSITE

VALID THRU 02/16/2024 to 03/01/2024

AFTAB SUPER MARKET

WHERE QUALITY MATTERS

144-01 Hillside Ave, Jamaica, NY 11435

Tel: 718-301-8510

EBT

SPECIAL SALE

BEEF	WHOLE CHICKEN	CHICKEN LEGS	HILSA 10/12	MRIGAL 3KG	ROHU 3KG
$3.49/LB	$2.39/LB	$1.39/LB	$18 EACH	$20 EACH	$12 EACH

HILSA 8/10	HILSA 12/15	ROHU 4KG	SHRIMP	SHRIMP	GOLDA
$15 EACH	$10.49/LB	$2.20/LB	$8.99 PACK	$9.99 PACK	$14.99

SHORPUTI 800 GM	LOTIA/800 GM	KESKI-100GM	CHILI	ONION-10LB	TOMATO
$4.99 EACH	$5.99 EACH	3 FOR $4	$1.99 LB	$31.99 EACH	.89C/LB

GALLON MILK	MEDIUM EGGS	ABDULLAH-20LB	KRISHOK-20 LB	DELTA-50LB	RAMISA
2 FOR $5, EACH $2.99	2 FOR $5, EACH $2.99	$12.99 EACH	$19.99 EACH	$33.99 EACH	$16.99 EACH

SUNFLOWER OIL	RAJDHANI MUSTARD OIL	OLIO VILLA	TEA-400GM	SUGAR	SALT
$13.99 EACH	$12.99 EACH	$13.99 EACH	2 FOR $7, EACH $3.99	$3.99 EACH	4 FOR $4, EACH $1.25

TEER	RADHUNI	SHAN	KOCHU LOTI	SHIM BICHI	KAWAN PARATHA
2 FOR $6, EACH $3.49	3 FOR $4, EACH $1.79	3 FOR $5, EACH $1.99	3 FOR $5	2 FOR $5 EACH $1.99	$7.99 EACH

WE CARRY ALL TOP BRANDED, QUALITY FISH, HMS CERTIFIED 100% FRESH HALAL MEAT, SPICES, FRESH FRUITS, VEGETABLES, AND ALL GROCERY ITEMS.

প্রতি শনিবার ও রবিবার/ EVERY SATURDAY AND SUNDAY

AFTAB SUPER MARKET

WHERE QUALITY MATTERS
144-01 Hillside Ave, Jamaica, NY 11435
Tel: 718-301-8510

FREE PARKING

VALID ONLY ON 02/17/2024 and 02/18/2024

মাছ মেলা FISH FAIR মাছ মেলা

আপনার বন্ধু এবং পরিবার আপনার সাথে আনুন,সস্তায় মাছ কিনুন

HILSA 10/12 — $17 EACH

MRIGAL 3KG — $18 EACH

ROHU 3KG — $10 EACH

SHORPUTI- 1.5KG — $10 EACH

PANGASH 1KG — $7 EACH

HILSA — $10 EACH PACK OF 3, 300/500

ROHU 4UP/1.99 LB | ROHU 5UP/2.20 LB | MRIGAL 6UP/3.19 LB 7UP/3.79/LB | MRIGAL 4UP/2.99 LB | MRIGAL 5UP/3.29LB

MRIGAL 6UP/3.89lb | MRIGAL 7UP/4.99 lb | KATLA 5UP/2.39 LB | KATLA 6UP/2.49 LB | KATLA 8UP/2.75 LB

KATLA 9UP/2.99 LB | 800-1000gm/ $5.49lb | 10-12/$17 Each | HILSA 12-15/ $9.49L | PACK OF 3/9.99 Each

HILSA | HILSA | HILSA 800-900

CHITOL 4UP/3.99 LB | PANGASH 2UP/2.99lb | KORAL 1UP/3.49 lb, 3UP/3.99lb | MAGUR 4.49/LB | KARFU 2.79/LB

POMFRET 3.49/LB | 1up $3.79/lb, 2up $3.99/lb SHOIL | TELAPIA 2.79/LB

ALL BLOCK FISH ON SALE, 10% OFF

GOLDA 12 PCS 14.99 | RAW Shrimp, 11.99 16/20 | 31/40 EZP/2lb | 31/40 PDT/2lb

RELATED ITEMS ON SALE

DRY KESKI OR DRY ANCHOVI 3 for $10 — UNIVERSAL 200 grams UNIVERSAL

DRY LOTIA 2 for $10 — 200 grams CK

DRY SHRIMP 2 for $10

DRY RUPCHADA $7.99

WE ALSO DISTRIBUTE 100% FRESH, HMS CERTIFIED HALAL BEEF, GOAT AND CHICKEN TO NEW YORK GROCERIES

FREE PARKING

IF IT'S A FISH, IT'S ON SALE


BANGLADESH ASSOCIATION OF FLORIDA USA
&
28TH ASIAN EXPO FOOD FAIR AND CULTURAL SHOW 2024
NEPA
WHOLESALE
ASIAN EXPO FAIR 2024
SOUTH FLORIDA FAIR GROUND
SPECIAL GUEST STARS
Stay tuned for more attraction!
VISHAL KOTHARI
JYOTIKA TANGRI
SADIA ISLAM MOU
SUNAN TALUT
RIZIA PARVEEN
ANIMA D COSTA
MARCH
2ND & 3RD
SAT & SUN
WWW.ASIANFAIREXPO.COM
ZUMA & SONS DISTRIBUTORS CORP.
POWER PETROLEUM
SUPD Southeast Petro
M.E. Hill Foundation
MACMILLAN
AZUL FINANCIAL NETWORKS
EXHIBIT REALTY
ntv
CHANNEL
বাংলাদেশ প্রতিদিন
TIME television
সময়

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

৮০% আমেরিকানের শরীরে প্রজনন অক্ষমতার কেমিক্যাল!

(প্রথম পাতার পর)

২০১৭ সালে ৬৯ শতাংশ আমেরিকানদের শরীরে ক্লোরমেকোয়াট ছিলো যা ২০২২ সালে বেড়ে দাঁড়ায় ৭৪ শতাংশ এবং ২০২৩ সালে ৯০ শতাংশে পৌঁছায়। গম জাতীয় খাবারগুলোতেই এর মাত্রা বেশি, বলছে গবেষণা প্রতিষ্ঠানটি।

ইডব্লিউজি ২০ ধরনের গম জাতীয় খাবার চিহ্নিত করেছে যাতে ক্লোরমেকোয়াক রয়েছে। এর মধ্যে ৭টি অরগ্যানিক, ১৩টি নন অরগ্যানিক খাদ্য রয়েছে।

আমেরিকা অর্থনীতির সফট ল্যান্ডিং

(প্রথম পাতার পর)

সেদিকেই যাচ্ছে।

সন্দেহ মাত্র নেই যুক্তরাষ্ট্র এখন কিছুটা অভিবাসনের চাপেই রয়েছে। বিশেষ করে গত এক বছরে দক্ষিণের সীমান্ত দিয়ে যত মানুষ এসে পড়েছে তাদের চাপ সামলাতে হিমশিক খেতে হচ্ছে। সবশেষ উপাত্ত বলছে ২০২৩ সালে যুক্তরাষ্ট্রে এসেছে এক মিলিয়ন অভিবাসী। এবছরও এই গতি থামছে না।

এই অভিবাসীদের একটি প্রধানতম বৈশিষ্ট্য হচ্ছে তাদের তারুণ্য। যুক্তরাষ্ট্রের আদমশুমারি বলছে, ২০২১ সালে যত ইমিগ্র্যান্ট এসেছে তাদের ৬৭ শতাংশেরই বয়স ১৮ থেকে ৬৫ বছরের মধ্যে। যা যুক্তরাষ্ট্রে এই বয়সীদের গড় ৫৯ শতাংশের চেয়ে আরও ৮ শতাংশ বেশি। এই তরুণ ইমিগ্র্যান্টদের একটি উল্লেখযোগ্য অংশ এ দেশে এসেছেই এর শ্রমশক্তিতে ঢুকে পড়ার জন্য। যদিও তাদের অনেকেই কাজের ভিসা নিয়ে আসেননি কিন্তু শিগগিরই তারা ঢুকে পড়বেন অনানুষ্ঠানিক কর্মশক্তিতে।

ইমিগ্র্যান্টরা হয়তো এলাকায় তাদের নিজস্ব নেটওয়ার্ক রয়েছে সেখানে ছড়িয়ে পড়বে, কিন্তু ধীরে ধীরে তারা সেখানেই যাবে যেখানে রয়েছে অবারিত কাজের সুযোগ। গত কয়েক বছর তারা যুক্তরাষ্ট্রে এই কর্মশক্তির অভাবটাই পূরণ করে আসছে। যেখানেই দেখা গেছে নিয়োগের বিজ্ঞপ্তি সেখানেই তারা হাজির হয়েছে, যোগ দিয়েছে কাজে। আর কাজে যোগ দেওয়া মানেই শ্রমের ব্যবহার। আর অর্থনীতিতে যত বেশি শ্রমের ব্যবহার অর্থনীতি ততই চাঙ্গা হবে।

শ্রমশক্তিতে অবদান ছাড়াও এই অভিবাসীরা বাজারে ভোক্তাও। ফলে তারা বাজারে বড় ক্রেতা হিসেবেও আবির্ভাব হয়েছে। কিন্তু আরও একটি গুরুত্বপূর্ণ দিক হচ্ছে সাম্প্রতিক সময়ে আসা ইমিগ্র্যান্টদের একটি বিশেষ চরিত্র তা হচ্ছে এদেশে ঋণ করার ক্ষেত্রে তাদের সীমিত প্রবেশাধিকার। আর তাতে তাদের আয়ের একটা অংশ সঞ্চয় করতেই হয়। আর প্রায়শই তারা তাদের আয়ের অর্থ নিজ দেশে রেমিট্যান্স হিসেবে পাঠাচ্ছেন। আর তারা যা আয় করছেন তা পুরোটা ভোগ করছেন না বলে বাজারে চাহিদা কিছুটা কমেছে। আর তাতে মুদ্রাস্ফীতিতে চাপ কমেছে।


ইসরায়েলে আরও অস্ত্র পাঠাচ্ছে বাইডেন প্রশাসন

বাংলা পত্রিকা ডেস্ক: ইসরায়েলে বোমা ও বিভিন্ন ধরনের অস্ত্রশস্ত্র পাঠানোর প্রস্তুতি নিচ্ছে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসন। ফিলিস্তিনের গাজায় ইসরায়েলের অব্যাহত হামলা বন্ধে আলোচনা সত্ত্বেও এই অস্ত্রের চালান ইসরায়েলে পাঠাতে চাইছে যুক্তরাষ্ট্র। আমেরিকার সরকারের বর্তমান ও সাবেক কর্মকর্তাদের কাছ থেকে এসব তথ্য জানা গেছে। ইসরায়েলে পাঠানোর অপেক্ষায় থাকা এসব অস্ত্রের মধ্যে রয়েছে এমকে-৮২ বোমা, কেএমইউক-৫৭২ জয়েন্ট ডিরেক্ট অ্যাটাক মিউনেশনস ও এফএ-মইউ-১৩৯ বোমা ফিউজ। এসব অস্ত্রের আনুমানিক বাজারমূল্য কয়েক লাখ ডলার।

তবে এসব অস্ত্র এখনো প্রশাসনের অভ্যন্তরীণ মূল্যায়নের অপেক্ষায় রয়েছে। যুক্তরাষ্ট্রের একজন কর্মকর্তা জানিয়েছেন, অস্ত্র পাঠানোর প্রস্তাবটি কংগ্রেসনাল কমিটির নেতাদের অনুমোদন পেতে হবে। সে ক্ষেত্রে বিস্তারিত এই প্রস্তাবে পরিবর্তন আনা হতে পারে। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র ও প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং ইসরায়েল প্রতিরক্ষা বিভাগ ও প্রতিরক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হয়নি।

কংগ্রেসনাল নেতাদের মূল্যায়নকে পাশ কাটিয়ে গত বছরের ডিসেম্বরে ইসরায়েলের কাছে দ্বিতীয় দফায় অস্ত্র বিক্রি করে যুক্তরাষ্ট্র। ইসরায়েল এসব অস্ত্র ব্যবহার করে নিরীহ ফিলিস্তিনীদের হত্যা ও জখম করবে বলে যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে সমালোচনার ঝড় ওঠে।

এর আগে গত ১৩ ফেব্রুয়ারী মঙ্গলবার ইউক্রেন, ইসরায়েল ও তাইওয়ানকে সহায়তার জন্য ৯৫ বিলিয়ন (সাড়ে ৯ হাজার কোটি) ডলারের একটি বিল অনুমোদন দিয়েছে যুক্তরাষ্ট্রের কংগ্রেসের উচ্চকক্ষ সিনেট। বিলটি রিপাবলিকান পার্টি নিয়ন্ত্রিত কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদে পাঠানো হবে।









বাইডেনের পররাষ্ট্রনীতি ব্যর্থতায় পর্যবসিত

জেসমিন এল-গামেল

৭ অক্টোবরের পর সম্প্রতি পঞ্চমবার মধ্যপ্রাচ্যে গেলেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন, ইতোমধ্যে যা শেষও হয়ে গেছে। তবে এখনও বাইডেন প্রশাসন আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতার জন্য নিছক ক্ষতস্থান আড়ালের চেষ্টার বাইরে একটি সামগ্রিক মার্কিন কৌশল তৈরি করতে পারল না।

২৯ জানুয়ারী ইরান সমর্থিত গোষ্ঠীর হামলায় জর্ডানে যুক্তরাষ্ট্রের তিন সেনা কর্মকর্তা নিহত হন। গত সপ্তাহে এর জবাব হিসেবে যুক্তরাষ্ট্র ইরাক ও সিরিয়ায় ইরান সমর্থিত দলগুলোর ওপর হামলা চালিয়েছে। সেই সঙ্গে ইয়েমেনে হুতিদের ওপরও আক্রমণ চালানো হয়েছে। তবে এতেও 'প্রতিরোধের অক্ষ' হিসেবে পরিচিত গ্রুপে ইরানের প্রক্সি হুতি, হামাস ও হিজবুল্লাহকে দমানো যায়নি। তারা যুক্তরাষ্ট্রসহ দেশটির সহযোগী ও এই অঞ্চলে তাদের স্বার্থের বিরুদ্ধে হামলা চালিয়ে যাচ্ছে।

এরই মধ্যে গাজায় যুদ্ধবিরতি চুক্তি থমকে আছে। ইসরায়েল ও হামাসের নেতৃত্ব স্থায়ী যুদ্ধবিরতি থেকে তাদের সর্বোচ্চ পাওনা একবিন্দুও ছাড়তে অস্বীকার করেছে। এ ছাড়া ইসরায়েলের সঙ্গে সৌদি আরবের সম্পর্ক স্বাভাবিক করার আলাপের গতিও ৭ অক্টোবরের ঘটনার আগের মতো নেই। মধ্যপ্রাচ্য ও এ অঞ্চলের উত্তপ্ত সংঘাতকে নিজেদের স্বার্থে ব্যবহারের কারণে জো বাইডেন নিজের দেশেও দ্রুত সমর্থন হারাচ্ছেন। তাই যুক্তরাষ্ট্রকে তার কৌশলগত দৃষ্টিভঙ্গি এমনভাবে পরিবর্তন করতে হবে, যার শিকড় হবে বাস্তবতার মধ্যে দৃঢ়ভাবে প্রোথিত।

যুক্তরাষ্ট্রের দীর্ঘকালীন স্বার্থরক্ষার জন্য গুরুত্বপূর্ণ ছিল মধ্যপ্রাচ্যে অস্থিতিশীলতার মূল কারণগুলো চিহ্নিত করার একটি কৌশল বের করা; কিন্তু তা না করে বাইডেনের জাতীয় নিরাপত্তা দল বরং মরিয়া হয়ে পূর্বতন মার্কিন প্রশাসনের মধ্যপ্রাচ্যবিষয়ক কৌশল সৌদি-ইসরায়েল সম্পর্ক স্বাভাবিকীকরণের দিকে মনোযোগ দেয়।

৭ অক্টোবর হামাসের ভয়াবহ হামলা এবং তার জবাবে ইসরায়েলের গাজায় ত্বরিত ও ধ্বংসাত্মক আক্রমণ বাইডেনের সেই নেই কাজ তো খই ভাজ মার্কা 'কৌশল' একভাবে ভেঙে পড়ে। এতে তাঁর অগভীরতা, আত্মতৃপ্তি ও অদূরদর্শিতা উন্মোচিত হয়, যা এ অঞ্চলকে সংঘাতের তলানিতে ধাবিত করে। বর্তমানে যা দেখা যাচ্ছে।

আজ গাজা যুদ্ধের প্রায় পাঁচ মাস হলো। যুক্তরাষ্ট্র ভেবেছিল, এ অঞ্চলের মানুষের অর্থনৈতিক অগ্রগতির আকাঙ্ক্ষা স্বাধীনতা ও মর্যাদার জন্য তাদের মৌলিক মানবিক আকাঙ্ক্ষাকে ছাড়িয়ে যাবে; তবে তার সে জুয়া খেলা ইতোমধ্যে ঝাঁকুনি খেয়েছে। একদিকে সে হামলার পাল্টা জবাব দেওয়ার পর শক্তিশালী শত্রুর বিরুদ্ধে আরও হামলা চালিয়ে যাচ্ছে, অন্যদিকে একটি সর্বাত্মক যুদ্ধ ঠেকাতে মরিয়া চেষ্টা করছে; নির্বাচনী বছরে মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধের বিস্তৃতি বাইডেনের জন্য কাল হয়ে দাঁড়াতে পারে।

অঞ্চলটিকে ধীরে ধীরে স্থিতিশীলতার দিকে পরিচালিত না করে অ্যান্টনি ব্লিংকেন পাগলের মতো এদিক-ওদিক ছুটে বেড়াচ্ছেন। তিন যেন ডুবন্ত একটি জাহাজের ছিদ্র বন্ধ করতে গিয়ে হিমশিম খাচ্ছেন। ইতোমধ্যে যুক্তরাষ্ট্রে একটি ছোট তবে শক্তিশালী গোষ্ঠী এ জিকির তুলেছে যে, যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতিকে আরও যুদ্ধমুখী হতে হবে।

কূটনৈতিকভাবে আমেরিকানদের এ ব্যর্থতার কারণ এই নয় যে, স্বভাবগতভাবেই আমেরিকানরা এর জন্য অনুপযুক্ত। এর কারণ বরং এটা যে, যুক্তরাষ্ট্রের এমন এক প্রশাসন রয়েছে, যারা বিশ্বাস করে না–গাজা যুদ্ধ আঞ্চলিক সংঘাত বাধিয়ে দেওয়ার সামর্থ্য রাখে। কেবল ইসরায়েলকে থামালেই এ যুদ্ধের সমাপ্তি ঘটতে পারে, এটা জেনেও তারা তা করতে তাদের শক্তি-সামর্থ্য ব্যবহারে অনিচ্ছুক।

এটার মানে এই নয় যে, বর্তমান পরিস্থিতিতে হামাসের দোষ ও দায় উপেক্ষা করা হচ্ছে। দখলদারিত্বের ঐতিহাসিক প্রেক্ষাপট ও হামলা রুখে দিতে ইসরায়েলি গোয়েন্দা বাহিনীর ব্যর্থতা সত্ত্বেও হামাসই সাম্প্রতিক সহিংসতাগুলো শুরু করেছিল এবং অবশ্যই তাদের পুনরায় হামলা চালাতে দেওয়া যাবে না। কাতার ও মিসর উভয়ে গোষ্ঠীগুলোর ওপর প্রভাব রাখে। দেশ দুটি যুদ্ধবিরতি ও জিম্মিদের ব্যাপারে আলাপ করতে হাঁটুগেড়ে বসে আছে এবং তারা হামাস সশস্ত্র নেতৃত্বকে স্থায়ী যুদ্ধবিরতির চরম অবস্থান থেকে দূরে রাখার চেষ্টা করছে। তবে ইসরায়েলকে নিয়ে আমেরিকা অনুরূপ চেষ্টা করছে তা বলা যাবে না। বেনিয়ামিন নেতানিয়াহু নিজেও তাঁর শাসনামলে চরম ডানপন্থি মন্ত্রী ইতামার বেন-গাভির ও বেজালাল স্মোট্রিচের নেতৃত্বে চরমপন্থি ব্লক দ্বারা রাজনৈতিকভাবে জিম্মি হয়েছিলেন। উভয় মন্ত্রী দখলদার এবং ইসরায়েলের দখলকৃত পশ্চিম তীরে বসবাস করছেন। উভয়ে যুদ্ধের পর জর্ডান নদীর পশ্চিমে ফিলিস্তিনিদের শাসন কায়েমে অনুমোদন দিতে অস্বীকার করছে এবং নিজেদের জন্য সর্বোচ্চ সুবিধা আদায়ে তৎপর রয়েছে। সবচেয়ে কাছের মিত্রদের এমন একগুঁয়ে অবস্থান সত্ত্বেও যুক্তরাষ্ট্র সামরিক সহায়তার ক্ষেত্রে শর্ত দিয়ে কিংবা জাতিসংঘে ইসরায়েলকে দেওয়া রাজনৈতিক আশ্রয় তুলে নিয়ে শান্তিরক্ষার কঠিন সিদ্ধান্ত গ্রহণে নেতানিয়াহুকে বাধ্য করার কোনো চেষ্টা করছে না।

একইভাবে ইরানের ক্ষেত্রেও যুক্তরাষ্ট্র অকার্যকর। পারমাণবিক ফাইল ও অঞ্চলটিতে ইরানের ভূমিকার মতো বিষয়ে সে কূটনৈতিক পথের হদিস দিতেও অক্ষম। বরং দেশটি ইরানের প্রক্সিদের বিরুদ্ধে 'কৌশল' হিসেবে নিজেদের কৌশলগত হামলার ছদ্মবেশ নেয়। ব্লিংকেন অবশ্যই তাঁর সর্বশেষ সফরে আরব মিত্রদের কাছে থেকে এসব বিষয়ে নানা মত শুনে থাকবেন।

লেখক: পেন্টাগনের মধ্যপ্রাচ্য বিষয়ক সাবেক উপদেষ্টা

দ্য নিউ স্টেটসম্যান থেকে অনুবাদ করেছেন ইফতেখারুল ইসলাম

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।
ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।
Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund
প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন
দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

SHEIKH SALIM
Attorney at Law
Accident Cases,
Medical Malpractice
& Legal Malpractice
এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ
• কন্ট্রাকশন দুর্ঘটনা • ভুল চিকিৎসা • ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
• স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা • মটর গাড়ি দুর্ঘটনা • অ্যাসবেস্টস থেকে ক্ষতি
• লেড বিষ সম্পর্কীয় • কাজের সময় দুর্ঘটনা • মিসিনারি গ্লাভস বা ওয়ারটাইম না পাওয়া
• বার্থ রিলেটেড ইনজুরি • পিছলে পড়া, হোঁচট খাওয়া • যে কোন ধরনের ইমিগ্রেশন কেস
এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি
Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC
SERVICES
আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?
• Represent Taxpayers for I.R.S./ State Audit
• Tax Preparation:
Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
• Accounting:
Payroll, Sales Tax, etc.
• Business Licenses
• ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।
ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন
Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক
Member : naea NYSSCPA e-file
প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ/ নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con **Abdul Latif Bhuiyan Cell: 646-**

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

---

SE CI

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
- আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
- আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা



blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&i, MI DIFS, GA DB&F AND MD OCFR

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট



New Price বিশাল মূল্যহ্রাস

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
খেতলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ ব্রাকেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

লাইভ ক্যাটফিস, স্যালমন, স্ট্রাইপ ব্যাস, সীব্যাস, স্নেপার, হ্যালিবুট, প্রিন্স, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

রেগুলার স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিশ স্যালমন ফ্রাইস	$ 17.99
আমিশ স্যালমনেলেস ফ্রাইস	$ 9.99
ফ্রোজেন স্যালমন ফ্রাইস	$ 18.99
বাজার স্যালমন ফ্রাইস	$ 13.99
মুলাকাতা স্যালমন ফ্রাইস	$ 12.99


ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন



অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorized IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভাদাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center



Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education is Our Priority!

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

নিউইয়র্ক প্রবাসী হিমু-নিলু'র পিতৃবিয়োগ

নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্কের জ্যামাইকায় বসবাসকারী ব্যবসায়ী মোহাম্মদ হিমু মিয়া ও নিউইয়র্ক ষ্টেট যুবদলের দপ্তর সম্পাদক



অহিদুজ্জামান নিলু'র পিতা হাজী মোহাম্মদ নূরুল ইসলাম মিয়া ইন্তেকাল করেছেন। নিউইয়র্ক সময় শুক্রবার (১৬ ফেব্রুয়ারী) বিকেল ৩.৩০ মিনিটে তিনি কুইন্স জেনারেল হাসপাতালে শেষ নি:শ্বাস ত্যাগ করেন। ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। পিতার ইন্তেকালে পুত্রদ্বয় সকল প্রবাসীর দোয়া কামনা করেছেন।

বরিশাল জেলার গৌরনদী উপজেলার সন্তান হাজী মোহাম্মদ নূরুল ইসলাম মিয়া মৃত্যুকালে স্ত্রী, তিন পুত্র ও চার কন্যা সহ বহু আত্নীয়-স্বজন রেখে যান। তার পুত্ররা যুক্তরাষ্ট্র প্রবাসী আর কন্যারা দেশে অবস্থান করেন। পারিবারিক সিদ্ধান্তে তার মরদেহ বাংলাদেশে নিয়ে যাওয়া হয়েছে এবং গ্রামের বাড়ীতে দাফন করা হবে বলে হিমু মিয়া জানিয়েছেন। এর আগে শনিবার (১৭ ফেব্রুয়ারী) বাদ জোহর জ্যামাইকা মুসলিম সেন্টারে মরহুমের নামাজে জানাজা অনুষ্ঠিত হয় এবং শনিবার রাতের ফ্লাইটে তার মরদেহ ঢাকায় নিয়ে যাওয়া হয়।

এদিকে যুবদল নেতা অহিদুজ্জামান নিলু'র পিতার ইন্তেকালে কেন্দ্রীয় যুবদলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আবু সাঈদ আহমদ ও যুক্তরাষ্ট্র যুবদল নেতা মোহাম্মদ কাশেম, নিউইয়র্ক মহানগর দক্ষিণ বিএনপি'র আহবায়ক হাবিবুর রহমান সেলিম রেজা, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার ও সাধারণ সম্পাদক জে মোল্লা সানি পৃথক পৃথক বার্তায় গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেছেন।

হালের আত্মম্ভরী ও ক্ষমতাগর্বী

(শেষের পাতার পর)

এরা সময়ের কোনো না কোন নমরুদের নাকের পথ ধরে তাদের মস্তিস্কে ঢুকে পড়তে পারে এবং তাদের অহমিকাকে ধূলোয় মিশিয়ে দেয়ার শক্তি রাখে। লেংড়া মশা একাধিক শাসকের মস্তিস্কের কাছাকাছি অবস্থান করে এবং মহান আল্লাহর হুকুমের অপেক্ষায় থাকে। যে কোন সময় যে কোন আত্মম্ভরী ও ক্ষমতাগর্বী শাসকের জুতার বাড়ি শুরু হয়ে যেতে পারে। আল্লাহ আমাদের সবাইকে রহম করুন।

আবাবিল পাখিরা এখনো জীবিত আছে। পাথর কনাও মজুদ আছে। যে কোন সময় হালের তথাকথিত দুর্দ- প্রতাপশালী ও আত্মম্ভরী বাদশাদের ওপর নিক্ষিপ্ত হতে পারে আবাবিলের সেই পাথর।ফলে পশুর চিবিয়ে খাওয়া ভুষির মতো হয়ে যাওয়ার সম্ভবনা উড়িয়ে দেয়া যায় না। আল্লাহ আমাদের সঠিক পথ প্রদর্শন করুন।আল্লাহর রিজার্ভ ফোর্স শক্তিশালী ফেরেশতারা আজো মজুদ আছে। বদর প্রান্তরের মতো পৃথিবীর যে কোন শক্তিশালী বা পরাশক্তিদের বিপক্ষে যদি নেমে আসে তবে তাতে আশ্চর্য হবো না, কারণ খুব নিকট ইতিহাসে ঘটে গেছে সেই বদরের ইতিহাস। কারণ দুর্বলদের জন্য আল্লাহই যতেষ্ট। আল্লাহর এমন কিছু ফেরেশতা রয়েছেন, যারা সাধারণত দু-নিয়ায়বার বার আসেন না। যদি আসতেই হয়, তবে আল্লাহর বিশেষ হুকুম বা ফায়সালা নিয়েই নাযিল হয়। তখন আর কাউকে ছাড় দেয়া হয় না। হে রব! তোমার এ ধরনের ফায়সালা থেকে তোমারই কাছে আশ্রয় চাই।

হযরত নুহ আ: এর জাতি, হযরত ইবরাহিম আ: এর জাতি, হযরত হুদ আ: এর জাতি, হযরত সালেহ আ: এর জাতি, হযরত মুসা আ: এর জাতি ও হযরত লুত আ: এর জাতির ওপর যেই শাস্তি ও ধ্বংসযজ্ঞ নেমে এসেছিল, তার ধারাবাহিকতা কি বন্ধ হয়ে গেছে? আর কি কখনো কোন জাতির ওপর নাযিল হবে না? তার কি কোন নিশ্চয়তা কুর-আন-হাদীসে দেয়া হয়েছে?না দেয়া হয়নি। বরং সীমালংঘনকারীদের শায়েস্তা করার জন্য যে কোন সময় যে কোন জাতির-গোষ্ঠীর ওপর তা নেমে আসতে পারে। তাই হালের ক্ষমতাদর্পী জাতি, গোষ্ঠী ও শাসকবৃন্দ সাবধান! জুলুম ও নির্যাতন বন্ধ করুন। আল্লাহ বলেছেন,"আসলে তোমার রবের পাকড়াও বড় শক্ত।"(সুরা বুরুজ:১২) আল্লাহ বলেন,"প্রত্যেক জাতির জন্য অবকাশের একটি সময় নির্দিষ্ট রয়েছে। তারপর যখন কোন জাতির সময় পূর্ণ হয়ে যাবে তখন এক মুহূর্তকালের জন্যেও তাকে বিলম্বিত বা ত্বরান্বিত করা হবে না।"(সুরা আরাফ:৩৪)

প্রত্যেক জাতিকে দুনিয়ায় কাজ করার জন্য সুযোগ দেয়া হয়, তার কর্মকাে-র মধ্যে ভাল ও মন্দের আনুপাতিক হার কমপক্ষে কতটুকু বরদাশত করা যেতে পারে, এ অর্থে কাজ করার একটি নৈতিক সীমানা চিহ্নিত করা হয়। যতদিন একটি জাতির মন্দ গুণগুলো তার ভাল গুণাবলীর তুলনায় ঐ আনুপাতিক হারের সর্বশেষ সীমার মধ্যে অবস্থান করতে থাকে ততদিন তাকে তার সমস্ত অসৎকর্ম সত্ত্বেও অবকাশ দেয়া হয়, আর যখন তা ঐ সর্বশেষ সীমানা পার হয়ে যায় তখন এ ধরণের অসৎ বৃত্তিসম্পন্ন ও অসৎকর্মশীল জাতিকে আর কোন বাড়তি অবকাশ দেয় হয় না। আল্লাহ তা'আলা বলেন,"আল্লাহ তোমাদের গোনাহ মাফ করে দেবেন এবং একটি নির্দিষ্ট সময় পর্যন্ত তোমাদের অবকাশ দিবেন। প্রকৃত ব্যাপার হলো, আল্লাহর নির্ধারিত সময় যখন এসে যায় তখন তা থেকে বাঁচা যায় না। আহ্! যদি তোমরা তা জানতে।" (সুরা নুহ:৪) অর্থাৎ কুকর্ম করার পরও আল্লাহ তা'আলা তাদেরকে দমন করেন না বরং একটি নির্দিষ্ট সময় পর্যন্ত তাদেরকে অবকাশ দেন। এ অবকাশ দেয়া হয় মূলত: ঈমান আনয়নের জন্য। এ অবকাশের জন্য নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ার পর আল্লাহর আযাব থেকে নিস্কৃতি পাওয়ার আর কোন সম্ভবনা থাকে না। এ অবস্থায় ঈমান আনয়নের জন্য দ্রুত এগিয়ে আসলেও আযাব থেকে নিস্কৃতি পাবে না।

এ ধরণের একটি আযাবের ইতিহাস আল কুরআন থেকে শিক্ষার জন্য এখানে একটি জাতি ধ্বংসের ইতিকথা আলোচনা করতে পারি। লম্পট সেই জাতিটির নাম ছিল হযরত লুত আ: এর জাতি। সমকামিতার মত লাম্পট্যের জন্য তারা আল্লাহর গযবে নিপতিত হয়েছিল। তারা লাম্পট্যের চরম পর্যায়েরও নিচে নেমে গিয়েছিল।তারা স্বভাব-প্রকৃতি ও পবিত্রতার পথ পরিহার করে একটি পুতিগন্ধময় প্রকৃতি বিরোধী পথে চলতে শুরু করেছিল, ব্যাপার শুধুমাত্র এতটুকুই ছিল না বরং অবস্থা এমন পর্যায়ে পৌছে দিয়েছিল যে, এখন শুধুমাত্র এ একটি নোংরা পথের প্রতিই ছিল তাদের সমস্ত ঝোঁক-প্রবণতা, আকর্ষণ ও অনুরাগ। তাদের প্রবৃত্তি এখন শুধুমাত্র এ নো-ংরামিরই অনুসন্ধান করে ফিলছিল। প্রকৃতি ও পবিত্রতার পথ তো আমাদের জন্য তৈরীই করা হয়নি একথা বলতে তারা কোন লজ্জা অনুভব করতো না। এটা হচ্ছে নৈতিক অধপতন ও চারিত্রিক বিকৃতির চুড়ান্ত পর্যায়। এর চেয়ে বেশী নিম্নগামিতার কথা কল্পনাই করা যেতে পারে না। যে ব্যক্তি নিছক নফস ও প্রবৃত্তির দূর্বলতার কারণে হারাম কাজে লিপ্ত হয়ে যায়, এসত্ত্বেও হালালকে কাংখিত এবং হারামকে পরিত্যজ্য মনে করে,তার বিষয়টি খুবই হালকা। এমন ব্যক্তি কখনো সংশোধিত হয়ে যেতে পারে। আর সংশোধিত হয়ে না গেলেও তার সম্পর্কে বড় জোর এতটুকু বলা যেতে পারে যে, সে একজন বিকৃত চরিত্রসম্পন্ন ব্যক্তি। কিন্তু যখন কোন ব্যক্তির সমস্ত আগ্রহ হারামের মধ্যেই কেন্দ্রীভূত হয়ে যায় এবং সে মনে করতে থাকে হালাল তার জন্য তৈরীই হয়নি তখন তাকে মানুষের মধ্যেই গণ্য করা যেতে পারে না। সে আসলে নোংরা কীট। হযরত লুত আ: এর জাতি এ ধরণের নোংরা কীটে পরিণত হয়েছিল। মলমুত্র ও দুর্গন্ধের মধ্যেই তারা প্রতিপালিত হয় এবং পাক-পবিত্রতার সাথে তাদের প্রকৃতিগত কোন সম্পর্কই নাই। এ ধরনের কীট যদি কোন পরিচ্ছন্নতার প্রিয় মানুষের ঘরে জন্ম নেয় তাহলে প্রথম সুযোগেই সে ফি-নাইল ঢেলে দিয়ে তার অস্তিত্ব থেকে নিজের গৃহকে মুক্ত করে নেয়। তাহলে আল্লাহ তার যমীনে এ ধরনের নোংরা কীটদের সমাবেশকে কতদিন সহ্য করতে পারতেন।

আল্লাহ তা'আলা বলেন,"আর লূতকে আমি পয়গম্বর করে পাঠাই। তারপর স্মরণ করো, যখন সে নিজের সম্প্রদায়ের লোকদের বললো:"তোমরা কি এতই নিলর্জ্জ হয়ে গেলে যে, দুনিয়ার ইতিপূর্বে কেউ কখনো করেনি এমন অশ্লীল কাজ করে চলেছো। তোমরা মেয়েদের বাদ দিয়ে পুরুষদের দ্বারা কামপ্রবৃত্তি চরিতার্থ করছো? প্রকৃতপক্ষে তোমরা একেবারেই সীমালংঘনকারী গোষ্ঠী।"(সুরা আরাফ:৮০) হযরত লুত আ: ছিলেন ইবরাহিম আ: এর ভাইপো। তিনি চাচার সাথে ইরাক থেকে বের হন এবং কিছু কাল সিরিয়া, ফিলিস্তিন, ও মিশর সফর করে দাওয়াতের অভিজ্ঞতা অর্জন করেন। অতপর স্বতন্ত্রভাবে রিসালাতের মর্যাদায় অধিষ্ঠিত হয়ে এর পথভ্রষ্ট জাতিটির সংস্কার ও সংশোধনের দায়িত্ব পালনে নিয়োজিত হন। আল্লাহ তা'আলা বলেন,"তোমরা মেয়েদের বাদ দিয়ে পুরুষদের দ্বারা কামপ্রবৃত্তি চরিতার্থ করছো, প্রকৃতপক্ষে তোমরা একেবারেই সীমালংঘনকারী গোষ্ঠী। কিন্তু তার সম্প্রদায়ের জওয়াব এ ছাড়া আর কিছুই ছিল না যে, এদেরকে তোমাদের জনপদ থেকে বের করে দাও। এরাবড়ই পবিত্রতার ধ্বজাধারী হয়েছে। শেষ পর্যন্ত আমি লুতের স্ত্রীকে ছাড়া যে পেছনে অবস্থানকারীদের অন্তর্ভুক্ত ছিল তাকে ও তার পরিবারবর্গকে উদ্ধার করে নিয়ে আসি এবং এ সম্প্রদায়ের ওপর বৃষ্টি বর্ষণ করি। তারপর সে অপরাধীদেও কি পরিণাম হয়েছিল দেখ।"(সুরা আরাফ:৮১-৮৪)বর্তমান যে এলাকাটি ট্রান্স জর্ডান বলা হয় সেখানেই ছিল এ জাতিটির বাস। মৃত সাগরের নিকটবর্তী কোথাও এর অবস্থান ছিল। এ এলাকার প্রাকৃতিক সৌন্দর্য মানুষকে মুগ্ধ ও বিমোহিত করতো। কিন্তু এ জাতির নাম-নিশানা দুনিয়ার বুক থেকে নিশ্চিহ্ন হয়ে গেছে। এমনকি তাদের জনপদগুলো কোথায় কোথায় অবস্থিত ছিল তাও আজ সঠিকভাবে জানা যায় না। মৃত সাগরই তাদের একমাত্র স্মৃতিচিহ্ন হিসেবে টিকে আছে। বর্তমানে এটি লুত সাগর নামে পরিচিত। আল কুরআনে তাদের ঘৃণ্য কাজের বর্ণনা পাওয়া যায়। সমকামিতার এ ঘৃণ্য অপকর্মটির বদৌলতে এ জাতি যদিও দুনিয়ার বুকে চিরদিনই ধিক্কার ও কুখ্যাতি কুড়িয়েছে। কিন্তু অসৎ ও দুষ্কর্মশীল লোকেরা এ অপকর্মটি থেকে কখনো বিরত থাকেনি। বর্তমান আধুনিক ইউরোপের শাসকরা এ জঘন্য অপরাধটিকে উৎকৃষ্ট নৈতিক গুণের পর্যায়ে পৌঁছে দেয়ার চেষ্টা করছে। ইউরোপের দেশে দেশে এর স্বপক্ষে ব্যাপক প্রচারণা চালানো হয়েছে। এমনকি কোন কোন দেশের পার্লামেন্টে একে রীতিমত বৈধ গণ্য করে আইনও প্রণয়ন করেছে। অথচ সমকামিতা যে সম্পূর্ণ প্রকৃতি বিরোধী একথা একটি অকাট্য সত্য। আমাদের দেশের কিছু বিকৃত স্বভাবের ব্যক্তি ও গোষ্ঠী এই অপকর্মটি আমদানী করার চেষ্টা করছে। এর প্রধান উদ্দেশ্য হচ্ছে আমাদের পরিবার ও সমাজ ব্যবস্থাকে ধ্বংস করে দেয়া।

আল কুরআনের বিভিন্ন স্থানে বলা হয়েছে যে, লুত জাতি একটি অতি জঘন্য ও নোংরা পাপ কাজের অনুশীলন করে যাচ্ছিল। এবং এ ধরনের খারাপ কাজের পরিণামে এ জাতির ওপর আল্লাহর গযব নেমে আসে। এ সম্প্রদায়ের ওপর বৃষ্টি মানে পাথর বৃষ্টি নেমে এসেছিল। কুরআনের অন্যান্য স্থানে এ কথাটি সুস্পষ্টভাবে ব্যক্ত করা হয়েছে। তাছাড়া কুরআনে একথাও বলা হয়েছে হয়েছে যে, তাদের জনপদকে উল্টিয়ে দিয়ে তাদেরকে ধ্বংস করে দেয়া হয়। আল্লাহ তা'আলা বলেন, "তারপর যখন আমার ফায়সালার সময় এসে গেল, আমি গোটা জনপদটি উল্টে দিলাম এবং তার ওপর পাকা মাটির পাথর অবিরামভাবে বর্ষণ করলাম।"(সুরা হুদ:৮২) তারপর নবী সা: এর নির্দেশনা থেকে আমরা একথা জানতে পেরেছি যে, এটি এমন একটি অপরাধ সমাজ অংগনকে যার কলুষমুক্ত রাখার চেষ্টা করা ইসলামী রাষ্ট্রের দায়িত্বেও অন্তর্ভুক্ত এবং এ ধরনের অপরাধকারীদেরকে কঠোর শাস্তি দেয়া উচিত।





Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: populartaxservices@gmail.com

Personal Income Tax Preparation for all industries:
- All types of W2 & 1099 Income Tax Filing
- Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
- Homeowners & Stock Market Trader Tax Filing

We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453

পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS



- Road Lesson Local & Highway
- 5 Hours Class Certificate (Zoom Class)
- Road Test Appointment
- Car for Road Test

আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ



6 Hours DDC Class
Good For TLC

718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082



নিউইয়র্কে প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা কবি ড. কামাল চৌধুরীর সঙ্গে প্রবাসীদের মতবিনিময়

নিউইয়র্ক: নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেট জেনারেলে গত ৯ ফেব্রুয়ারী শুক্রবার প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা কবি ড. কামাল আবদুল নাসের চৌধুরী প্রবাসী লেখক, সাহিত্যিক, বুদ্ধিজীবি, সাংস্কৃতিক ব্যক্তিত্বসহ সুধীজনের সঙ্গে এক 'আন্তরিক সন্ধ্যায়' মিলিত হন। অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান, জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের উপ-স্থায়ী প্রতিনিধি তৌফিক ইসলাম শাতিল, বীর মুক্তিযোদ্ধাগণসহ কমিউনিটির বিভিন্ন অঙ্গনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি কবি কামাল আবদুল নাসের চৌধুরী তাঁর বক্তব্যে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র দ্বিপাক্ষিক সম্পর্কের বহুমাত্রিকতা ও গভীরতা উল্লেখপূর্বক বাংলাদেশের স্বার্থ সংরক্ষণে সকলকে নিয়ে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন। প্রবাসের মাটিতে বাংলাদেশের ঐতিহ্য ও শিল্প-সংস্কৃতির বিকাশে প্রবাসীদের ভূমিকার প্রশংসা করে পরবর্তী প্রজন্মের মাঝে তিনি সেগুলোর চর্চা অব্যাহত রাখা এবং যুক্তরাষ্ট্রের মূলধারার মধ্যে প্রসারের মাধ্যমে "সাংস্কৃতিক কূটনীতি" জোরদার করার উপর গুরুত্বারোপ করেন। তিনি চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপট উল্লেখপূর্বক স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সকলের সহযোগিতা কামনা করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশে যে আর্থ-সামাজিক উন্নয়ন সাধিত হয়েছে তা অব্যাহতভাবে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তিনি সকলের প্রতি আহবান জানান। ড. কামাল আবদুল নাসের চৌধুরী প্রবাসীদের সার্বিক কল্যাণ নিশ্চিতকরণে তাঁর প্রত্যয় ব্যক্ত করে প্রবাসীদের সেবার মান সমুন্নত রাখার আহবান জানান। মতবিনময়কালে আমন্ত্রিত অতিথিবৃন্দ তাঁকে ফুলেল শুভেচ্ছা জানান। তিনি তাদের বিভিন্ন মন্তব্য ও প্রশ্নের জবাব দেন এবং স্বরচিত কবিতা আবৃত্তি করেন।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান তার বিশেষ অতিথির বক্তব্যে বাংলাদেশ যুক্তরাষ্ট্রের মধ্যকার বিরাজমান কূটনৈতিক সম্পর্কের উপর আলোকপাত করেন। নতুন দায়িত্বভার গ্রহন করায় তিনি উপদেষ্টাকে অভিনন্দন জানান। শিক্ষা ও সংস্কৃতির মত দুটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে উপদেষ্টার দায়িত্ব ড. কামাল আবদুল নাসের চৌধুরীর মত একজন যোগ্য ব্যক্তিকে অর্পণ করায় তিনি প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে জাতিসংঘে বাংলাদেশের উপ-স্থায়ী প্রতিনিধি তৌফিক ইসলাম শাতিলও সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন।

কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা তার স্বাগত বক্তব্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বাংলাদেশকে অপার সম্ভাবনার দেশ হিসেবে উল্লেখ করেন এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত 'স্মার্ট বাংলাদেশ' গড়ার রূপকল্পকে বাস্তবায়নে সবাইকে এগিয়ে আসার আহবান জানান।

মনোমুগ্ধকর আবৃত্তি, সঙ্গীত ও নৃত্য পরিবেশনা অনুষ্ঠানটিকে প্রাণবন্ত করে তোলে। সকলের অংশগ্রহনে সমবেত কণ্ঠে বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠান শেষ হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের
সুবিধার্থে আমরা
এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে
বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত
লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

বাসা ভাড়া

বেসমেন্ট ভাড়া

বেসমেন্ট ও এটিক ভাড়া হবে। জ্যামাইকা ১৯৯ স্ট্রিটে। (TOLET for BASEMENT & ATTIC: Jamaica 199 street (bus-Q2/Q3/F train), Fully renovated, 3 rooms/600, kitchen & 1.5 bathrooms, চাকরিজীবী অথবা স্টুডেন্ট এর কাছে এবং এটিক ভাড়া হবে দুইজন মহিলার কাছে। যোগাযোগঃ **347- 993 -7394**

বাসা ভাড়া

২ বেডরুম, ২ বাথরুম, লিভিং রুম, ৫টি ক্লোজেট, কিচেনসহ একটি বাসা মার্চ মাস থেকে ভাড়া দেয়া হবে। শুধুমাত্র ছোট পরিবার অথবা স্বামী-স্ত্রী এর নিকট। ভাড়া ২২০০ ডলার। ফুললি রেনোভেটেড। জ্যামাইকা সাটফিন বুলেভার্ড এবং ১০৭ এভিনিউর সন্নিকটে। যোগাযোগঃ **917-515-8645**

বেসমেন্ট ভাড়া

১০৭-৫৯, ১৬৪ স্ট্রিট, জ্যামাইকা, কুইন্স, এফ ট্রেন এর লাস্ট স্টপ জ্যামাইকা সেন্টার এবং ইয়র্ক কলেজ সংলগ্ন ই ট্রেন , এবং ওয়াকিং ডিটেন্স এফ ট্রেন , বাস সুবিধা সম্পন্ন এক বেডরুমের বাসার জন্য একটি ছোট পরিবার চাই। যোগাযোগ: **646-651-9629.**

বাড়ি ভাড়া

জ্যামাইকা হিলসাইড এভিনিউ, ১৮৮ স্ট্রিট, ৩য় তলায় একটি এক বেডরুম সাথে লিভিং রুম এবং একটি ছোট রুমের নিউলি রেনোভেটেড বাসা ভাড়া হবে। এফ ট্রেন সাবওয়ে, বাস, সুপারমার্কেট, মসজিদ, স্কুল বাসার নিকেট। ভাড়া ১৮০০ ডলার প্লাস বিল। ২/৩জনের ফ্যামিলি অগ্রাধিকার। যোগাযোগঃ **917-345-0652, 917-345-0652**

রুম ভাড়া

জ্যামাইকার হলিসে ৯৯ এভিনিউ এবং ২০৫ প্লেস এ প্রাইভেট হাউজে একটি রুম একজন অধূমপায়ী মুসলমান ব্যাচেলার ছেলের কাছে ভাড়া দেওয়া হবে। মসজিদ অতি কাছে। সাবওয়ে, বাস এবং গাড়ি পাকিংয়ের সুব্যবস্থা আছে। যোগাযোগ– **718-413-5088.**

রুম ভাড়া

মার্চের ১ তারিখ অ্যাপার্টমেন্টে রুম ভাড়া দেওয়া হবে, Separate রুম ভাড়া ৯০০ ডলার or 800$ Separate সিট ভাড়া ৫০০ ডলার, যেকোনো একটি, ওয়াইফাই এবং বিদ্যুৎ বিল সহকারে, স্বামী স্ত্রী অথবা একজন মেয়ে অগ্রাধিকার দেওয়া হবে Parkchester বাঙালি গ্রোসারি ৬ মিনিটে হাটার দূরত্ব **347-656-4423**

রুম ভাড়া

একটি রুম স্বামী-স্ত্রী অথবা কর্মজীবী মহিলার নিকট ভাড়া হবে। কুইন্স এ 'ই' ট্রেন। যোগাযোগঃ ফোনঃ **929-235-5525..**

রুমমেটঃ

রুমমেট চাই। ১লা মার্চ থেকে ৩৭-৮০- ৬৪ স্ট্রীট উডসাইড এপার্টমেন্ট বিল্ডিং-এ একটি বড় রুমে শেয়ারে থাকার জন্য একজন মুসলিম পুরুষ রুমমেট প্রয়োজন। যোগাযোগঃ **929-421-9579.**

HELP WANTED

Front desk receptionist needed bengali and english speaking with full computer skills(full time). Please call 718-406-9588 or email resume at **officemed50@gmail.com**

পাত্র চাই

হিন্দু পাত্র চাই। অবিবাহিতা, সুন্দরী, উচ্চতা ৫ ফুট ৫ ইঞ্চি, আমেরিকায় ফুল ফান্ডিং নিয়ে এমবিএ অধ্যয়ণরত, ২৬ বছরের হিন্দু পাত্রীর জন্য অবিাহিত, শিক্ষিত, আমেরিকায় সুপ্রতিষ্ঠিত হিন্দু পাত্র চাই। বায়োডাটা ও ছবিসহ যোগাযোগ করুন। **ইমেইল: sunshinewillson@gmail.com, ফোন: 225-650-9634.**

কাজী অফিস
সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা
আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম
মসজিদ, জ্যামাইকা
148-16 87 Road
Jamaica, NY-11435
বিবাহ পড়ানো,
মেরিজ সার্টিফিকেট
ও কাবিন নামা
প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের
জন্য যোগাযোগ করুনঃ
917-428-1519

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



হাউজ কিপিং জব করতে চাই
হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

ভ্রমণ
নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:
বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy
পিকনিকসহ বিভিন্ন উৎসব
আয়োজনে জয় রেস্টুরেন্টের
বিশেষ ঘোষণা
জয় ক্যাটারিং মেন্যু
প্যাকেজ -১
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00
প্যাকেজ-২
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00
প্যাকেজ-৩
গ্রেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00
প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00
148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977
32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

শৈত্য প্রবাহের মধ্যেও ছড়াটে'র প্রাণবন্ত ছড়াড্ডা অনুষ্ঠিত

আশরাফুল হাবিব মিহির: প্রচন্ড শৈত্য প্রবাহের মধ্যেও জানুয়ারী মাসের ছড়াড্ডাটি গত ১৯ জানুয়ারী শুক্রবার অনুষ্ঠিত হয়েছে। এই আড্ডায় বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে বরেণ্য ছড়াকারগণ যুক্ত হওয়ায় আড্ডায় অন্য রকম মাত্রা যোগ হয়। অনলাইনে অনুষ্ঠিত এই আড্ডায় যুক্ত ছিলেন দেশবরেণ্য ছড়াকার ওমর কায়সার, অস্ট্রেলিয়া থেকে বিশিষ্ট ছড়াকার শরীফ আস-সাবের, নিউইয়র্ক থেকে বীর মুক্তিযোদ্ধা-ছড়াকার-শিল্পী তাজুল ইমাম, ছড়াকার মিনহাজ আহমেদ, ছড়াকার শাম্স চৌধুরী রুশো, ছড়াকার রিপন শওকত, ছড়াকার শাহীন ইবনে দিলওয়ার, ছড়াকার সুমন শামসুদ্দিন, ছড়াকার মৃদুল আহমেদ, কবি মিশুক সেলিম ও মেরিল ল্যান্ড থেকে ছড়াকার ফকির সেলিম।

ছড়াকার ওমর কায়সার ছড়াড্ডার এই চমৎকার আয়োজনের জন্য ধন্যবাদ জানিয়ে বলেন 'এমন একটি প্লাটফর্মের কারণে তুখোড় কিছু ছড়াকারের সাথে পরিচিত হওয়ার সুযোগ হলো। তিনি ছড়াটে-র এই আয়োজনের প্রশংসা এবং এর প্রসার ও সাফল্য কামনা করেন।' ছড়াকার শরীফ আস-সাবের বলেন, 'ছড়াটে একটি আন্দোলনের নাম, এটি ছড়ার জগতে বিপ্লব সাধন করেছে, ছড়া নিয়ে গঠনমূলক ও ব্যতিক্রমী সব আয়োজন ছড়া সাহিত্যের জন্য ইতিহাস হয়ে থাকবে।'

উপস্থিত সকল ছড়াকার তাদের নিজ নিজ ছড়া পাঠ করেন। পঠিত ছড়ার উপর পর্যালোচনা করেন ছড়াকার তাজুল ইমাম ও মিনহাজ আহমেদ। ছড়াকার ওমর কায়সারের চট্টগ্রামের আঞ্চলিক ছড়ার উপরও বিস্তারিত আলোচনা হয়। বাঁশি ও দোতারা বাজিয়ে ছড়াকার মিনহাজ আহমেদের গান শোনানো বাড়তি আনন্দ যোগ করেন। ছড়ায়-আড্ডায়-গানে পুরো অনুষ্ঠানটি ভীষণ প্রাণবন্ত ছিলো। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ছড়াকার শাম্স চৌধুরী রুশো।

উল্লেখ্য, ছড়াটে নিয়মিতভাবে প্রতিমাসের তৃতীয় শুক্রবার ছড়ার আসর ছড়াড্ডা আয়োজন করে আসছে।

এক স্লিপ

(শেষের পাতার পর)

কর্মসূচী গ্রহণ করা হয়েছে। শুধু অপমর একুশে নয়, দেশের অন্যান্য জাতীয় দিবস ছাড়াও বিভিন্ন সময়ে নানা ইস্যুতে নানান অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে। আর এই অনুষ্ঠানগুলোতে সঙ্গত কারণেই শহীদদের স্মরণ করা হয় এবং তাদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নিরবতাও পালন করা হয়। কিন্তু অনেক সময় দেখা যায় এসব অনুষ্ঠানে এক মিনিটি নিরবতা পালননের কথা ঘোষণা করা হলেও বাস্তবে অধিকাংশ সময় এক মিনিটি সময় নিরবতা হয় না। একজন সংবাদ কর্মী হিসেবে এনিয়ে সচেতন প্রবাসীদের মাঝে মিশ্র প্রতিক্রিয় লক্ষনীয়। বিষয়টি কি সংশ্লিস্টরা ভেবে দেখবেন?

১৮ ফেব্রুয়ারী, ২০২৪

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে। হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)









দ্বিতীয় পর্বে অর্ধশতাধিক প্রতিযোগির অংশগ্রহন

(শেষের পাতার পর)

আয়োজন করা হয়েছে। চলছে প্রাথমিক প্রতিযোগিতা। সিটির এস্টোরিয়াস্থ টাইম টিভি ও বাংলা পত্রিকা অফিসের নিজস্ব স্টুডিওতে গত ১০-১১ ফেব্রুয়ারী শনি ও রোববার অনুষ্ঠিত হয় প্রতিযোগিতার প্রথম রাউন্ডের প্রতিযোগিতা। এতে বাংলাদেশী বংশোদ্ভুত নতুন প্রজন্মের পাশাপাশি অন্য কমিউনিটির মুসলিম শিশু-কিশোর-কিশোরীদের অংশগ্রহণ ছিলো ব্যাপক। উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত এই পর্বে প্রায় অর্ধশত শিশু-কিশোর-কিশোরী অংশ নেন। ফলে অংশগ্রহনকারী আর অভিভাবকদের উপস্থিতিতে টাইম টিভি ও বাংলা পত্রিকার বার্তা কক্ষ উৎসবমুখর হয়ে উঠে।

এদিকে গত শনিবার ও রোববার (১৭-১৮ ফেব্রুয়ারী) দ্বিতীয় পর্বের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে অর্ধ শতাধিক প্রতিযোগি অংশ নেন। প্রতিযোগিতা আয়োজনের সমন্বয়কারী মওলানা রশীদ আহমদ ও সঞ্চালক মওলানা আহমেদ আবু সুফিয়ান। প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করছেন মওলানা কারী মোহাম্মদ ইয়াসীন, ওস্তাদ রাহাত ইকবাল এবং ওস্তাদ আব্দুরহমান সুমারী।

শনিবারের (১৭ ফেব্রুয়ারী) প্রতিযোগিতায় সেকেন্ড গ্রেড থেকে সিক্স গ্রেড পর্যন্ত বালক-বালিকারা অংশ নেয়। বেলা ৩টা থেকে সন্ধ্যা সাড়ে ৫টা পর্যন্ত একে একে চলে এই পর্বের প্রতিযোগিতা। রোববার (১৮ ফেব্রুয়ারী) অনুষ্ঠিত হয় সেভেন গ্রেড থেকে ১২ গ্রেড পড়ুয়া বালক এবং সেভেন গ্রেড থেকে ১০ গ্রেড পড়ুয়া বালিকাদের প্রতিযোগিতা। এদিন বেলা আড়াইটা থেকে বিকেল ৫টা পর্যন্ত চলে এই পর্বের প্রতিযোগিতা। চূড়ান্ত প্রতিযোগিতা আসন্ন রমজান মাসে অনুষ্ঠিত হবে এবং পরবর্তীতে দিন-তারিখ জানানো হবে।

প্রতিযোগিতার আয়োজন দেখে এতে অংশগ্রহনকারীদের অভিভাবকরা সন্তোষ প্রকাশ এবং টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র উদ্যোগের প্রশংসা করেন।



অ্যাঞ্জেল-সাথী'র দাফন সম্পন্ন

(শেষের পাতার পর)

মোমোরিয়ার কবরস্থানে দাফন সম্পন্ন হয়েছে। তাদের মর্মান্তিক মৃত্যুর ৭দিন পর শুক্রবার (১৬ ফেব্রুয়ারী) সকালে উভয়ের মরদেহ ইয়েলো সোসাইটির ক্রয়কৃত কবরে সমাহিত করা হয়। এদিকে অ্যাঞ্জেল-সাথী দম্পতির নামাজে জানাজা বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারী) বাদ এশা জ্যামাইকা মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হয়। এতে নিহতের আত্মীয়-স্বজন ও ইয়েলো সোসাইটির কর্মকর্তা-সদস্যরা সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অংশ নেন। খবর ইউএনএ'র।

জেএমসিতে অনুষ্ঠিত জানাজায় ইমামতি করেন হাফেজ মুজাহিদুল ইসলাম। জানাজা নামাজের আগে নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেটের ডেপুটি কনসাল জেনারেল নাজমুল আহসান, জেএমসি পরিচালনা কমিটির সভাপতি ডা. মাহমুদুর রহমান তুহিন সহ তার ঘনিষ্টজনরা সক্ষিপ্ত বক্তব্য রাখেন।

উল্লেখ্য, নিউইয়র্ক সিটি থেকে সড়ক পথে আপস্টেটের বিংহ্যামটন যাওয়ার পথে গত ৯ ফেব্রুয়ারী শুক্রবার দিবাগত রাত ১০টার দিকে হাফিজ আহমেদ অ্যাঞ্জেল (৪৫) ও তার স্ত্রী সাথী আহমেদ (৩৮) দূর্ঘটনার শিকার হন এবং স্বামী-স্ত্রী ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। দূর্ঘটনায় তাদের এক কন্যা রাইদা আহমেদ (৭) গুরুতর আহত হয়ে লাইফ সাপোর্টে রয়েছেন। নিহত হাফিজ-সাথী আহমেদ দম্পতির ১৯ বছর বয়সী আরেক পুত্র সন্তান রয়েছে। বিংহ্যাটনে ক্রয় করা নতুন বাড়ীতে যাওয়ার পথেই তারা মর্মান্তিক দূর্ঘটনার শিকার হন।

শিরোপা হাতে পেলেন সাগরিকারা

(শেষের পাতার পর)

জায়গাজুড়ে ছোট কার্পেট বিছানো। রোববার বাফুফে ভবনের পাশে কৃত্রিম টার্ফে এমন সাদামাটা আয়োজনের মধ্য দিয়েই সাফ অনূর্ধ্ব-১৯ শিরোপাজয়ী মেয়েদের হাতে ট্রফি ও পদক তুলে দেওয়া হয়। তবে সব ছাপিয়ে টুর্নামেন্ট সেরা ও সর্বাধিক গোলদাতা সাগরিকা বন্দনায় মেতেছিলেন উপস্থিত সবাই। সাফ অ-১৯ নারী চ্যাম্পিয়নশিপের নাটকীয় ফাইনালের টস কাভের পর বাংলাদেশ ও ভারত যুগ্ম চ্যাম্পিয়ন হয়। গত ৯ ফেব্রুয়ারী ভারত ট্রফি নিয়ে বাংলাদেশ ছাড়ে। নয় দিন পর রোববার (১৮ ফেব্রুয়ারী) চ্যাম্পিয়ন ট্রফি ও পদক বুঝে পেলেন স্বাগতিক ফুটবলাররা। চ্যাম্পিয়ন দলের অনেক ফুটবলার এসএসসি পরীক্ষার্থী। তাই ট্রফি নিতে আসতে পারেননি ট্রফি নিতে আসেন মাত্র ১৩ জন ফুটবলার। সাফ অ-১৯ নারী চ্যাম্পিয়নশিপটি ছিল মূলত বাংলাদেশের ফরোয়ার্ড সাগরিকাময়। দুটি ম্যাচে জয়ের কান্ডারি এবং ফাইনালে শেষ মুহূর্তে সমতাসূচক গোলটিও তার। স্বাভাবিকভাবেই টুর্নামেন্ট সেরা হন সাগরিকা। আর চার গোল করে ভারতের পূজা ও শিবানী দেবীর সঙ্গে যৌথভাবে সর্বোচ্চ গোলদাতা হন তিনি। দুটি পুরস্কার হাতে নিয়ে উচ্ছ্বসিত সাগরিকা বলেন, 'ভালো লাগছে। আমি দুটি পুরস্কার পেয়েছি। জানতাম না আমি পুরস্কার পাব। 'আজ সকালে শুনেছি।' গতি, শটের পাওয়ার ও গোল করার দক্ষতায় অনেকেই তার মধ্যে জাতীয় দলের অধিনায়ক সাবিনার ছায়া খুঁজে পাচ্ছেন। দুজনের পজিশনও প্রায় একই।

জুনিয়র সাফের সেরা খেলোয়াড় হয়েও অগ্রজ সাবিনাকে অনেক উপরেই রাখলেন সাগরিকা, 'সাবিনা আপুর জায়গায় যেতে পারব না। তারপরও চেষ্টা করব।' কেন যেতে পারবেন না তার ব্যাখ্যাও দিয়েছেন সাগরিকা, 'আপুর খেলা আর আমার খেলা তো এক না। উনি অনেক সিনিয়র। তার জ্ঞান ও আমার জ্ঞান আলাদা। ওই জায়গায় যেতে আমার অনেক পরিশ্রম করতে হবে।'

অনূর্ধ্ব-১৯ দলের এই তারকা ফুটবলার যোগ করেন, 'আমি আরও এগোতে চাই। এজন্য আরও বেশি ভালো খেলে জায়গা তৈরি করতে চাই।' বাংলাদেশের ফুটবলে এখন পরিচিত নাম সাগরিকা।

টুর্নামেন্টের আগে-পরে কেমন পরিবর্তন দেখতে পাচ্ছেন এমন প্রশ্নের উত্তরে সাগরিকা বলেন, 'টুর্নামেন্টের আগে সাগরিকাকে কেউ চিনত না। এখন অনেকে চেনে।'

বাংলাদেশ দলের অধিনায়ক আফঈদা খন্দকারও সতীর্থ সাগরিকার প্রশংসা করে বলেন, 'সাগরিকা খুবই ভালো খেলোয়াড়। ওর ওপর আমাদের আস্থা ছিল সে গোল করবে এবং করেছেও।'

নারী দলের কোচ হিসাবে প্রথম সাফল্য পেলেন সাইফুল বারী টিটু। তিনিও তৃপ্ত, 'ডিফেন্ডিং চ্যাম্পিয়ন এমন একটা বোঝা ছিল আমার ওপর। চ্যাম্পিয়ন হয়ে সেই দায়িত্বটা পূরণ করতে সক্ষম হয়েছি। তবে ভারতকে হারিয়ে চ্যাম্পিয়ন হতে পারলে আরও ভালো লাগত।'

কমিউনিটি ইউনাইটেড ডেমোক্র্যাটিক ক্লাবের যাত্রা

(শেষের পাতার পর)

সেতুবন্ধনকে আরো শক্তিশালী করতে গঠিত হলো 'কমিউনিটি ইউনাইটেড ডেমোক্র্যাটিক ক্লাব' (সিইউডিসি) নামে নতুন একটি সংগঠন। এর আনুষ্ঠানিক যাত্রা শুরু হলো ২ ফেব্রুয়ারী শুক্রবার। এ উপলক্ষ্যে ঐদিন সন্ধ্যায় জ্যামাইকার পার্সনবুলেভার্ডের একটি রেঁস্তোরায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে নব গঠিত ক্লাবের আহ্বায়ক হিসেবে মিজান চৌধুরীকে আহবায়ক এবং সৈয়দ আল আমীন রাসেলকে সদস্য সচিব হিসেবে ঘোষণা করা হয়। খবর ইউএনএ'র।

'ক্লাব সফট লাঞ্চ' শীর্ষক ব্যতিক্রমী এই অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেট সিনেটর জন সি ল্যু এবং অ্যাস্টিং সুপ্রিম কোর্ট জাস্টিস সেলি উনগার। অনুষ্ঠানে ক্লাবের উদ্যোক্তারা জানান, বাংলাদেশী কমিউনিটিকে মূলধারার রাজনীতিতে সংযুক্ত করতে সংগঠনটি কাজ করবে। এছাড়াও নভেম্বরে অনুষ্ঠিতব্য যুক্তরাষ্ট্রের নির্বাচন সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানে মিজান চৌধুরীকে আহবায়ক এবং সৈয়দ আল আমিন রাসেলকে সদস্য সচিব করে 'কমিউনিটি ইউনাইটেড ডেমোক্র্যাটিক ক্লাব'-এর পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়। কমিটির অন্যান্য কর্মকর্তারা হলেন: যুগ্ম আহ্বায়ক- সিলভিয়া মিরান্ডা, কামরুল ইসলাম সনি ও রাসেক মালিক, যুগ্ম সদস্য সচিব- শাহানাজ হোসেন, সদস্য যথাক্রমে রিচার্ড লরেন্স, ডা. মুর্তজা হুসেইনিন, বিষ্ণু মহাদেব, মোহাম্মদ এস আলম, শাইক মুরাদ, আক্তার বাবুল, বাবুল হাওলাদার, অসীম দ্বীন, হাসান সুমন, ফারুক হোসেন রনি, মোহাম্মদ এস আলম সহ আরও অনেকে।

ক্লাবটির উপদেষ্টা পরিষেদে রয়েছেন: রোন্ডা বিন্দা, ইভন এস পাচাই, মোহাম্মদ আনিসুর কবির জাসির, লারা গ্রেগরি এসক, ডারমিন বাচু, এসকিউ ইথান ফেল্ডার, এসক ডনি হোয়াইটহেড, নাহিদ করিম, মাসুদ রহমান, আফতাব উদ্দিন এবং মান্নান মোহাম্মদ ইসতিয়াক হোসেন।

অনুষ্ঠানে সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ খান সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তি ও ডেমোক্র্যাটিক পার্টি সমর্থকদের মধ্যে উল্লেখ্যযোগ্য ব্যাক্তিবর্গের মধ্যে ডা. বর্ণালী হাসান, আহসান হাবীব, অ্যান্ডি চেন, সাতনাম সিং, আতিক কাদরী, রান্দা বিন্দা, মনজুর আহমেদ চৌধুরী, লারা, গ্রেগরি এসক, দারমিন বাচু, ইথান ফেল্ডার, হুসাইন, আদনান বুখারী, মনদীপ সিং, আতিক রহমান, নীরা কাদরী, মোশারফ হোসেন, এডভোকেট মুজিব রহমান, মুজিবুর রহমান, এডভোকেট এম মতিউর রহমান, ড. সালাহ আহমেদ, মোহাম্মদ আলী, হাবিবুর রহমান, মোহাম্মদ জাসির, আখতার বাবুল, কামরুল ইসলাম সোনি, রাসেক মালিক, বাবুল হাওলাদার, মোহাম্মদ আলম প্রমুখ উপস্থিত ছিলেন।

শিমের বীচির উপকারিতা

(শেষের পাতার পর)

দুর্মূল্যের বাজারে গরুর মাংস কিনতে পারেন না বলে আফসোস করেন; তাদের বলছি, ১০০ গ্রাম গরুর মাংসে যে পরিমাণ অর্থাৎ ২২.৬ গ্রাম প্রোটিন আছে, একই পরিমাণ শিমের বীচিতে তা আছে ২৪.৯ গ্রাম। অথচ আমাদের দেশে অনেকে প্রোটিনের অভাবজনিত রোগে ভোগেন। যেমন-

* বাড়ন্ত বয়সে প্রোটিনের অভাবে দেহ সুগঠিত হয় না অর্থাৎ উচ্চতা কম হয়, দেহের বৃদ্ধি ব্যাহত হয়।
* দেহের ক্ষয়পূরণ হয় না।
* হাড়ের গঠন মজবুত হয় না। ফলে কর্মক্ষমতা কমে যায়।
* হিমোগ্লোবিনের পরিমাণ কমে যায় এবং দেহ দুর্বল হয়ে পড়ে।

প্রোটিনের অভাবে কোয়াশিয়রকর নামে একধরনের রোগ হয়। এ রোগে দেহের বৃদ্ধি ব্যাহত হয়। শরীরের ওজন কমে যায়, পানি জমে। হাত-পা শুকিয়ে যায়, পেট বড় হয়ে যায়। বাড়ন্ত ছেলেমেয়েদের স্মরণশক্তি কমে যায় এবং পড়াশোনা ও খেলাধুলায় আগ্রহ থাকে না। বর্তমানে আমাদের দেশে অনেক শিশু প্রোটিনের অভাবে ভুগছে। অনেক দামি খাবারে নয়, কম দামি খাবারেও অনেক পুষ্টি আছে, যা শিমের বীচির পুষ্টিগুণ দেখেই বোঝা যায়।

যারা নিরামিষভোজী, মাছ বা মাংস, ডিম, দুধ ধর্মীয় কারণে খেতে চান না, তাঁদের প্রোটিনের চাহিদা পূরণ করবে এই শিমের বীচি। ভেজিটেবল প্রোটিনে ভরা এই খাবার শরীরে প্রোটিনের দরকার এমন সব মাংসপেশিকে যথাযথ প্রোটিনের জোগান দেয়। এ ছাড়া শিমের বীচিতে আছে ক্যালসিয়াম, যা হাড়কে শক্ত করে। বয়স বাড়লে যে কেউ অস্টিওপোরোসিসের মতো রোগে আক্রান্ত হতে পারে। নারীদের আক্রান্তের হার বেশি। এ ক্ষেত্রে শিমের বীচি খুবই উপকারী। এতে রয়েছে ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিড। শিমের বিচিতে আঁশের পরিমাণ বেশি থাকায় কোষ্ঠকাঠিন্য সমস্যা দূর করে। স্তন্যদায়ী মায়েদের জন্য ভীষণ উপকারী, দুধ বাড়ে। যাদের ওজন বেশি, তাদের ওজন কমাতে সাহায্য করে।

বর্তমানে ক্যানসারের প্রকোপ বিশ্বব্যাপী আশঙ্কাজনকভাবে বেড়ে গেছে। আর শিমের বীচিতে আছে আট ধরনের ফ্ল্যাভোনয়েড, যা প্রতিকার করতে না পারলেও ক্যানসার সেলের প্রতিরোধে সাহায্য করতে পারে। হার্টের সুরক্ষায় বেশ কার্যকর এই শিমের বীচি।

যাদের জন্য নিষেধ

* যাদের কিডনির সমস্যা আছে।
* যাদের রক্তে ইউরিক অ্যাসিড বেশি।
* যাদের পিত্তথলিতে পাথর আছে।

ডিভোর্সের ঘোষণা চিত্রনায়িকা মাহি'র

(শেষের পাতার পর)

করেছেন তিনি।

নিজের ফেসবুকে ভিডিও বার্তায় মাহি বলেন, 'আমরা দুজন মিলেই এমন সিদ্ধান্ত নিয়েছি। আমাদের মধ্যে কিছু বিষয় নিয়ে সমস্যা রয়েছে। তবে রকিব খুব ভালো মানুষ। তাকে আমি সম্মান করি। অনেক কেয়ারিং সে। কেঁদে মাহি বলেন, খুব দ্রুতই আমরা আনুষ্ঠানিকভাবে বিচ্ছেদে যাচ্ছি। কবে আর কীভাবে হবে সেটিও দুজন মিলেই ঠিক করব।'

তার বর্তমান স্বামীর প্রশংসা করে বলেন, রাকিব খুব ভালো মানুষ। তাকে আমি সম্মান করি। অনেক কেয়ারিং সে। কেঁদে মাহি বলেন, খুব দ্রুতই আমরা আনুষ্ঠানিকভাবে বিচ্ছেদে যাচ্ছি। কবে আর কীভাবে হবে সেটাও দুজন মিলেই ঠিক করবো। ছেলের জন্য দোয়া চেয়ে মাহি হলেন, আপনারা আমার ছেলে ফারিশের জন্য দোয়া করবেন। যেন ওকে ভালো মানুষ হিসেবে গড়ে তুলতে পারি।

উল্লেখ্য, ২০২১ সালের ১৩ সেপ্টেম্বর গাজীপুরের রাজনীতিবিদ রাকিব সরকারকে বিয়ে করেন মাহিয়া মাহি। তাদের ঘরে পুত্র সন্তান ফারিশ রয়েছে। ২০১৬ সালে সিলেটের ব্যবসায়ী পারভেজ মাহমুদ অপুকে ভালোবেসে বিয়ে করেছিলেন মাহি। আর ২০২১ এর ২২ মে পাঁচ বছরের বিবাহিত সম্পর্ক ছিন্ন করার ঘোষণা দেন এই অভিনেত্রী। এরপরই রাকিবের সঙ্গে সম্পর্কে জড়ানোর বিষয়টি আলোচনায় আসে। জানা যায়, মাহির স্বামী রাকিব রাজনীতির সাথে সম্পৃক্ত।

বিচ্ছেদের খবর জানিয়ে মাহির অনুরোধ

শুক্রবার মধ্যরাতে এক ভিডিও বার্তায় অভিনেত্রী মাহিয়া মাহি জানালেন, ফের বিচ্ছেদের পথে হাঁটছেন তিনি। স্বামী রাকিব সরকারের সঙ্গে আলাদা থাকছেন বেশ কিছুদিন ধরে। খুব শিগগির পাঠাবেন তালাকনামা। পাশাপাশি মাহি অনুরোধ করেন কেউ যেন বিষয়টি নিয়ে বাজে মন্তব্য না করেন। মাহি বলেন, 'আমি জানি সবাই ভিডিওটা দেখার পরে আমাকে নিয়ে অনেক বাজে মন্তব্য করবেন। আমি এগুলো দেখি, কিন্তু উত্তর দিই না। তবে বিশ্বাস করেন, এই মন্তব্যগুলো তীরের মতো আমার বুকে গিয়ে বিঁধবে। আমি কষ্ট পাই। দয়া করে এমন মন্তব্য করবেন না। আমার পরিবারের মানুষ কষ্ট পায়।'

মাহির সঙ্গে বিচ্ছেদ প্রসঙ্গে যা বললেন তাঁর স্বামী

গত ১৬ ফেব্রুয়ারী শুক্রবার মধ্যরাতে স্বামী রাকিব সরকারের সঙ্গে বিচ্ছেদের ঘোষণা দিয়ে একটি ভিডিও প্রকাশ করেন চিত্রনায়িকা মাহিয়া মাহি। আট মিনিটের বেশি সময়ের সেই ভিডিওতে তিনি জানান, এখন তাঁরা আলাদা আছেন। খুব দ্রুত ডিভোর্সের আনুষ্ঠানিকতা সম্পন্ন করবেন। তিনি ভিডিওর শুরুতে তাঁর স্বামী রাকিব সম্পর্কে বলেন, 'আমাদের বোঝা-পড়া ভালো ছিল এবং আমরা ভালো ছিলাম। সে খুব ভালো একজন মানুষ। খুব পরোপকারী ও কেয়ারিং। আমার পুরো পরিবারকে সম্মান করেছে। সব সময় ছাতার মতো করে আগলে রেখেছে।' তারপর নিজেদের আলাদা হয়ে যাওয়ার কথা বলেন এই নায়িকা। বলেন, 'একটা ছাদের নিচে দু'জন ভালো নেই। এটা শুধু ওই দুজন বলতে পারবে। আর কেউ বুঝবে না। আমাদের যে সম্পর্ক ছিল এবং সম্মান ছিল সেই জায়গা থেকে দুজন ভেবেছিলাম সেপারেশনে যাব। যাব না, অলরেডি আমরা সেপারেশনে আছি। হয়তো খুব দ্রুত এটার একটা সমাপ্তি হবে। তবে আমি তাকে সম্মান করি।' তবে বিচ্ছেদ নিয়ে গেল দুদিন দুজনের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও কেউ সাড়া দেননি। মেসেজে বা হোয়াটসঅ্যাপে খুদে বার্তা দিলেও কেউ উত্তর দেননি।

এদিকে রোববার (১৮ ফেব্রুয়ারী) সন্ধ্যার পর তাঁর স্বামী রাকিব সরকারের সঙ্গে কথা হয় কালের কণ্ঠ'র। এ সময় বিচ্ছেদ প্রসঙ্গে তিনি বলেন, 'আমি আসলে এ সময় এসব নিয়ে কথা বলতে চাই না। একটু সময় নিই। আমিও একটা ভিডিও করে সব কিছু বলব। আমি এসব নিয়ে কোথাও কোনো মন্তব্য করিনি। আমি একটু সব কিছু অবজার্ভ (পর্যবেক্ষণ) করছি।'

তাঁর কাছে জানতে চাওয়া হয়, 'আপনারা আলাদা আছেন বলে মাহি জানিয়েছেন। দ্রুতই ডিভোর্সের আনুষ্ঠানিকতা সম্পন্ন হবে বলে জানিয়েছেন। সেটা নিয়ে আপনার মন্তব্য কী?' রাকিব সরকার বলেন, 'তার ভিডিও আপনারা দেখেছেন। আপনারা সবই শুনেছেন। নতুন করে আর কিছু বলতে চাইছি না। সময় নেই। তারপর বলব।' তবে কবে নাগাদ তাদের বিচ্ছেদ হবে সে বিষয়ে কিছুই বলেননি রাকিব সরকার। কথা শেষ করে জানান, খুব দ্রুত একটি ভিডিও বার্তার মাধ্যমে সব কিছু পরিষ্কার করবেন তিনি।

ভোটে হেরে যাওয়াই কি মাহির বিচ্ছেদের কারণ

শুক্রবার মধ্যরাতে স্বামী রাকিব সরকারের সঙ্গে বিচ্ছেদের ঘোষণা দেন চিত্রনায়িকা মাহিয়া মাহি। আট মিনিটের বেশি সময়ের একটি ভিডিওতে তিনি জানান, কিছুদিন হলো তারা আলাদা আছেন। খুব দ্রুত ডিভোর্সের আনুষ্ঠানিকতা সম্পন্ন করবেন। রাকিবের সঙ্গে মাহিয়া মাহি দুই বছর আগে বৈবাহিক সম্পর্কে জড়ান। দুজনেরই প্রথম বিয়ের বিচ্ছেদের পর একে অপরকে ভালোবেসে তাঁরা বিয়ের সিদ্ধান্ত নেন। তিন বছরের মাথায় তাঁদের সংসারে ভাঙনের সুর শোনা গেল। যদিও বিচ্ছেদের কারণ খোলাসা করেননি অভিনেত্রী। শুধু ভিডিও বার্তায় জানিয়েছেন 'আমাদের দুজনের মধ্যে একটু সমস্যা আছে, তাই বিচ্ছেদের সিদ্ধান্ত নিতে যাচ্ছি।'

২০২১ সালের ১৩ সেপ্টেম্বর অনেকটা গোপনে রকিবকে বিয়ে করেন মাহি। রাজনীতিবিদ রকিবকে বিয়ের পর থেকেই সিনেমার মাঠ ছেড়ে রাজনীতির মাঠেই সরব হয়ে পড়েছিলেন এই অভিনেত্রী। সেসময় অভিনেত্রী জানিয়েছিলেন রকিবের উৎসাহে রাজনীতির মাঠে সরব তিনি। বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের যুগ্ম সাধারণ সম্পাদক পদও পেয়েছিলেন মাহি।

এরপর গত বছরের শুরুর দিকে নিজ এলাকা চাঁপাইনবাবগঞ্জ-২ আসনের উপনির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী হওয়ার জন্য মনোনয়ন তোলেন এই নায়িকা। কিন্তু মনোনয়ন পাননি মাহি। তবে তখন থেকেই এলাকায় নানা সামাজিক কার্যক্রমে যুক্ত হতে দেখা যায় তাকে। সঙ্গে সব সময়ই দেখা যেত স্বামীকে। এরপর গেল দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেতে রাজশাহী-১ ও চাঁপাইনবাবগঞ্জ-২ আসনের ফরম তুলেছিলেন তিনি। কিন্তু মনোনয়ন না পেয়ে রাজশাহী-১ থেকে স্বতন্ত্র প্রার্থী হয়েছিলেন। কিন্তু ওই আসনের চৌধুরী সাহেবের কাছে ৯৪ হাজার ৫৮৩ ভোটের ব্যবধানে পরাজিত হয়েছেন মাহি। বিপুল ভোটে পরাজয়ের পরও রাজনীতি চালিয়ে যাওয়ার ঘোষণা দেন মাহি।

কিছুদিন আগেই খবর ছিলো সংরক্ষিত নারী আসনের জন্য আওয়ামী লীগের দলীয় মনোনয়ন ফরম কিনেছিলেন মাহি। তিনি রাজশাহী বিভাগের বুথ থেকে মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন বলে জানা গিয়েছিলো। তবে মনোনয়ন পাননি। শোনা যাচ্ছে, মাহি রাজনৈতিকভাবে সাফল্য না পাওয়ায় দূরত্ব বাড়ছে। স্বামী রাকিব নাকি চাইতেন মাহি রাজনীতিতে সরব থাকুক। কিন্তু মনোনয়ন না পাওয়া ও ভোটের মাঠে পরাজয়ের পর থেকেই দুজনের মধ্যে একটু সমস্যা সৃষ্টি হচ্ছে। এর আগে ২০১৬ সালে সিলেটের ব্যবসায়ী পারভেজ মাহমুদ অপুকে ভালোবেসে বিয়ে করেন মাহি। পাঁচ বছর সংসার করার পর ২০২১ সালের ২২ মে বিবাহিত সম্পর্ক ছিন্নের ঘোষণা দেন তিনি। অপুর সঙ্গে সম্পর্কের ইতি টানার আগেই রাকিবের সঙ্গে সম্পর্কে জড়ানোর বিষয়টি আলোচনায় আসে। এদিকে মাহিও রাকিবের দ্বিতীয় স্ত্রী। রাকিবের আগের সংসারে দুই সন্তান রয়েছে।

বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika

নিউইয়র্কে আবার তুষারপাতঃ দেখার মতো সৌন্দর্য বিলোচ্ছে

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক সিটির সেন্ট্রাল পার্ক আর ব্রুকলীনের প্রসপেক্ট পার্ক এখন যেনো এক শীতের সত্যিকারের সৌন্দর্য বিলোচ্ছে। গত ১৭ ফেব্রুয়ারী শনিবার সপ্তাহান্তে তুষারপাতে সেই সৌন্দর্য ধরা দিয়েছে নিউইয়র্কারদের কাছে। ঘুম থেকে উঠে তারা চারিদিকে যে সফেদ দৃশ্য দেখতে পেলেন তা উপভোগই করলেন। নেই কাজে যাওয়ার তাড়া। বাইরে বের হওয়ার একান্ত বাধ্যবাধকতা না থাকলে এমন তুষারপাতের সৌন্দর্যটাই উপভোগ করা যায়। ব্রুকলীনের বাসিন্দা জেমস বলছিলেন, আগাম বার্তা থেকে জেনেছিলাম তুষার পড়বে। সকালে সূর্য ওঠার আগেই ঘুম থেকে উঠে গেলার। আর ঘরে বাইরে উঁকি দিয়ে সড়কবাতির হালকা আলোয় দেখলাম প্রসপেক্ট পার্কের গাছগুলো এক অদ্ভুত সৌন্দর্য ছড়াচ্ছে। নিজেকে আর ঘরে আটকে রাখতে পারলাম না। বাইরে বেরিয়ে আরও একটু ভালো করেই দেখেনিলাম তুষারপাতের এই অপরূপ দৃশ্য।





বাফেলোতে ভালোবাসা উৎসবে বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ

যেকোনো উৎসবে এক সূত্রে গাঁথতে হবে কৃষ্টি, ধর্ম ও জাতিসত্তাকে

বাফেলো (নিউইয়র্ক): বাংলাদেশের পয়লা ফাল্গুন আর বিশ্বব্যাপী উদযাপিত ভ্যালেন্টাইন্স ডে'কে উপলক্ষ করে 'ভালোবাসার উৎসব' অনুষ্ঠিত হয়ে গেল নিউইয়র্কের বাফেলোতে। বাফেলো ১২০ আলেকজান্ডার এভিনিউতে গত ১০ ফেব্রুয়ারী আর জে প্রোডাকশন আয়োজিত বর্ণাঢ্য সঙ্গীত ও নাট্যানুষ্ঠানের নাম ছিল 'বসন্ত এসে গেছে'। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাউন্টেন ব্যাটালিয়ান কমান্ডার, গ্লোবাল পিস অ্যামব্যাসেডর, নিউইয়র্কে হোম কেয়ার সেবার পথিকৃৎ, ভলোবাসার ফেরিওয়ালা খ্যাত স্যার ড. আবু জাফর মাহমুদ ছিলেন অনুষ্ঠানের প্রধান অতিথি। তিনি বলেন, একজন বাঙালী সন্তানের জন্মগ্রহণের পর প্রথম যে শিক্ষাটি লাভ করে সেটি হচ্ছে ভালোবাসা ও মমতার শিক্ষা। আমাদের শিক্ষা ও সংস্কৃতির প্রধান সুর ভালোবাসা। ভালোবাসাই একজন মানুষকে শুদ্ধ করতে পারে। তিনি মানুষের জীবনে ধর্মাচারের অপরিহার্য প্রভাবের কথা তুলে ধরে বলেন, জন্মের পর প্রথম শুনেছি আজানের ধ্বনি। আমার জীবনের প্রথম কৃষ্টি, প্রথম সংস্কৃতি আজান। প্রত্যেক বাঙালী মুসলমান একই কৃষ্টিতে লালিত। আমরা যেন আমাদের কৃষ্টি ভুলে না যাই। এই কৃষ্টি নিয়েই সকল উৎসব করতে হবে। ষড়ঋতুর বাংলাদেশে প্রত্যেক ঋতুতেই উৎসব আছে। বসন্তের উৎসবের মতো অন্য ঋতুতেও আছে উৎসব। এই উৎসবের ভেতর দিয়েই আমরা কৃষ্টি, ধর্ম ও জাতিসত্তাকে একটি সূত্রে বাঁধতে পারি।

অনুষ্ঠানে আর জে প্রোডাকশনের পক্ষ থেকে বক্তব্য রাখেন শামীমুল হক রাজন ও রাতনুন আলম ঝর্না। এছাড়াও বক্তব্য রাখেন মহসীন রেজা, নাসরিন ও অধ্যাপক জোবায়দুর রহমান খান। অনুষ্ঠানে বিশিষ্ট অভিনেতা ও আবৃত্তিশিল্পী টনি ডয়েস ও প্রিয়া ড্যান্স একাডেমীর প্রধান নির্বাহী প্রিয়া ডায়েস এর বিশেষ নৃত্যনাট্য পরিবেশনা দর্শকদের মুগ্ধ করে। অনুষ্ঠানের টাইটেল স্পন্সর ছিল দেশী স্বাদ ক্যাটারিং।

অনুষ্ঠানে আবু জাফর মাহমুদ আরো বলেন, প্রকৃতি প্রতিটি সময় আমাদের সামনে উৎসব হিসেবে হাজির হয়। প্রকৃতির এই উদারতা ও শক্তিকে মূল্যায়ণ করতে হবে। তিনি তরুণ প্রজন্মের উদ্দেশ্যে বলেন, মাটির প্রতি ভালোবাসা আর শত্রুর প্রতি দ্রোহ সঙ্গে নিয়ে বাংলাদেশ রাষ্ট্রের জন্ম দিয়েছি। তাই তোমাদের উদ্দেশ্যে আমার একটাই পরামর্শ, ভালোবাসার শক্তিকে ধরে রাখো। বেশি বেশি ভালোবাসো। ভালোবাসবে নিজের দেশ ও আপনজনকে। তোমাদের দেশপ্রেম ও ভালোবাসার শক্তিই বিশ্বজয়ের মর্যাদা এনে দিতে পারে। তিনি বলেন, ১৭ বছর আগে আমি নিউইয়র্কে প্রথম হোম কেয়ার সেবা চালু করি, আজ সারা নিউইয়র্কে বহু হোম কেয়ার প্রতিষ্ঠান। সবই আমাদের প্রতিষ্ঠান। মানবসেবার ক্ষেত্রে এটিই বাংলাদেশীদের অনন্যতা। সবাইকেই সহযোগিতা করতে হবে। এটিই ভালোবাসর অনন্য দৃষ্টান্ত। তবে তিনি বলেন, হোম কেয়ার কারো শুধু ব্যবসা নয়, হোম কেয়ার শুধু টাকা উপার্জনের যন্ত্র নয়।

উল্লেখ্য, বাফেলোতে দুইদিন ব্যস্ততম সময় অতিবাহিত করেন স্যার ড. আবু জাফর মাহমুদ। স্থানীয় কমিউনিটি গণমাধ্যম বাফেলো প্রতিদিন ও বাফেলো বাংলা টেলিভিশন প্রচার করে তার বিশেষ সাক্ষাৎকার। এছাড়া বাফেলো'র বেইলি এভিনিউতে বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস ও অ্যালেগ্রা হোম কেয়ার ইনক এর নিজস্ব কার্যালয়ে তার সম্মানে সুধী সমাবেশ ও প্রীতিভোজের আয়োজন করে সন্দীপ অ্যালায়েন্স। আয়োজন তত্ত্বাবধান করেন অ্যালায়েন্সের সভাপতি সিরাজুদ্দৌলা বাবুল ও সাধারণ সম্পাদক জাফরুল ইসলাম জুয়েল। -প্রেস বিজ্ঞপ্তি।

পেরুর রাষ্ট্রপতির কাছে বাংলাদেশের রাষ্ট্রদূত আব্দুল মুহিতের পরিচয়পত্র পেশ

নিউইয়র্ক: দক্ষিণ আমেরিকার দেশ পেরুতে সমবর্তী রাষ্ট্রদূত হিসেবে পরিচয়পত্র পেশ করলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত মোহাম্মদ আব্দুল মুহিত। রাষ্ট্রদূত মুহিত পেরু প্রজাতন্ত্রের রাজধানী লিমায় ও পেরুর রাষ্ট্রপতির কার্যালয়-'গভর্মেন্ট প্যালেস'-এ গত ৮ ফেব্রুয়ারী রাষ্ট্রপতি ডিনা বলুয়ারটি'র কাছে তাঁর পরিচয়পত্র পেশ করেন। এ সময় রাষ্ট্রদূত মুহিত বাংলাদেশের রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দিন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে পেরুর রাষ্ট্রপতি ও জনগণকে শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে রাষ্ট্রদূত মুহিত বলেন, 'আমাদের অভিন্ন মূল্যবোধ এবং পারস্পরিক সুবিধার ভিত্তিতে বাংলাদেশ ও পেরুর মধ্যে বিদ্যমান বন্ধুত্বপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করার জন্য আমি যথাসাধ্য চেষ্টা করব'।

বাংলাদেশে সম্প্রতি অনুষ্ঠিত সাধারণ নির্বাচনের কারণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে নতুন মন্ত্রিসভা গঠনের কথা উল্লেখ করে রাষ্ট্রদূত মুহিত বলেন যে, দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক সম্প্রসারণের জন্য এটি উপযুক্ত মূহুর্ত। তিনি আরো উল্লেখ করেন যে, বাংলাদেশ ও পেরুর মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও গভীর করার বিপুল সম্ভাবনা রয়েছে, বিশেষ করে ব্যবসা-বাণিজ্য ও টেকসই উন্নয়নের ক্ষেত্রে। এছাড়া জাতিসংঘ ও বহুপাক্ষিক প্লাটফর্মের মাধ্যমে শান্তিরক্ষা, শান্তি বিনির্মাণ, জলবায়ু পরিবর্তন এবং সামাজিক ন্যায়বিচারের ক্ষেত্রে এক সঙ্গে কাজ করার সুযোগ রয়েছে। পেরুর রাষ্ট্রপতি ডিনা বলুয়ারটি রাষ্ট্রদূত মুহিতের সর্বাঙ্গীন মঙ্গল কামনা করেন এবং তার মেয়াদে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও সম্প্রসারিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।



পরিচয়পত্র উপস্থাপনের পর, রাষ্ট্রদূত মুহিত পেরুর পররাষ্ট্র মন্ত্রী জাভিয়ের গঞ্জালেজ-ওলেচিয়া ফ্রাঙ্কো, বাণিজ্য ও পর্যটন মন্ত্রী জুয়ান কর্লস ম্যাথিউস এবং সশস্ত্র বাহিনীর জয়েন্ট কমান্ডের প্রধান জেনারেল ডেভিড জুইলিরমো ওজেদাপ্যারা'র সাথে সাক্ষাৎ করেন। রাষ্ট্রদূত মুহিত এশিয়া ও ওশেনিয়া দপ্তরের মহাপরিচালক এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের অন্যান্য সরকারী কর্মকর্তাদের সঙ্গেও দ্বিপাক্ষিক বৈঠক করেন। এই বৈঠকে উভয় পক্ষ ব্যবসা-বাণিজ্য বাড়ানোর পাশাপাশি পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির সম্ভাব্য উপায় সম্পর্কে মতবিনিময় করেন। বিশেষ করে শান্তিরক্ষা এবং শান্তি বিনির্মাণে যেখানে বাংলাদেশ পেরুর সাথে জ্ঞান, অভিজ্ঞতা এবং প্রযুক্তি শেয়ার করতে পারে।

উল্লেখ্য, বাংলাদেশ সরকার সম্প্রতি পেরুর সশস্ত্র বাহিনীকে একটি রিমোটলি ওপারেটেড ভাইকেল (আরওভি) প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে যা MINUSCA (এমআইএনইউএসসিএ)-তে পেরুর শান্তিরক্ষীরা ব্যবহার করতে পারবে। আগামী এপ্রিলের কোনো এক সময় ঢাকায় এ হস্তান্তর অনুষ্ঠান হবে বলে আশা করা যায়।

পেরু কর্তৃপক্ষ দেশীয় ও বৈশ্বিক পর্যায়ে বাংলাদেশের উন্নয়ন এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বের প্রশংসা করেন। রাষ্ট্রদূত মুহিত উল্লেখ করেন যে, নিয়মিত দ্বিপাক্ষিক পরামর্শ, ব্যবসায়িক ও সাংস্কৃতিক বিনিময় এবং জনগণের মধ্যে যোগাযোগের মাধ্যমে দুই বন্ধুপ্রতিম দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক বাড়ানো যেতে পারে। দুই পক্ষই বাংলাদেশ ও পেরুর মধ্যে নিয়মিত রাজনৈতিক পরামর্শের জন্য দ্রুততার সাথে একটি প্রক্রিয়া সম্পন্ন করার বিষয়ে ঐক্যমত্য পোষন করেন। যেমন, বাংলাদেশ এবং পেরুর মধ্যে ফরেন অফিস কনসালটেশন (এফওসি), যা দুই বন্ধু প্রতীম দেশের মধ্যে সামগ্রিক দ্বিপাক্ষিক সহযোগিতার অগ্রগতির জন্য একটি প্ল্যাটফর্ম হতে পারে। রাষ্ট্রদূত মুহিত দুই দেশের মধ্যে উচ্চ পর্যায়ের সফর বিনিময়ের প্রস্তাব দেন। পেরুর রাষ্ট্রপতি ও গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের মন্ত্রীদের বাংলাদেশ সফরের জন্য আমন্ত্রণ জানান।

এ সময় রাষ্ট্রদূত মুহিতের সঙ্গে ছিলেন তার স্ত্রী রুবি পারভীন এবং জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের মিনিস্টার শাহানারা মনিকা। -প্রেস বিজ্ঞপ্তি।



TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Your Trusted Loan Officer For Life
OVER 22 YEARS EXPERIENCE
MORTGAGE BROKER/OWNER
718-415-5501
HOMECENTRAL CAPITAL
"If you don't call us, You're paying High Rates for sure!!!"
www.HelloHomeCentral.com | 718-507-LOAN (5626) | Email: HomeCentralCapital@gmail.com




মিজান চৌধুরী আহবায়ক, সৈয়দ আল আমীন রাসেল সদস্য সচিব

কমিউনিটি ইউনাইটেড ডেমোক্র্যাটিক ক্লাবের যাত্রা

নিউইয়র্ক (ইউএনএ): আমেরিকান রাজনীতির সাথে বাংলাদেশী কমিউনিটি সহ অন্যান্য কমিউনিটির **(বাকি অংশ ৩০ পাতায়)**

নিউইয়র্কে কিশোর গ্যাংয়ের গুলিতে হতাহত ৬

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কে একটি আন্ডারগ্রাউন্ট ট্রেনস্টেশনে কিশোর গ্যাংয়ের দুই পক্ষের মধ্যে বিরোধের জের ধরে গুলির ঘটনা ঘটেছে। **(বাকি অংশ ১৩ পাতায়)**

একস্লিপ

সালাহউদ্দিন আহমেদ

সালাহউদ্দিন আহমেদ: আগামী বুধবার অমর একুশে মহান শহীদ দিবস তথা আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। গভীর শ্রদ্ধা ভাষা শহীদদের। দিসবসটি স্মরণে দেশের ন্যায় প্রবাসেও ব্যাপক **(বাকি অংশ ২৯ পাতায়)**

বাড়ি ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে **(বাকি অংশ ২৯ পাতায়)**

অমর একুশে ঘিরে ব্যাপক কর্মসূচী গ্রহণ

নিউইয়র্কে স্থায়ী শহীদ মিনার প্রতিষ্ঠা কতদূর?



জ্যামাইকার হিলসাইড এভিনিউর, ১৬৮ স্ট্রীট ও হোমলোন স্ট্রীটের কর্নারের এই ট্রাইএঙ্গেলে (লিটল বাংলাদেশ এভিনিউ) স্থায়ী শহীদ মিনার নির্মানের দাবি উঠেছে। ছবি-বাংলা পত্রিকা

বাংলা পত্রিকা রিপোর্টঃ আগামী ২১ ফেব্রুয়ারী বুধবার অমর একুশে, মহান শহীদ দিবস তথা আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। প্রতিবছরের মতো এবছরও দিবসটি পালনে নিউইয়র্কে ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এজন্য বিভিন্ন সরকারী অফিস, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের উদ্যোগে চলছে নানা প্রস্তুতি। বিশেষ করে বাংলাদেশ সোসাইটি ইনক সহ সাস্কৃতিক **(বাকি অংশ ১৩ পাতায়)**

নিউইয়র্ক পুলিশের হাতে ইলিয়াস হোসেন গ্রেপ্তার



বাংলা পত্রিকা ডেস্ক: পালিয়ে থাকা বাংলাদেশী সাংবাদিক ইলিয়াস হোসেন নিউইয়র্কের জ্যাকসন হাইটস এলাকাতে ভিডিও করার পর থেকে তার খোঁজ শুরু করে নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট। তারপর থেকেই তিনি নিজের অবস্থান পরিবর্তন করছিলেন। **(বাকি অংশ ১৩ পাতায়)**

ফ্লোরিডায় এশিয়ান এক্সপো মেলা ২-৩ মার্চ


ফ্লোরিডা: বাংলাদেশ এসোসিয়েশন অব ফ্লোরিডার উদ্যোগে আগামী ২-৩ মার্চ সাউথ ফ্লোরিডা ফেয়ার গ্রাউন্ডে অনুষ্ঠিতব্য ২৮তম এশিয়ান এক্সপো উপলক্ষে মেলার প্রস্তুতি ও যাবতীয় কার্যাদি চূড়ান্ত করার লক্ষ্যে এক বিশেষ মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১৬ ফেব্রুয়ারী শুক্রবার সন্ধ্যায় মেলালুকাস্থ সংগঠনের নিজস্ব কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়। মেলার সদস্য সচিব এস আই জুয়েলের সঞ্চালনায় কনভেনর সঞ্জয় সাহার **(বাকি অংশ ১২ পাতায়)**

টাইম টিভি-বাংলা পত্রিকা'র কিরাত প্রতিযোগিতার

দ্বিতীয় পর্বে অর্ধশতাধিক প্রতিযোগির অংশগ্রহণ



বিশেষ প্রতিনিধি: পবিত্র রমজান উপলক্ষ্যে গত বছর আয়োজিত টাইম টিভি-বাংলা পত্রিকা'র কিরাত প্রতিযোগিতার সাফল্যের ধারাবাহিকতায় এবং কমিউনিটির চাহিদার ফলে চলতি বছরও দ্বিতীয়বারের মতো কিরাত প্রতিযোগিতার **(বাকি অংশ ৩০ পাতায়)**



হালের আত্মম্ভরী ও ক্ষমতাগর্বী

জাফর আহমাদ

পৃথিবীর ইতিহাসে আত্মম্ভরী ক্ষমতাগর্বী নমরুদের কথা সকলেরই জানা আছে। জুতার বাড়ি খেতে খেতে ইহলীলা ত্যাগ করেছিল। সেই লেংড়া মশা এখনো জীবিত আছে। **(বাকি অংশ ২৬ পাতায়)**

খেলার খবর

শিরোপা হাতে পেলেন সাগরিকারা



স্পোর্টস ডেস্ক: ফুটবল ফেডারেশনের মাঠে জিমের পেছনে একটি বোর্ড। সামনে খানিকটা **(বাকি অংশ ৩০ পাতায়**

হেলথ টিপস

শিমের বীচির উপকারিতা

বাংলা পত্রিকা ডেস্ক: অনেকের প্রিয় খাবার শিমের বীচি। নানা ধরনের মাছের সাথে তো খায়ই, শুঁটকির সাথেও তাদের খুবই প্রিয়। যারা এই **(বাকি অংশ ৩০ পাতায়)**

বিনোদন

ডিভোর্সের ঘোষণা চিত্রনায়িকা মাহি'র

বিনোদন ডেস্ক: বেশ কিছুদিন ধরে চিত্রনায়িকা মাহিয়া মাহির সংসার ভাঙনের গুঞ্জন শোনা যাচ্ছিল। অবশেষে তা বাস্তবে বলে নিশ্চিত হলো। গত ১৬ ফেব্রুয়ারী শুক্রবার রাতে নিজে একটি ভিডিও বার্তা দিয়ে তা নিশ্চিত **(বাকি অংশ ৩০ পাতায়)**


GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396



কন্যা রাইদার শারীরিক অবস্থার উন্নতি

অ্যাঞ্জেল-সাথী'র দাফন সম্পন্ন

নিউইয়র্ক: নিউইয়র্কে এক সড়ক দূর্ঘটনায় নিহত বাংলাদেশী হাফিজ আহমেদ অ্যাঞ্জেল ও সাথী আহমেদ দম্পতির মরদেহ লং আইল্যান্ডের ওয়াশিংটন (বাকি অংশ ৩০ পাতায়)

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
হজ্বব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 11416
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com